To—Viceroy of India, Simla

Now that the Treaty of Peace has been concluded, it only remains for me to express to Your Excellency, as the representative of Her Imperial Majesty, my sincere hope that the friendly relations now established between the two States may day by day increase

---

Telegram, dated 27th May 1879

From—Viceroy of India, Simla,
To—His Highness the Amir of Afghanistan

I HAVE received with sincere pleasure the news of the conclusion of peace between our two Governments, and Your Highness' friendly telegram I feel confident that the Treaty now signed will conduce to the mutual advantage of the two States, and to the consolidation of Your Highness' authority, and I shall always earnestly co-operate towards the fulfilment of the good wishes expressed by Your Highness, which I cordially reciprocate

By Order of His Excellency the Viceroy and Governor-General of India in Council,

A C LYALL,
Secy to the Govt of India,
Foreign Department

[*Government Gazette*, 17*th June* 1879.]

১০ নিয়ম।

স্বীয় বৈধ ক্ষমতার পুনঃপ্রাপ্তি ও সংরক্ষণ কার্য্যে মহামান্য আমীরের অধিকতর সাহায্যার্থে ও পূর্ব্বলিখিত নিয়মাবলীর কয়ার সম্পূর্ণরূপে কার্য্যে ফলবৎ করাইবার উদ্দেশে, ব্রিটিষ গবর্ণমেণ্ট মহামান্য আমীর ও তাঁহার উত্তরাধিকারিদিগকে বার্ষিক ছয় লক্ষ টাকা সাহায্যস্বরূপ দিতে স্বীকার করিলেন।

গণ্ডামকে অদ্য ১৮৭৯ সালের ২৬ মে অর্থাৎ ১২৯৬ হিজরী সনের আমাদিউসানি মাসের ৪ তারিখে এই সন্ধিপত্র হইল।

(স্বাক্ষর) আমীর মহম্মদ য়াকুব খাঁ।　　মোহর　　(স্বাক্ষর) এন, কাবাগ্নারী, মেজর,
বিশেষ কার্য্যোপলক্ষে রাজনৈতিক কার্য্যকারক।

(স্বাক্ষর) লিটন।

এই সন্ধিপত্র অদ্য ১৮৭৯ সালের ৩০ মে শুক্রবারে সিমলায় মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইয়াছে।

(স্বাক্ষর) এ, সি, লায়ল,
ফরিণ্ ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

তাড়িতবার্ত্তা, ১৮৭৯ সাল ২৬ মে।

প্রেরক—আফগানস্থানের আমীর মহম্মদ য়াকুব খাঁ।

গ্রহীতা—ভারতবর্ষের রাজপ্রতিনিধি, সিমলা।

সন্ধিপত্র হইয়া যাওয়াতে, এক্ষণে রাজরাজেশ্বরী শ্রীশ্রীমতী মহারাণীর প্রতিনিধি মহিমবর ভবৎপ্রতি আমার এই আন্তরিক আশাপ্রকাশ করণমাত্র অবশিষ্ট রহিয়াছে যে উভয় রাজ্যমধ্যে এক্ষণে যে মৈত্র সম্বন্ধ সংস্থাপিত হইল তাহার দিন২ যেন উপচয় হয়।

তাড়িতবার্ত্তা, ১৮৭৯ সাল ২৭ মে।

প্রেরক—ভারতবর্ষের রাজপ্রতিনিধি, সিমলা।

গ্রহীতা—আফগানস্থানের মহামান্য আমীর।

আমি আন্তরিক আনন্দসহকারে আমাদের উভয় গবর্ণমেণ্টের মধ্যে সন্ধিস্থাপনের সংবাদ ও মহামান্য আপনার মিত্রতাসূচক তাড়িতবার্ত্তা প্রাপ্ত হইয়াছি। আমার দৃঢ বিশ্বাস এই যে, এক্ষণে যে সন্ধিপত্র স্বাক্ষরিত হইল তাহাতে উভয় রাজ্যের মঙ্গল হইবে এবং মহামান্য আপনকার ক্ষমতা দৃঢ হইবে, এবং মহামান্য আপনি যে মঙ্গলময়ী ইচ্ছা প্রকাশ করিয়াছেন, তৎপ্রত্যর্পণে আমার আন্তরিক প্রবৃত্তি আছে, ও তাহা ফলবতী করিবার নিমিত্ত আমি সর্ব্বদা আগ্রহ সহকারে সহকারিতা করিব।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে,

এ সি, লায়ল,
ফরিণ ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৭ জুন।]

ৱিহান. 2082 ২০৮২.   [REGISTERED No. ৩০।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 24, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৪ জুন।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

FINANCIAL DEPARTMENT.

SEPARATE REVENUE—POST OFFICE

Simla, the 13th June 1879

No 1235 —In exercise of the power conferred by Section 20 of the Indian Post Office Act, 1866, the Governor-General in Council authorises, with effect from 1st July 1879, the transmission by letter post within the limits of British India of Inland Post-cards bearing embossed stamps of 1¼ anna each, subject to the condition printed on each card, namely, that the address only shall be written on the front or stamped side of the card

Inland Post-cards may be registered in the same way as paid letters, and in all other respects they will be treated by the Post Office as paid letters

R B CHAPMAN,
Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS —RAILWAY

Simla, the 11th June 1879

No 25 —In exercise of the power conferred by Section 53 of Act IV of 1879, the Indian Railway Act, 1879, the Governor-General in Council is pleased to declare that each of the following Governments and authorities shall be deemed to be, for the purposes of the said Act, the local Government in respect to such portions of Railways as are situated within the territories administered by them respectively —

The Governor of Fort St George in Council
The Governor of Bombay in Council
The Lieutenant-Governor of Bengal
The Lieutenant Governor of the North Western Provinces and Chief Commissioner of Oudh
The Lieutenant-Governor of the Punjab
The Chief Commissioner of British Burmah
The Chief Commissioner of the Central Provinces
The Chief Commissioner of Assam
The Agent to the Governor-General, Rajpootana

ALEX FRASER *Major-Genl, R E*
Secy to the Govt of India

ফিনানশ্যাল ডিপার্টমেণ্ট।

স্বতন্ত্র রাজস্ব।—ডাকঘর বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ১৩ জুন।

১২৩১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় ডাকঘর বিষয়ক ১৮৬৬ সালের আইনের ২০ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, ইণ্ডিয়ান পোষ্ট কার্ডের উপর মুদ্রিত নিয়মের অধীনে যথা উক্ত কার্ডের সম্মুখপৃষ্ঠে নাম অর্থাৎ যে পৃষ্ঠে ইষ্টাম্প করা আছে সেই পৃষ্ঠে নাম ও ঠিকনা মাত্র লিখিয়া ১৮৭৯ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি এক পয়সা মূল্যের ছাপ করা ইষ্টাম্পযুক্ত উক্ত প্রত্যেক কার্ড ব্রিটিশ ভারতবর্ষের সীমার মধ্যে পত্রের ডাকে পাঠাইবার অনুমতি দিলেন।

মাসুল দেওয়াপত্র যেরূপে রেজিষ্টরী করা যায় ইণ্ডিয়ান পোষ্ট কার্ডও তদ্রূপ রেজিষ্টরী করা যাইতে পারিবে ও অন্যান্য বিষয়ে তাহা মাসুল দেওয়া পত্রের ন্যায় জ্ঞান করিয়া ব্যবহার করা যাইবে।

আর, বি, চাপমান,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওরকস ডিপার্টমেণ্ট।

রেলওয়ে বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ১ জুন।

৭৫ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৭৯ সালের ৪ আইনের ৫১ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, তদনুসারে কার্য্য করিয়া তিনি পশ্চাল্লিখিত প্রত্যেক গবর্ণমেণ্টের ও কর্তৃপক্ষের শাসিত দেশের মধ্যে রেলওয়ের যে অংশ আছে তৎসম্পর্কে উক্ত আইনের কার্য্য পক্ষে তাঁহাদিগকে স্থানীয় গবর্ণমেণ্ট বলিয়া জ্ঞান করিবার আদেশ করিলেন।

ফোর্ট সেণ্ট জর্জের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেব।
বোম্বাইয়ের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেব।
বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব।
উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর ও অযোধ্যার প্রধান কমিশনর সাহেব।
পঞ্জাবের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব।
ব্রিটিশ ব্রহ্মদেশের প্রধান কমিশনর সাহেব।
মধ্য প্রদেশের প্রধান কমিশনর সাহেব।
আসামের প্রধান কমিশনর সাহেব।
রাজপুতনায় শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এজেণ্ট সাহেব।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর জেনরল, আর ই
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Regd. 2083 ২০৮৩ [REGISTERED No. 30]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 1, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১ জুলাই।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS —Public

Fort William, the 6th March 1879

No 518 —In continuation of Notification No 9, dated 2nd January 1879, the following revised edition of the notification and rules made by the Governor-General in Council under "The Indian Arms Act, 1878," is published The revised rules will take effect from the date of publication The forms cited in these rules are precisely the same as those previously published —

1 —The Governor-General in Council is pleased, under section 27, to exempt from the operations of all prohibitions and directions contained in sections 13, 14, 15, and 16 of "The Indian Arms Act, 1878," other than those referring to cannon, articles designed for torpedo service, war-rockets, and machinery for the manufacture of arms and ammunition, the under-mentioned persons, namely,—

(1) all Maharajahs, Rajahs, Nawabs, Members of any order of Knighthood, all persons bearing a title conferred by the Government of India, all persons who have been granted a sword in public Durbar, all persons who received certificates on 1st January 1877, all persons who are exempted from personal attendance at civil courts,

(2) all Members or ex Members of the Council of the Governor-General, or of the Governors of Madras or Bombay, or of the Council of the Lieutenant-Governor of Bengal,

(3) all military and naval officers, all soldiers, sailors, volunteers, police officers, forest officers, postal officers, jail officers, serving the Government,

(4) all Magistrates, Justices of the Peace, Honorary Magistrates, and judicial officers of or above the rank of Munsif,

(5) all European and East Indian subjects of her Majesty the Queen-Empress, all Armenians, and all Americans and Europeans not British-born subjects of Her Majesty who are temporarily residing or travelling in India,

(6) all Consuls, Consular Agents, all duly accredited Vakeels or Agents of Native States,

(7) all Ruling Chiefs on the occasions of their entering, or residing in, British India, with their retinues, to such numbers as may in each case be settled by the political officer under the orders of the Foreign Department or of the Madras and Bombay Governments in respect to Chiefs whose political relations are with those Governments respectively, and all officials of such Chiefs passing through British India on duty,

(8) all pensioned officers of the Native Army, and pensioned officers of the civil departments who, when employed, were exempt,

(9) the following personages and their retainers—

(a) the ancient zemindars and poligars of the Madras Presidency,

(b) the Deccan and Southern Mahratta Sirdars,

(c) the Maharajah of Bulrampore, K.C.S.I.,
the Maharajah of Benares,
the Rajah of Gursahai;
the Rajah of Jagmanpore,
the Rao of Gopalpura,

(d) the great Sirdars and Jagirdars of the Punjab,

(e) the zemindars of the scheduled districts in the Central Provinces,

(f) the great zemindars of Bengal,

subject to such orders as the respective Local Governments may issue regarding personages to be included in these categories, or the numbers retainers in each case,

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন—সাধারণ।

৫১৮ নম্বর।

ফোর্ট উলিয়ম, ১৮৭৯ সাল ৬ মার্চ।

১৮৭৯ সালের ২ জানুয়ারি তারিখের ৯ নম্বর জ্ঞাপনপত্রের অনুক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক ভারতবর্ষীয় অস্ত্র বিষয়ক ১৮৭৮ সালের আইনমতে প্রণীত জ্ঞাপনপত্র ও বিধির নিম্নলিখিত সংশোধিত সংস্করণ প্রকাশ করা যাইতেছে। সংশোধিত বিধি প্রকাশ হইবার তারিখ অবধি প্রচলিত হইবে। এই বিধির উল্লিখিত পাঠ গুলি পূর্ব্ব প্রণীত পাঠের অবিকল সদৃশ।

১। ভারতবর্ষীয় অস্ত্র বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৩ ও ১৪ ও ১৫ ও ১৬ ধারায় কামান ও টরপিডোর নিমিত্তে প্রয়োজনীয় দ্রব্যাদি ও যুদ্ধের হাউই ও অস্ত্র ও বারুদাদি প্রস্তুত করণার্থে যেং যন্ত্রের প্রয়োজন তৎসম্পর্কে যে নিষেধ ও বিধি আছে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব উক্ত আইনের ২৭ ধারামতে তদ্ভিন্ন সমস্ত নিষেধ ও বিধির বাধা হইতে নিম্নলিখিত ব্যক্তিদিগকে মুক্ত করিলেন।

(১) মহারাজা ও রাজা ও নবাব ও কোন শ্রেণীর নাইট পদবী প্রাপ্ত ব্যক্তি, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের প্রদত্ত উপাধি বিশিষ্ট ব্যক্তি, সাধারণ দরবারে যাঁহাদিগকে তরবারি দেওয়া গিয়াছে, ১৮৭৭ সালের জানুয়ারি মাসের ১ তারিখে যাঁহারা প্রশংসা-পত্র লাভ করিলেন, যাঁহারা দেওয়ানী আদালতে স্বয়ং প্রবেশন হইতে মুক্ত হইয়াছেন।

(২) শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা মান্দ্রাজ কি বোম্বাইর গবর্ণর সাহেবদের কি বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার বর্ত্তমান কি ভূতপূর্ব্ব সভ্য।

(৩) গবর্ণমেণ্টের অধীনে নিযুক্ত সৈনিক ও সামুদ্রিক কর্ম্মকারকগণ, সৈনিক ও নাবিক ও বলণ্টীয়ার ও পোলীসের ও বন বিভাগের ও ডাকবিভাগের ও জেলের কর্ত্তৃপক্ষগণ।

(৪) মাজিষ্ট্রেট সাহেবেরা, শান্তি রক্ষার্থ জষ্টিসেরা, অবৈতনিক মাজিষ্ট্রেটেরা ও বিচার কার্য্যে নিযুক্ত মুনসেফ কি তদূর্দ্ধতন শ্রেণীর কর্ম্মচারী।

(৫) শ্রীশ্রীমতী মহারাণী ভারতাধীশ্বরীর ইউরোপীয় ও ইষ্টইণ্ডিয়ান প্রজা, ও আর্ম্মিনি, ও আমেরিকা ও ইউরোপ দেশীয় যে ব্যক্তিরা শ্রীশ্রীমতীর ব্রিটনীয় প্রজা না হইয়াও যৎকালের নিমিত্তে ভারতবর্ষে বাস বা ভ্রমণ করেন।

(৬) বনসল ও কনসুলার এজেণ্ট ও দেশীয় রাজ্যের উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত উকিল কি এজেণ্ট।

(৭) দেশশাসনকারি রাজন্যবর্গ—ও তাঁহাদের অনুচরেরা যৎকালে ব্রিটিশ ভারতবর্ষে প্রবেশ কি বাস করেন; শেষোক্ত ব্যক্তিদের সংখ্যা ফরিন ডিপার্টমেণ্ট কর্ত্তৃক কিম্বা রাজনীতিবিষয়ে যে রাজারা মান্দ্রাজ কি বোম্বাইর গবর্ণমেণ্টের সহিত সংস্রব রাখেন তাঁহাদের পক্ষে ঐং গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত রাজনৈতিক কর্ম্মচারি কর্ত্তৃক প্রত্যেক স্থলেই স্থির করা যাইবে, ও তদ্রূপ রাজাদের কর্ম্মচারী রাজকর্ম্মোপলক্ষে যৎকালে ব্রিটিশ ভারতবর্ষের মধ্যদিয়া গমন করেন।

(৮) দেশীয় সৈনিক দলের পেনশ্যানপ্রাপ্ত কর্ম্মকারকেরা ও সিবিল কার্য্যবিভাগে পেনশ্যানপ্রাপ্ত যে কর্ম্মকারকেরা কর্ম্মকরণ কালে এই আইনের বিধান হইতে মুক্ত ছিলেন।

(৯) নিম্নলিখিত সম্ভ্রান্তব্যক্তিগণ ও তাঁহাদের অনুচরেরা,

(ক) মান্দ্রাজ প্রেসিডেন্সার অন্তর্গত বুনিয়াদি জমাদার ও পলিগার

(খ) দক্ষিণাপথের ও দক্ষিণ মহারাষ্ট্র দেশীয় সর্দ্দার,

(গ) বলরাম পুরের মহারাজ, কে, সি, এস, আই,

(ঘ) বারাণসীর মহারাজা,
গড় সহরের রাজা,
ভগমনপুরের রাজা,
গোপালপুরের রাও,

(ঙ) পঞ্জাবের বড়২ সর্দ্দার ও জায়গীরদারেরা,

(চ) মধ্য প্রদেশের অন্তর্গত জবলপুরে লেখা জিলা সমূহের জমীদারেরা,

(ছ) বঙ্গদেশের বড়২ জমীদারেরা,

পরন্তু তাঁহারা স্থানীয় প্রত্যেক গবর্ণমেণ্ট এইং শ্রেণীর মধ্যে ধর্ত্তব্য ব্যক্তিগণ সম্বন্ধে কি প্রত্যেক স্থলে তাঁহাদের অনুচরদের সংখ্যা সম্বন্ধে যে আদেশ করেন তাহার অধীন হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১২ জুলাই।]

(10) landholders and members of Municipal Committees of approved loyalty and of good position, according to lists that may from time to time be issued by the respective Local Governments,

(11) all heads of villages, ghatwals, dighwars, and other rural police,

(12) all Thoogyes, Yazawut-goungs, Kyadangees in British Burma,

(13) all persons of Coorg race, and all jumma tenure-holders in Coorg who by their tenures are liable for police and military duties,

(14) all subjects of the Baroda State who may transport arms or ammunition from one part of Baroda territory to another part of the same territory, under a license granted by the Resident or Assistant Resident of Baroda,

(15) all revenue officials and postal runners in frontier or wild districts, where the superior departmental officers direct them to carry arms on duty

II —The Governor-General in Council is pleased, under section 27, to exclude from the operation of any prohibition and direction contained in the Act—

(a) spears of all kinds, so far as regards the Presidency of Madras,

(b) weapons known as kukris and dhaos, so far as regards the Lieutenant-Governorship of Bengal,

(c) weapons known as dhars, so far as regards the Chief Commissionership of British Burma,

(d) swords, daggers, spears, kúkris, dhaos, so far as regards the Chief Commissionership of Assam,

(e) bows and arrows, and

(f) spears of all kinds in Bengal, so far as regards districts or parts of districts which the Local Government may declare to come within this exemption

III —The Governor General in Council is pleased, under section 27, to withdraw from the operation of prohibitions and directions contained in the Act certain tracts as follows

(a) all scheduled districts in the Madras Presidency from all prohibitions and directions, save in respect to rifled arms and cannon, and except those directions contained in sections 12 and 25,

(b) the Chittagong Hill Tracts of Bengal from the prohibitions and directions contained in sections 13 and 14,

(c) all scheduled districts in the Lieutenant-Governorship of the Punjab, except Hazara, and also certain tracts and villages on the Hazara frontier specially notified by the Local Government from all prohibitions and directions contained in sections 13 and 14,

(d) the Arracan Hill Tracts of British Burma from the prohibitions and directions contained in sections 13 and 14, and

(e) in the North-Western Provinces the districts of the Jhansi Division and the parts of the Mirzapore District on the right bank of the River Sone, from the prohibitions and directions contained in section 14

IV —The Governor-General in Council is pleased to extend the prohibitions and directions regarding military stores as follows —

(a) to sulphur in quantities above ten seers, all sections of the Acts to all parts of India,

(b) to saltpetre and lead, sections 6, 10, 11, 12, 17, 19—28, in all districts on the external land frontier of British India, and in the seaboard districts of British Burma

V —The Governor-General in Council is pleased, under Section 11, to sanction the establishment of searching stations, under section 11, at—

(a) the land customs-houses near the boundary line between British India and the French Settlements on the Eastern and Western coasts and the Portuguese Settlements on the Western coast,

(b) Allanmyo near the external boundary line between British India and the Kingdom of Upper Burma

[*Government Gazette*, 1*st July* 1879]

(১০) স্থানীয় প্রত্যেক গবর্ণমেন্ট সময়েং পরীক্ষিত রাজভক্তি বিশিষ্ট ও সম্বন্ধ ভূম্যধিকারিদের ও মুনিসিপল কমিটীর সভ্যদের যে তালিকা প্রস্তুত করেন তদুল্লিখিত ব্যক্তিরা।

(১১) গ্রামের মণ্ডল ও ঘাটোয়াল ও দিঘোয়ার ও গ্রামপোলীসের অন্য কর্ম্মকারকেরা।

(১২) ব্রিটিষব্রহ্মদেশের থুগী ও যজবৎ গজ ও ক্যাদাজীরা।

(১৩) কুর্গজাতীয় ব্যক্তিরা ও কুর্গের অন্তর্গত যে যোৎদারেরা যোৎ ভোগ হেতুক পোলীস ও সামরিক কার্য্য করিতে বাধ্য হন তাঁহারা।

(১৪) বরদা রাজ্যের যে প্রজারা তত্রস্থ রেসিডেন্ট কি আসিষ্টান্ট রেসিডেন্ট সাহেবের নিকট লাইসেন্স লইয়া উক্ত রাজ্যের একস্থানহইতে অন্য স্থানে অস্ত্র কি বারুদাদি প্রেরণ করিতে পারেন।

(১৫) সীমা ক্রান্তস্থিত কি ন্ম প্রধান যে সকল জিলায় কার্য্যবিভাগীয় উপবিতন কার্য্যকারকদের আজ্ঞানু গত রাজকার্য্যোপলক্ষে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারিরা ও ডাক হরকরারা অস্ত্রাদি লইয়া ভ্রমণ করিতে পারেন।

২।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ২৭ ধারামতে আইনের লিখিত সমস্ত নিষেধ ও বিধির কার্য্য হইতে নিম্নলিখিত অস্ত্রাদি মুক্ত করিলেন।

(ক) মান্দ্রাজ প্রেসিডেন্সীর মধ্যে সকল প্রকার বর্শা,

(খ) বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের মধ্যে কুক্রী ও দাও নামে খ্যাত অস্ত্র।

(গ) ব্রিটিষ ব্রহ্মদেশের প্রধান কমিশ্যনর সাহেবের শাসনাধীন দেশের মধ্যে ধরনামে খ্যাত অস্ত্র।

(ঘ) আসামের প্রধান কমিশ্যনর সাহেবের শাসনাধীন দেশের মধ্যে তরবারি ও ছোরা ও বর্শা ও কুক্রী ও দাও,

(ঙ) তীর ও ধনুক, ও

(চ) স্থানীয় গবর্ণমেন্ট যে সমস্ত জিলা কি জিলার অংশ এই বিধানের অন্তর্গত বলিয়া প্রকাশ করেন তৎ সম্পর্কে বঙ্গদেশের মধ্যে সকল প্রকার বর্শা।

৩। মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ২৭ ধারামতে আইনের লিখিত সমস্ত নিষেধ ও বিধির কার্য্য হইতে নিম্নলিখিত দেশখণ্ড মুক্ত করিলেন।

(ক) রাইফল অস্ত্রাদি ও কামান সম্বন্ধে যে নিষেধ ও বিধি আছে তাহার ও ১২ ও ২৫ ধারার লিখিত আদেশ ভিন্ন অন্য সকল নিষেধ ও বিধির কার্য্য হইতে মান্দ্রাজ প্রেসিডেন্সীর অন্তর্গত তফসীলের লেখা সমস্ত জিলা,

(খ) ১৩ ও ১৪ ধারার লিখিত নিষেধ ও বিধির কার্য্য হইতে বঙ্গদেশের অন্তর্গত চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশ,

(গ) ১৩, ১৪ ধারার লিখিত নিষেধ ও বিধির কার্য্য হইতে পঞ্জাবের লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অধীন হাজরা ভিন্ন তফসীলে লেখা সমস্ত জিলার ও হাজারার সীমাঞ্চলস্থিত যেং স্থান ও গ্রাম সম্বন্ধে স্থানীয় গবর্ণমেন্ট বিশেষমতে জ্ঞাপনপত্র প্রকাশ করেন।

(ঘ) ১৩ ও ১৪ ধারার লিখিত নিষেধ ও বিধির কার্য্য হইতে ব্রিটিষ ব্রহ্মদেশের অন্তর্গত আরাকানের পর্ব্বতীয় প্রদেশ।

(ঙ) ১৪ ধারা লিখিত নিষেধ ও বিধির কার্য্যহইতে উত্তর পশ্চিম প্রদেশের বাসি গণের অন্তর্গত জিলা সমূহ ও মির্জাপুর জিলার যেং অংশ সোননদের দক্ষিণতটে অবস্থিত।

৪।—মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যুদ্ধ সামগ্রী সম্পর্কীয় নিষেধ ও বিধি পশ্চাৎ লিখিত দ্রব্যের প্রতিও বর্ত্তাইলেন।

(ক) গন্ধক দশ সেরের অধিক পরিমাণে হইলে, ভারতবর্ষের সমস্ত অংশে আইনের সমস্ত ধারা।

(খ) সোরা ও শীশা ব্রিটিষ ভারতবর্ষের স্থলভাগের বাহ্য সীমাক্রান্তস্থিত সকল জিলায় ও ব্রহ্ম দেশের সমুদ্র কূলস্থিত জিলায় ৬ ও ১০ ও ১১ ও ১২ ও ১৭ ও ১৯ অবধি ২৮ ধারা।

৫।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১১ ধারাক্রমে নিম্নলিখিত স্থানে উক্ত ধারা মত অনুসন্ধানের আজ্ঞা স্থাপনের অনুমোদন করিলেন,

(ক) ব্রিটিষ ভারতবর্ষ ও পূর্ব্ব ও পশ্চিম উপকূলস্থিত ফরাসী ও পশ্চিম উপকূলস্থিত পোর্ত্তুগিস উপনিবেশের মধ্যগত সীমার রেখার নিকটস্থ স্থলভাগের কস্টমহাউসে।—

(খ) ব্রিটিষ ভারতবর্ষ ও উত্তর ব্রহ্মরাজ্যের মধ্যগত বহির্দ্দিকস্থ সীমার রেখার নিকট স্থল স্থিত নাকা স্থানে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১ জুলাই।]

The Governor-General in Council is pleased, under section 9, to direct that at the said land customs-houses the duty specified in the second Schedule shall be levied

VI.—The Governor-General in Council is pleased, under section 17, to make the following rules determining the officers by whom, the form in which, and the terms and conditions on and subject to which licenses shall be granted :—

RULES

TRANSPORT, IMPORT, AND EXPORT

1. No cannon, articles designed for torpedo service, war-rockets, or machinery for the manufacture of arms and ammunition, shall be imported into British India, or transported over any part of British India without a license granted by the Governor-General in Council under the signature of the Secretary to the Government of India in the Home Department. The license shall be in Form I appended to these rules, and a copy shall be at once communicated to the Magistrate of the district, or to the Political Officer of the State, to which the articles are consigned

2. No arms, or ammunition, or military stores, shall be transported in any part of British India without a license in Form II appended to these rules If the articles are despatched from Calcutta, Madras, or Bombay, the license will be granted by the Commissioner of Police, in all other cases the license will be granted by the Magistrate of the district If the articles are to be consigned to a place beyond the jurisdiction of the officer granting the license, the consent of the Magistrate of the district to which the consignment is made must be obtained before the license is issued Such consent may be obtained by the person applying for the license, or the Police Commissioner, or District Magistrate to whom application for the license is made, may forward the proposed license to the officer whose consent is required, and on receiving reply should either issue the license to the applicant, or inform him that his application for a license to transport arms, &c , had been refused

3. Persons lawfully entitled to possess arms, or to go armed, are permitted to transport in any part of British India, arms or ammunition in reasonable quantities for their own use Any person abusing this exemption and transporting such articles otherwise than in reasonable quantities for his own use will be held to have contravened this rule, and will, on conviction, become liable to the penalties under sections 18 and 19

4. A license to transport arms or ammunition or military stores is void if the consignment breaks bulk at any place short of the district for which it may be granted A license to transport shall ordinarily not be made valid for more than twice the period actually required for the conveyance of the articles to their destination by the intended route

5. No license shall be granted, save by the special order of the Governor-General in Council certified under the signature of the Secretary to the Government of India in the Home Department for the importation into British India by sea or river or land, or for exportation from British India by sea, of any cannon, or of any rifles except rifles of such quality or in such quantity as may reasonably be held to be intended for *bonâ fide* sporting purposes

6. Licenses to import or export arms, other than cannon or rifles not excepted as in the next foregoing rule, ammunition or military stores by sea, may be granted at the ports of Calcutta, Madras, Bombay, Rangoon, Calicut, Kurrachee, Aden, and for no other ports They shall be granted by the Commissioners of Police in respect of each Presidency Town, and by the Magistrate of the district in respect of Rangoon and Kurrachee The fee payable in respect of each such license shall be ten rupees, and the licenses shall be in the Forms III and IV appended to these rules It shall be a condition of such licenses that the arms and ammunition imported shall either be deposited in a warehouse sanctioned in this regard under Section 7 of the Indian Arms Acts or that they shall be at once despatched to their destination under a separate license to transport

7. Licenses to export arms or ammunition or military stores by land or by river to any place beyond the frontier of British India, or to any place within the limits of the feudatory State and licenses to import arms or ammunition or military stores into, or to export the

মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ৯ ধারামতে উক্ত কষ্টম হাউসে দ্বিতীয় তফসীলের লিখিত মাশুল আদায় হইবার আজ্ঞা করিলেন।

৬।—যে কর্ত্তৃপক্ষদের দ্বারা, যে পাঠে ও যেং করার ও নিয়মাধীনে লাইসেন্স দেওয়া যাইবে মন্ত্রি-সভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক ১৭ ধারামতে তন্নির্ণায়ক নিম্নলিখিত বিধি প্রণীত হইল।

বিধি।—

চালান ও আমদানী ও রপ্তানী বিষয়ক।—

১।—হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের নিকট লাইসেন্সপত্র না পাইলে কামান কি টরপিডো নিমিত্তে প্রয়োজনীয় দ্রব্যাদি কি যুদ্ধের কাউই কি অস্ত্র ও বারুদাদি প্রস্তুত করণার্থে যন্ত্রাদি ব্রিটিষ ভারতবর্ষে আমদানী কি তাহার কোন অংশ দিয়া চালান করা যাইবে না। এই বিধি সংযুক্ত ১ নং পাঠে লাইসেন্স-পত্র লেখা যাইবে ও যে জিলায় কি রাজ্যে উক্ত দ্রব্যাদি চালান করা যায় তাহার মাজিষ্ট্রেট কি রাজনীতি সংক্রান্ত কর্ম্মকারকের নিকট অবিলম্বে ঐ পত্রের নকল পাঠাইতে হইবে।

২। এই বিধি সংযুক্ত ২ নং পাঠ লিখিত লাইসেন্স না পাইলে অস্ত্র কি বারুদাদি কি যুদ্ধসামগ্রী ভারতবর্ষের কোন অংশে চালান করা যাইবে না। কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই হইতে পাঠান গেলে পোলীসের কমিশ্যনর সাহেব লাইসেন্স দিবেন ও অন্যান্য স্থলে জিলার মাজিষ্ট্রেট সাহেব। লাইসেন্স দায়ি কর্ম্মকারকের এলাকার বাহির কোন স্থানে উক্তদ্রব্যাদি পাঠাইতে হইলে লাইসেন্স দিবার পূর্ব্বে যে জিলায় তাহা পাঠান যাইবে সেই জিলার মাজিষ্ট্রেটের সম্মতি লওয়া অবশ্যক।

লাইসেন্স প্রার্থনাকারি ব্যক্তি ঐ সম্মতি লইতে পারিবেন অথবা পোলীসের যে কমিশ্যনর কি জিলার যে মাজিষ্ট্রেটের নিকট লাইসেন্স প্রার্থনা করা যায় তিনিই প্রস্তাবিত লাইসেন্সপত্রে যাঁহার সম্মতি আবশ্যক তাঁহার নিকট পাঠাইয়া দিতে পারিবেন ও প্রত্যুত্তর পাইলে প্রার্থনাকারিকে লাইসেন্স দিবেন অথবা অস্ত্রাদি চালান করণার্থে তাঁহার যে প্রার্থনাপত্র অগ্রাহ্য করা গেল জানাইবেন।

৩।—যাঁহাদিগের আইনমতে অস্ত্রাদি নিকটে রাখিবার কি অস্ত্রধারী হইয়া ভ্রমণ করিবার অধিকার আছে তাঁহারা নিজ ব্যবহারার্থে যুক্তিসঙ্গত পরিমাণের অস্ত্র কি বারুদাদি ভারতবর্ষের যে কোন স্থানে চালান করিবার অনুমতি পাইলেন। কোন ব্যক্তি এই মুক্তি বিধানের অপব্যবহার করিয়া নিজ ব্যবহারার্থে যুক্তি সঙ্গত পরিমাণের ভিন্ন উক্ত দ্রব্যাদি চালান দিলে, তিনি এই বিধি লঙ্ঘন করিলেন বলিয়া জ্ঞান করা যাইবে ও অপরাধ নির্ণীত হইলে ১৮ ও ১৯ ধারামতে তাঁহার দণ্ড হইবে।

৪। অস্ত্র ও বারুদাদি ও যুদ্ধসামগ্রী যে জিলায় চালান করিবার নিমিত্তে লাইসেন্স দেওয়া যায় তদ্দূর না যাইয়া ঐ চালানের দ্রব্য খুলিলে ঐ লাইসেন্স অসিদ্ধ হইবে। উক্ত দ্রব্যাদি কোন প্রস্তাবিত পথদিয়া নির্দ্দিষ্ট স্থানে পাঠাইতে প্রকৃত পক্ষে যে সময় লাগে তাহার দ্বিগুণ সময়ের অধিক কোন কালের নিমিত্তে সাধারণতঃ চালান দেওনার্থে লাইসেন্স প্রবল করা যাইবে না।

৫। যে প্রকারের ও যে পরিমাণের রাইফল প্রকৃত প্রস্তাবে শীকার কার্য্যের নিমিত্তে অভিপ্রেত বলিয়া জ্ঞান করা যাইতে পারে তদ্ভিন্ন কামান কি অন্য কোন প্রকারের রাইফল হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাপত্র না পাইলে সমুদ্র কি নদী কি স্থল পথে ব্রিটিষ ভারতবর্ষে আমদানী করিবার কি তথা হইতে সমুদ্র পথে রপ্তানী করিবার নিমিত্তে লাইসেন্স দেওয়া যাইবে না।

৬। পূর্ব্ব ধারার বর্জ্জিত কামান ও রাইফল ভিন্ন অন্য অস্ত্রাদি কি বারুদাদি কি যুদ্ধ সামগ্রী সমুদ্র পথে আমদানী কি রপ্তানী করণার্থে কেবল কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই ও রাঙ্গুন ও কালিকট ও করাচী ও এডেন ভিন্ন অন্য কোন বন্দর কি বন্দরের নিমিত্তে লাইসেন্স দেওয়া যাইতে পারিবে না। রাজধানীতে হইলে পোলীসের কমিশ্যনর সাহেবেরা ও রাঙ্গুন ও করাচী সম্পর্কে ঐ২ জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা লাইসেন্স দিবেন। তদ্রূপ প্রত্যেক লাইসেন্স নিমিত্তে দশটাকা ফী দিতে হইবে ও তাহা এই বিধি সংযুক্ত ৩ ও ৪ নং পাঠে লেখা যাইবে। ভারতবর্ষে যে অস্ত্র ও বারুদাদি আমদানী করা যায় তাহা উক্ত লাইসেন্সপত্রের নিয়মাধীনে অস্ত্রবিষয়ক আইনের ৭ ধারামতে এই কার্য্য পক্ষে যে গুদাম ঘরে রক্ষা করিবার অনুমতি আছে তথায় রক্ষা করা যাইবে কিন্তু চালান দিবার স্বতন্ত্র লাইসেন্সের বলে উদ্দিষ্ট স্থানে এক কালে পাঠান যাইবে।

৭। স্থল কি নদীপথে ব্রিটিষ ভারতবর্ষের সীমার বাহিরের কোন স্থানে কি করদ রাজ্যের [illegible] মধ্যগত কোন স্থানে অস্ত্র কি বারুদাদি কি যুদ্ধ সামগ্রী রপ্তানী করিবার নিমিত্তে ও আজমীর জিলায় তাহা আমদানী কি তথা হইতে তাহা রপ্তানী করণার্থে ফরিন ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১ জুলাই।]

same out of, the district of Ajmere, may be granted by the Secretary to the Government of India in the Foreign Department, or by any other officer specially empowered by the Government of India to grant them

Licenses to export arms or ammunition or military stores by land or by river to any place within the political jurisdiction of the Governments of Madras and Bombay may be granted by the Secretaries to the Governments of Madras and Bombay respectively, copies of such licenses being sent to the Foreign Department of the Government of India for information These licenses will be valid only for the State named in them, and no export beyond the limits of that State can be permitted under them

Licenses granted under this rule will be prepared in Form V, and be charged with a fee of rupees five

8 Persons desirous of transporting arms, ammunition, or military stores must apply in writing to the officer authorized to grant transport licenses from the place of despatch. The application must specify—

(a) the place to which the articles are to be transported, the route of transport, and the probable time occupied in the journey,

(b) the quantity, description, average price, and the purpose of each kind of arms or ammunition, or

(c) whether the applicant desires that the officer to whom he applies should obtain the consent of the Magistrate or Political Officer of the place of consignment [if the applicant has obtained such consent, the evidence of such consent must be produced]

9 Persons transporting arms, ammunition, or military stores under a license must write legibly on the cases or packages containing such articles on account of their contents

10 Within six days of the articles reaching their destination the consignee must deliver the transport license to the Magistrate of the district, or to the Political Officer, and, in the case of articles crossing the external frontier of British India, to the Magistrate of the district where the consignment crosses the external frontier The officer to whom the transport license shall be delivered must satisfy himself that the articles transported to his district correspond with the entries in the pass, and that any deficiency is properly accounted for.

MANUFACTURE AND SALE

11 Licenses to manufacture, convert, keep and sell arms or ammunition or military stores, may be granted by Commissioners of Police in the Presidency Towns, and by the Magistrate of the district outside those towns They shall be in Forms VI and VII appended to these rules The fee payable in stamps shall be twenty rupees in respect of licenses to manufacture and sell, &c, and ten rupees in respect of licenses to keep and sell, &c Every license-holder under this rule shall keep, in such form as the Local Government may from time to time direct, a record and account of all stock, and of all sales of arms and ammunition or sulphur, which he may keep or sell He shall exhibit his stock and his record, or accounts, of stock and sales to any Magistrate, or to any police officer not below the rank of Inspector Magistrates and all police officers not below the rank of Inspector are hereby empowered to enter and inspect any premises within their several jurisdictions in which arms or ammunition or sulphur are manufactured or kept, and to examine the stock and accounts of receipts and sales of arms, ammunition, and military stores Any person licensed to sell arms and ammunition shall affix a board on a conspicuous part of his shop, or usual place of business, and shall cause to be painted thereon in large letters, in English, or in the vernacular of the district, his name and the words "licensed to manufacture," or "licensed to deal in arms, ammunition and military stores," as the case may be He shall also have a copy of section 28 of the Indian Arms Act posted up in the vernacular of the district or in English on some conspicuous part of his usual place of business.

[*Government Gazette*, 1st *July* 1879]

সেক্রেটরী সাহেব কি এই কার্য্য পক্ষে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট হইতে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মচারি কর্ত্তৃক লাইসেন্স দেওয়া যাইতে পারিবে।

রাজনীতি সম্পর্কে মান্দ্রাজ ও বোম্বাই গবর্ণমেণ্টের বিচারাধিপত্যের অন্তর্গত কোন স্থানে স্থল কি নদীপথে অস্ত্র কি বারুদাদি কি যুদ্ধ সামগ্রী রফ্তানী করিবার নিমিত্তে ক্রমান্বয়ে এই গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবদের কর্ত্তৃক লাইসেন্স দেওয়া যাইতে পারিবে। অবগতির নিমিত্তে উক্ত লাইসেন্সের প্রতিলিপি ফরিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকট প্রেরণ করা যাইবে। উক্ত লাইসেন্সে যে রাজ্যের উল্লেখ থাকে কেবল সেই রাজ্য পক্ষেই তাহা সিদ্ধ হইবে, তাহার বলে ঐ রাজ্যের সীমার বাহিরে রফ্তানী হইতে দেওয়া যাইতে পারিবে না।

এই বিধিমতে প্রদত্ত লাইসেন্স ৫ নং পাঠে লেখা যাইবে ও তাহার পাঁচ টাকা ফী লাগিবে।

৮। যাঁহারা অস্ত্র কি বারুদাদি কি যুদ্ধ সামগ্রী চালান দিতে ইচ্ছা করেন তাঁহারা প্রেরণের স্থান হইতে চালানের লাইসেন্স দিতে ক্ষমতাপন্ন কর্ত্তৃপক্ষের নিকট লিখিয়া প্রার্থনা করিবেন। আবেদনপত্রে এইং কথার উল্লেখ থাকা আবশ্যক —

(ক) যে স্থানে ও যে পথ দিয়া উক্ত দ্রব্যাদি চালান দেওয়া যাইবে ও পথে সম্ভবতঃ যতদিন লাগিবে,

(খ) প্রত্যেক প্রকার অস্ত্র বারুদাদির পরিমাণ, বর্ণনা, গড় ধরিয়া মূল্য ও উদ্দেশ্য—,

(গ) যে কর্ত্তৃপক্ষের নিকট আবেদন করা গেল তিনি চালানের লক্ষ্য স্থানের মাজিষ্ট্রেট কি রাজনীতি সংক্রান্ত কর্ম্মচারির অনুমতি গ্রহণ করিবেন, আবেদনকারী ইহা প্রার্থনা করেন কি না

[আবেদনকারী তদ্রূপ অনুমতি পাইয়া থাকিলে, অনুমতির প্রমাণ দেখাইতে হইবে।]

৯। যাঁহারা লাইসেন্স লইয়া অস্ত্র কি বারুদাদি কি যুদ্ধ সামগ্রী চালান দেন তাঁহারা উক্ত দ্রব্যাদি যে বাক্স কি বস্তায় থাকে তাহার উপর সুচারুরূপে তদন্তর্গত দ্রব্যের বর্ণনা লিখিবেন।

১০। উক্ত দ্রব্যাদি উদ্দিষ্ট মহালে পঁহুছিবার ছয় দিনের মধ্যে কনসাইনি জিলার মাজিষ্ট্রেট সাহেব কি রাজনীতি সংক্রান্ত কর্ম্মচারিকে ও ব্রিটিষ ভারতবর্ষের বাহিরের সীমা পার করিয়া লইয়া যাইতে হইলে যে জিলায় ঐ চালানের দ্রব্য উক্ত বাহিরের সীমা পার হয় সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবকে চালানের লাইসেন্স ফিরাইয়া দিবেন। যে কর্ত্তৃপক্ষকে তাহা ফিরাইয়া দেওয়া যায় তিনি নিজ কর্ত্তৃত্বাধীন জিলায় যে দ্রব্যাদি চালান হইল তাহা ছাড়পত্রের লিখিতমতে ঠিক ও পরিমাণে কম হইলে তাহার কারণ দর্শান গেল ইহা যথোধমতে দেখিয়া লইবেন।

প্রস্তুত ও বিক্রয় করণবিষয়ক বিধি।

১১। অস্ত্র কি বারুদাদি কি যুদ্ধ সামগ্রী প্রস্তুত, রূপান্তর, রক্ষা ও বিক্রয় করণার্থ লাইসেন্স রাজধানীতে পোলাসের নানা কমিশ্যনর সাহেবের ও রাজধানীর বাহিরে হইলে জিলার মাজিষ্ট্রেট সাহেবদের কর্ত্তৃক প্রদত্ত হইবে। তাহা এই বিধি সংযুক্ত ৬ ও ৭ নং পাঠে লেখা যাইবে। প্রস্তুত ও বিক্রয় প্রভৃতি করণার্থ লাইসেন্সের ইষ্টাম্পদিয়া বিশ টাকা ও রক্ষা ও বিক্রয় প্রভৃতি করণার্থ লাইসেন্সের দশটাকা ফী দিতে হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে পাঠ নির্দ্দেশ করেন এই বিধিমত লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি সেই পাঠে যত দ্রব্য মৌজুদ থাকে ও যত অস্ত্র ও বারুদাদি কি গন্ধক রাখেন কি বিক্রয় করেন তাহার কাগজপত্র ও হিসাব রাখিবেন। তিনি মৌজুদ দ্রব্য ও তৎসংক্রান্ত বিক্রয়ের কাগজপত্র ও হিসাব মাজিষ্ট্রেট সাহেব কি ইনস্পেক্টরের নিম্নপদস্থ নহে এরূপ পোলীসের কোন কর্ম্মচারিকে দেখাইবেন। মাজিষ্ট্রেট সাহেবদিগকে ও ইনস্পেক্টরের নিম্নপদস্থ নহে এরূপ পোলীসের সমস্ত কর্মচারিকে এতদ্দ্বারা তাহাদের এলাকার অন্তর্গত যে সকল গৃহে অস্ত্র কি বারুদাদি কি গন্ধক প্রস্তুত কি রক্ষা করা যায় তথায় প্রবেশ ও পরিদর্শন করিতে ও মৌজুদ দ্রব্য ও অস্ত্র ও বারুদাদি ও যুদ্ধ সামগ্রীর বিক্রয়ের হিসাব দেখিতে ক্ষমতা দেওয়া যাইতেছে। অস্ত্র ও বারুদাদি বিক্রয় করণার্থ লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি তাহার দোকানের কি নিয়ত কর্ম্ম স্থানের কোন সুপ্রকাশ্য স্থানে বোর্ড লাগাইয়া তাহাতে ইংরাজি কি ঐ জিলার প্রচলিত দেশীয় ভাষায় বড় অক্ষরে তাঁহার নাম ও "অস্ত্র ও বারুদাদি ও যুদ্ধ সামগ্রী প্রস্তুত' কি স্থল বিশেষে "বিক্রয় করিবার লাইসেন্স পাইয়াছেন' এই ২ কথা লিখাইবেন। আরো তাঁহার নিয়ত কর্ম্মস্থানের কোন সুপ্রকাশ স্থলে ইংরাজি কি ঐ জিলার প্রচলিত দেশীয় ভাষায় ভারতবর্ষীয় অস্ত্র বিষয়ক আইনের ২৮ ধারার এক খণ্ড প্রতিলিপি লটকাইয়া দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ জুলাই।]

POSSESSION OF ARMS AND GOING ARMED.

12 Licenses to possess cannon shall not be granted, save under the special order of the Governor-General in Council, certified under the signature of the Secretary to the Government of India in the Home Department A copy of such license, so certified, must be sent immediately on its issue to the District Magistrate of the place where the cannon is to be kept

13 Licenses to possess arms and ammunition in reasonable quantities and to go armed for purposes of sport, or protection, or of display, may be granted by the Commissioner of Police in the Presidency Towns, and by the Magistrate of the district outside those towns, in Form VIII Such licenses shall be liable to a fee of eight annas for each weapon in disarmed districts, and to a fee of four annas for each weapon in districts which have not been disarmed Such a license will authorise its holder to carry the arms described in the license, on occasions when they may be reasonably required for the purposes named in the license But the holder, unless specially authorised by the Magistrate, must not go armed in railway carriages to fairs, religious processions, or other public assemblages Licenses granted under this rule shall, on countersignature by the Commissioner of the division, or other officer authorised in this regard by the Local Government where there are no Commissioners, shall be valid for all the districts of the Local Government within the territories of which the license may have been granted

14 Any Commissioner of Police or Magistrate of the district may grant a license in Form IX for a journey, specifying the direction of the journey and the period it will occupy Such license will be valid in other jurisdictions only for such journey and for such period, and will be liable to a fee of four annas for each weapon Political Agents may grant licenses under this rule to natives of the States where they may be serving, and such licenses granted for journeys by Political Agents shall be liable to no fee Holders of licenses under this rule, unless specially authorised by the officer granting the licenses, must not go armed in railway carriages to fairs, religious processions, or other public assemblies

15 Licenses to *possess* fire-arms or ammunition or military stores in districts which have not been disarmed may be granted in Form X without fee Such licenses will not authorise the holders to go armed, or to carry arms In districts which have not been disarmed, as well as in disarmed districts, licenses to possess and carry arms (Form VIII) will be liable to fees as stated in Rule 13

16 Licenses for possession of arms and ammunition may be granted in Form XI without fee, and for a term of five years, to persons who require arms for the destruction of wild animals which do injury to human beings, cattle, or crops Such license will be valid only in or on the immediate confines of the district for which it is granted It will be subject to the conditions that the license and the weapon it covers is shown once a year, between the 15th November and the 31st December, to the nearest Magistrate, that the weapon becomes confiscated to Government directly it is sold or seized in execution of any debt, and that such weapon is carried only on occassions when it is to be used *bonâ fide* for the destruction of wild animals Holders of licenses under this rule must not go armed in railway carriages to fairs, religious processions, or other public assemblages

GENERAL

17 Applications for licenses, or renewals of licenses, under these rules, shall be written on "impressed stamps" of value equal to the amount of fee leviable in respect of such licenses

18 Applications for licenses in respect of which no fee is leviable, or regarding licenses on which the full fee has been paid, shall be considered to be applications within meaning of Schedule II, Article I, clause (*a*) of "the India Stamp Act, 1879," and shall bear a court fee stamp of one anna

19 All licenses under Rules 11 and 13 shall expire on the 31st December of the year for which they may be issued, licenses under Rule 15 shall expire on the 31st December of the fifth year of their currency But the currency of a license may be renewed, previous to its expiration, on payment of a second fee by the same authority that granted it

[*Government Gazette*, 1*st July* 1879]

অস্ত্র নিকটে রাখিবার ও অস্ত্রধারী হইয়া গমন বিষয়ক বিধি ।

১২। হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের বিশেষ আজ্ঞাপত্র না পাইলে কামান রাখিবার লাইসেন্স দেওয়া যাইবে না। তদ্রূপ সংসিক্ত লাইসেন্সপত্র পাওয়া গেলে তাহা যে স্থানে কামান রাখা যাইবে তথাকার মাজিষ্ট্রেট সাহেবের নিকট অবিলম্বে পাঠাইতে হইবে।

১৩। রাজধানীতে পোলীসের কমিশ্যনর সাহেব ও তদবহির্ভূত স্থানে জিলার মাজিষ্ট্রেট সাহেব ৮ নং পাঠে যুক্তিসঙ্গত পরিমাণে অস্ত্র ও বারুদাদি নিকটে রাখিবার ও শীকার কি সংরক্ষা কি আড়ম্বরের নিমিত্তে অস্ত্রধারী হইয়া যাইবার লাইসেন্স দিতে পারিবেন। যে জিলা নিরস্ত্র করা গিয়াছে তথায় প্রত্যেক অস্ত্রের নিমিত্তে লাইসেন্সপ্রতি আট আনা ও যে জিলা নিরস্ত্র করা যায় নাই তথায় চারি আনা ফী দিতে হইবে। লাইসেন্সধারি ব্যক্তি উক্ত লাইসেন্সেরবলে তদুল্লিখিত অস্ত্রাদি ঐ লাইসেন্সের লিখিত কার্য্যের নিমিত্তে যুক্তি সঙ্গতমতে প্রয়োজন হইলে লইয়া গমন করিতে পারিবেন। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব হইতে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত না হইলে রেলওয়ে গাড়িতে, কি মেলায়, কি ধর্ম্মসংক্রান্ত লোক যাত্রায় কি অন্য সাধারণ লোক সমাগমস্থলে অস্ত্রধারী হইয়া যাইতে পারিবেন না। এই বিধিমত প্রদত্ত লাইসেন্সপত্র দেশখণ্ডের কমিশ্যনর কি কমিশ্যনর না থাকিলে স্থানীয় গবর্ণমেন্ট এই কার্য্যাপক্ষে অন্য যে কর্ম্মচারিকে ক্ষমতা প্রদান করেন তৎকর্তৃক ক্রোড সহী করা গেলে যে স্থানীয় গবর্ণমেন্টের শাসনাধীন স্থানে লাইসেন্স দেওয়া গেল তদধীন সমস্ত জিলায় তাহা সিদ্ধ হইবে।

১৪। পোলীসের কোন কমিশ্যনর কি জিলার মাজিষ্ট্রেট সাহেব ৯ নং পাঠে গমনের পথ ও গমনে যত কাল লাগিবে তাহা নির্দ্দেশ করিয়া স্থানান্তর গমনের লাইসেন্স দিতে পারিবেন, তদ্রূপ লাইসেন্স কেবল সেই যাত্রার ও যাত্রা কালের নিমিত্তেই অন্য এলাকায় প্রবল থাকিবে ও তাহার নিমিত্তে অস্ত্র প্রতি চারি আনা ফী দিতে হইবে। পোলিটীকাল এজেন্টেরা যে দেশীয় রাজ্যে কার্য্য করেন তত্রত্য অধিবাসিদিগকে এই বিধিমতে লাইসেন্স দিতে পারিবেন। স্থানান্তর গমনের নিমিত্ত প্রদত্ত তদ্রূপ লাইসেন্সের ফী লাগিবে না। লাইসেন্সদায়ি কর্ম্মচারি হইতে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত না হইলে এই বিধিমত লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিরা রেলওয়ে গাড়িতে কি মেলায় কি ধর্ম্মসংক্রান্ত লোক যাত্রায় কি অন্য সাধারণ লোক সমাগমস্থলে অস্ত্রধারী হইয়া যাইবেন না।

১৫। যে সকল জিলা নিরস্ত্র করা যায় নাই তথায় আগ্নেয় অস্ত্র কি বারুদাদি কি যুদ্ধ সামগ্রী নিকটে রাখিবার নিমিত্ত লাইসেন্স ১০ নং পাঠে বিনা ফীতে দেওয়া যাইতে পারিবে। তদ্রূপ লাইসেন্স-ধারী ব্যক্তিরা লাইসেন্স বলে অস্ত্রধারী হইয়া যাইতে কি অস্ত্র লইয়া বেড়াইতে পারিবেন না। নিরস্ত্রীকৃত জিলায় ও যে সকল জিলা নিরস্ত্রীকৃত হয় নাই উভয় স্থলেই অস্ত্র নিকটে রাখিবার ও তাহা লইয়া বেড়াইবার ৮ নং পাঠের লাইসেন্সের নিমিত্তে ১৩ ধারার লিখিত ফী দিতে হইবে।

১৬। মনুষ্য, গবাদি কি ফসলের হানিকারক বন্যজন্তু বিনাশের নিমিত্তে যাঁহাদের অস্ত্রের প্রয়োজন হয় তাঁহাদিগকে পাঁচ বৎসরের নিমিত্ত বিনা ফীতে ১১ নং পাঠে অস্ত্র ও বারুদাদি অধিকারে রাখিবার লাইসেন্স দেওয়া যাইতে পারিবে। ও তাহা যে জিলার নিমিত্তে দেওয়া যায় কেবল তাহার মধ্যে কি তাহার নিজ সীমাতেই প্রবল থাকিবে ও নিম্নলিখিত নিয়মাধীন হইবে। লাইসেন্স ও তদুল্লিখিত অস্ত্র ১৫ নবেম্বর ও ৩১ ডিসেম্বরের মধ্যে বৎসরে এক বার নিকটস্থ মাজিষ্ট্রেটকে দেখাইতে হইবে, ও অস্ত্র কোন ঋণের ডিক্রীজারীক্রমে বিক্রয় কি ক্রোক করা গেলে তাহা তৎক্ষণাৎ গবর্ণমেন্টে জব্দ হইবে ও তাহা যে সময়ে প্রকৃত প্রস্তাবে বন্যজন্তু বিনাশের নিমিত্তে ব্যবহার করা যায় কেবল সেই সময়ে তাহা বাহির করা যাইবে। এই বিধি মত লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিরা রেলওয়ে গাড়িতে, কি মেলায় কি ধর্ম্মসংক্রান্ত লোক যাত্রায় কি অন্য সাধারণে লোক সমাগমস্থলে অস্ত্রধারী হইয়া যাইবেন না।

সাধারণ বিধি।

১৭। এই বিধিমত লাইসেন্স পাইবার কি তাহা নূতন করিয়া লইবার দরখাস্ত তদ্রূপ লাইসেন্সের যত ফী লাগে সেই মূল্যের ছাপা ইষ্টাম্প কাগজে লেখা যাইবে।

১৮। যে লাইসেন্সের ফী লাগে না তাহার ও যে লাইসেন্সের নিমিত্তে পূরা ফী দেওয়া গিয়াছে তৎসংক্রান্ত প্রার্থনাপত্র ভারতবর্ষীয় ইষ্টাম্পবিষয়ক ১৮৭৯ সালের আইনের ২ তফসীলের ১ ধারার (ক) প্রকরণমত প্রার্থনাপত্রের অর্থ মধ্যে গণ্য হইবে ও তাহাতে এক আনার কোর্টফী ইষ্টাম্প লাগিবে।

১৯। ১১ ও ১৩ ধারা মত লাইসেন্স যে বৎসরের নিমিত্তে দেওয়া যায় সেই বৎসরের ৩১ ডিসেম্বর তারিখে তাহার মিয়াদ ফুরাইবে। ১৫ ধারামত লাইসেন্সের মিয়াদ তাহার চলনের পঞ্চম বৎসরের ৩১ ডিসেম্বর তারিখে ফুরাইবে। কিন্তু মিয়াদ ফুরাইবার পূর্ব্বে দ্বিতীয় বার ফী দিলে যে কর্তৃপক্ষ লাইসেন্স দিয়াছিলেন তিনিই তাহা নূতন করিয়া দিতে পারিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১ জুলাই।]

20 All licenses shall be given and held subject to the conditions endorsed on the reverse, and subject to these rules, and subject to the provisions of the Act Licenses under Rules 13 and 16 may be granted subject to the observance of a close season in the pursuit of game birds or animals that do not injure either men, or cattle, or crops. The limits of the close season will be decided by the Local Government, and the condition regarding such close season, if imposed, shall be endorsed on the reverse of the license

21 Any person holding a license, or acting under a license, granted in accordance with these rules, shall be bound to produce the same, when called upon to do so by any Magistrate, or by any police officer in charge of a police station, or by any police officer of higher rank

22 Licenses granted for use within a district shall be written or printed in the vernacular language of such district Licenses granted in a Presidency Town, or for use beyond the district where they may be granted, shall be in English and may be in the vernacular as well

23 The Assistant Resident at Aden shall exercise the powers of a Magistrate in respect of the grant of licenses under these rules

24 A license granted under these rules will cover only the weapons or other articles and the persons named therein, unless the officer granting a license under Rule 13 or 14 deems it expedient to include the retainers of any person named in the license, in such case the entry on the face of the license shall declare how many and whose retainers are covered by the license

25 Any officer empowered to grant a license under these rules may at his discretion refuse to grant, to renew, or to consent to the issue of a license, or may refer any application for the orders of the Local Government

26 All Magistrates or other authorities acting under these rules will perform their duties subject to the control of their executive superiors and of the local Government

C BERNARD,
Offg Secy to the Govt of India.

২০। প্রত্যেক লাইসেন্সই তাহার পৃষ্ঠলিখিত নিয়মাধীনে ও এই সকল বিধি ও আইনের বিধানক্রমে দেওয়া ও গ্রহণ করা যাইবে। যে সকল পক্ষী কি অন্য জন্তু মনুষ্য, কি গবাদি কি ফসলের হানি করে না, তাহাদের শীকারার্থে বন্দের সময় মানিয়া ১৩ ও ১৬ ধারামতে লাইসেন্স দেওয়া যাইতে পারিবে। স্থানীয় গবর্ণমেন্ট উক্ত বন্দের সময়ের সীমা স্থির করিবেন, ও তৎসংক্রান্ত নিয়ম প্রচলিত করিলে তাহা লাইসেন্সের পৃষ্ঠে লেখা যাইবে।

২১। এই বিধিমত লাইসেন্স ধারি কি তৎক্রমে কর্ম্মকারি কোন ব্যক্তি কোন মাজিষ্ট্রেট কি পোলীসের ষ্টেশনের ভারপ্রাপ্ত কোন পোলীস কর্ম্মকারি কি তদূর্দ্ধতম পদের কোন পোলীসের কর্ম্মকারক কর্ত্তৃক আদিষ্ট হইলেই তাঁহার ঐ লাইসেন্স উপস্থিত করিতে বাধ্য হইবেন।

২২। লাইসেন্স যে জিলার ব্যবহারার্থে দেওয়া যায় তাহা সেই জিলার প্রচলিত ভাষায় লিখিত কি মুদ্রিত হইবে। লাইসেন্স রাজধানীতে দেওয়া গেলে কি যে জিলায় দেওয়া যায় তদংছিভূত কোন স্থানের নিমিত্ত হইলে তাহা ইংরাজিতে লিখিতে হইবে ও তদ্ব্যতীত দেশীয় ভাষাতেও লেখা যাইতে পারিবে।

২৩। এই বিধিমতে লাইসেন্স দেওন সম্পর্কে এডেনের আসিষ্টান্ট রেসিডেন্ট সাহেব মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিবেন।

২৪। ১৩ ও ১৪ ধারামতে লাইসেন্স দায়ি কর্ত্তৃপক্ষ ঐ লাইসেন্সের লিখিত ব্যক্তির অনুচরদিগকে তন্মধ্যে ধরা বিহিত জ্ঞান না করিলে এই বিধিমত প্রদত্ত লাইসেন্সের বলে কেবল তদুল্লিখিত অস্ত্রাদি কি অন্য দ্রব্য ও ব্যক্তিদিগের প্রতিই বর্ত্তিবে। কিন্তু পূর্ব্বোক্ত স্থলে যত জন ও যাঁহাদের অনুচরদের পক্ষে লাইসেন্স দেওয়া যায় তাহার উপর তাহা স্পষ্ট করিয়া লেখা থাকিবে।

২৫। এইবিধিমতে লাইসেন্স দিবার ক্ষমতা প্রাপ্ত কোন কর্ম্মচারী নিজ বিবেচনামতে কোন লাইসেন্স দিতে কি নূতন করিয়া দিতে কি দিবার অনুমতি দিতে অস্বীকার করিতে পারিবেন কি কোন প্রার্থনা পত্র স্থানীয় গবর্ণমেন্টের আজ্ঞার নিমিত্তে প্রেরণ করিতে পারিবেন।

২৬। মাজিষ্ট্রেট ও এই বিধিমতে কর্ম্মকারি অন্য কর্ত্তৃপক্ষেরা তাঁহাদের উপরিতম এক্সেকিউটিব কার্য্যকারকদের ও স্থানীয় গবর্ণমেন্টের তত্ত্বাধীনে নিজ কর্ত্তব্য সম্পাদন করিবেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

FORM I.

License to import, or transport, or possess cannon, articles designed for torpedo service war-rockets, or machinery for the manufacture of arms or ammunition

Name &c., of license-holder and agent if any with residence &c	Number of packages	Specification of calibre &c., of cannon or other articles	Name of articles	Place of despatch and route	Destination	Name and residence of consignee	Time for which pass is valid	Use to which articles are to be put and specification whether the license covers importation or transport or possession
							From the ____ ____ to the ____ ____ ____ 187	

____ ____ 187 } Date on which copy is sent to the District Magistrate of the District or to the Political Officers of the State to which the articles are consigned

____ 187

____ Secy to the Govt of India, Home Dept

FORM II.

FEE TEN RUPEES IN STAMPS

License to transport arms, ammunition, or military stores in British India

Name &c. of license-holder and agent if any authorised for the purpose of this consignment	Place of license holder's business	Number of packages	Arms — Description	Arms — Number	Ammunition — Description	Ammunition — Number or weight in seers	Place of despatch route and mode of transit	Time for which pass is valid	Destination	Name and residence of consignee
								From the ____ ____ to the ____ ____ ____ 187		

Date on which consent was given by the ____ of the ____ where is the place of consignment

The ____ 187 .

____ of the ____ or place of despatch

The ____ 187 .

Seal

[*Government Gazette*, 1st *July* 1879]

১ নং পাঠ।

কামান কি টরপিডো নামক যন্ত্রের কার্য্যোপযোগী দ্রব্যাদি কি যুদ্ধের হাওয়াই কি অস্ত্র কিম্বা বারু-দাদি প্রস্তুত করণার্থ যন্ত্রাদি আমদানী কি চালান করিবার কিম্বা নিকটে রাখিবার লাইসেন্স।

(১) দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র।
(২) আফিডেবিট।
(৩) ক্ষমতানুসারে সম্পাদিত নিয়োগপত্র।
(৪) কোম্পানি সংবায়ের নিয়মাবলী।
(৫) ক্লার্কের নিয়মপত্র।
(৬) বিল অফ লেডিং।
(৭) চার্টর পার্টি।
(৮) ন্যাসের নির্দ্দেশপত্র।
(৯) অধিকারপত্র বা মূল্যবান অন্য নিদর্শনপত্র গচ্ছিত রাখিয়া অথবা অস্থাবর সম্পত্তি বন্ধক দিয়া ঋণ লওয়া গেলে সেই ঋণ শোধ করিবার প্রতিভূস্বরূপ নিয়মের প্রমাণসূচক নিদর্শনপত্র।
(১০) কোম্পানি সমস্ত্র্যের মর্ম্মাত্মকপত্র।
(১১) প্রটেষ্ট লিপি।
(১২) নূতন প্রকার দ্রব্য গঠনের নির্দ্দেশপত্র অর্পণের অনুমতি প্রভৃতির প্রার্থনাপত্র।
(১৩) বিমাপত্র।
(১৪) ন্যাস অন্যথা করণপত্র।

এবং ইংরেজী ভাষায় লিখিত হইলে নিম্নলিখিত সকল নিদর্শনপত্র।

(১৫) ইষ্টাম্প বসাইবার ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারির বিবেচনায় যে নিয়মপত্রে বা নিয়মপত্রের মর্ম্মাত্মক লিপিতে সুবিধামতে ইষ্টাম্প বসান যাইতে পারে না তাহা।
(১৬) মীমাংসাপত্র।
(১৭) চাহিবামাত্র দেয় নয় ও ব্রিটিষ ভারতবর্ষে লিখিত এমত বিল অফ এক্সচেঞ্জ।
(১৮) নিবন্ধপত্র।
(১৯) সাধুখাতকী প্রতিজ্ঞা পত্র।
(২০) সমর্পণপত্র।
(২১) বন্ধকী সম্পত্তির উপর আরো দায় বর্ত্তাইবার নিদর্শনপত্র।
(২২) কর্ম্ম শিক্ষা করণার্থক নিদর্শনপত্র।
(২৩) সমুদ্রসমুত্থান বিষয়ক নিদর্শনপত্র।
(২৪) সমুদ্রসমুত্থান বিলোপ বিষয়ক নিদর্শনপত্র।
(২৫) সম্পত্তি বিনিময়পত্র।
(২৬) ভোগানুমতিপত্র।
(২৭) খাতকী অনুমতিপত্র।
(২৮) বন্ধকীপত্র।
(২৯) মোখ্তারনামা।
(৩০) বন্ধক গ্রহীতার অধিকারস্থিত বন্ধকী সম্পত্তির পুনঃ সমর্পণপত্র।
(৩১) মুক্তিপত্র।
(৩২) নিরূপণপত্র।
(৩৩) ইষ্টাম্প আইনের প্রথম তফসীলের ৬০ নং লিখিত হস্তান্তরপত্র।

৭। এই বিধির ৬ ধারার লিখিত নিদর্শনপত্রের উপর নিম্নলিখিত কর্ম্মচারিরা ইষ্টাম্পযুক্ত টিকিট বসাইতে পারিবেন।

(ক) কলিকাতার ও করাচীর কালেকটর সাহেবেরা।
(খ) কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইর ও রাঙ্গুণের ও মলমেনের ও আক্যাবের ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরা।
(গ) উত্তর-পশ্চিম প্রদেশের ইষ্টাম্পের কমিশ্যনর সাহেব।
(ঘ) পঞ্জাবের ইষ্টাম্পের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব।
(ঙ) এডনের ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট (পোলিটিকাল রেসিডেণ্ট) সাহেব।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ জুলাই।]

8. Every such officer shall, upon any instrument mentioned in rule six being brought to him before it is executed, and application being made to him for that purpose, affix thereto a stamped label of such value as the applicant may desire and pay for, and deface such label by means of a stamping-machine before returning the instrument to the applicant

When the value of the stamp amounts to twenty rupees or upwards, such officer shall, besides so defacing the label, attach his usual signature to the instrument immediately under the label

9 Hundís, other than hundis which can be stamped with an adhesive stamp under section ten of the said Act, shall be written on paper supplied for sale by the Government and to which stamped labels have been affixed by one of the officers mentioned in rule seven, clause (*b*), and defaced by him in manner provided by rule eight

10 Every sheet of such paper shall be of a size not less than $8\frac{5}{8} \times 5\frac{1}{4}$ inches, and no plain paper shall be joined to it

11 The payment of duty on instruments (other than bills of exchange, cheques, and promissory notes) executed out of British India and requiring to be stamped after their receipt in British India, shall be indicated only by stamped labels

When any such instrument is brought to the Collector under section seventeen of the said Act, the Collector shall send the instrument to one of the officers mentioned in rule seven, stating the amount of duty paid in respect of such instrument, and such officer shall stamp the instrument in the manner prescribed by rule eight, and return the same to the Collector for delivery to the person by whom it was produced

(*D*) —*Miscellaneous*

12 When it is necessary, under section fifteen of the said Act, to denote upon one instrument the payment of duty in respect of another, such payment shall be denoted by an endorsement under the hand of the Collector on the former instrument

13 Every payment made under section thirty of the said Act shall be made in cash

14 The Collector shall require every person claiming a refund or renewal under Chapter VI of the said Act, or his duly authorised agent, to make an oral deposition on oath, or to put in an affidavit setting forth the circumstances under which the claim has arisen The Collector may also, if he thinks fit, call for the evidence of witnesses in support of the statement set forth in the deposition or affidavit of the claimant or his agent

---

SEPARATE REVENUE—STAMPS

The 6th June 1879

No 996 —In exercise of the powers conferred by section 56 of the Indian Stamp Act 1879, the Governor-General in Council is pleased to make the following rule —

Rule —When a single sheet of impressed stamp paper used under rule 5 of the rules promulgated by Financial Notification No 196, dated 19th April 1879, is found insufficient to enable the entire instrument to be written on the side of the paper which bears the stamp, so much plain paper may be subjoined thereto as may be necessary for the complete writing of such instrument provided that in every such case the side of the impressed stamp paper which bears the stamp must be covered by a substantial part of the instrument before any part of the latter can be written on the plain paper joined to the impressed stamp paper

This permission does not extend to Hundis

R B CHAPMAN,
Secy to the Govt of India

[*Government Gazette*, 15*th July* 1879.]

৮। এই বিধির ৬ ধারার লিখিত কোন নিদর্শনপত্র সম্পূর্ণরূপে লিখিত হইয়া সম্পাদিত হইবার পূর্ব্বে ইষ্টাম্পযুক্ত টিকিট বসাইয়া লইবার নিমিত্তে উক্ত প্রত্যেক কর্ম্মচারির নিকটে আনিয়া প্রার্থক যে মূল্যের টিকিট বসাইতে চাহেন সেই মূল্য দিলে, তিনি সেই মূল্যের ইষ্টাম্পযুক্ত টিকিট তাহাতে বসাইয়া দিয়া ইষ্টাম্পিং যন্ত্র দ্বারা সেই টিকিট অকর্ম্মণ্য করিয়া প্রার্থককে সেই নিদর্শনপত্র ফিরাইয়া দিবেন।

ইষ্টাম্পের মূল্য ২০৲ টাকা বা তদধিক হইলে, উক্ত কর্ম্মচারী উক্ত টিকিট ত অকর্ম্মণ্য করিবেনই তদ্ভিন্ন তিনি সচরাচর যেরূপ স্বাক্ষর করিয়া থাকেন তদ্রূপে ঐ নিদর্শনপত্রের যে স্থানে টিকিট বসান গেল তাহার অব্যবহিত নিম্নভাগে স্বাক্ষরও করিবেন।

৯। উক্ত আইনের ১০ ধারামতে আটাল ইষ্টাম্প যে হুণ্ডীতে বসান যাইতে পারে তদ্ভিন্ন হুণ্ডী গবর্ণমেণ্ট বিক্রয়ার্থে যে কাগজ দেন, ও যে কাগজে এই বিধির ৭ ধারার (খ) প্রকরণের লিখিত কোন কর্ম্মচারী ইষ্টাম্পযুক্ত টিকিট বসাইয়া এই বিধির ৮ ধারার বিধানমতে তাহা অকর্ম্মণ্য করিয়াছেন, সেই কাগজে লিখিতে হইবে।

১০। উক্ত প্রত্যেক খণ্ড কাগজ দীর্ঘে ৮½ ও প্রস্থে ৫½ ইঞ্চির কম হইবে না ও তাহাতে অন্য শাদা কাগজ সংযোগ করা যাইবে না।

১১। বিল অব এক্সচেঞ্জ, ও চ্যাক ও প্রমিসরী নোট ভিন্ন ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে সম্পাদিত অন্য যে২ নিদর্শনপত্র ব্রিটিষ ভারতবর্ষে পাওয়া গেলে পর ইষ্টাম্প বসান আবশ্যক, তাহাতে কেবল ইষ্টাম্পযুক্ত টিকিট বসাইয়া মাসুল দেওয়া ব্যক্ত করিতে হইবে।

উক্ত কোন নিদর্শনপত্র উক্ত আইনের ১৭ ধারামতে কালেকটর সাহেবের সমীপে আনা গেলে তিনি, উক্ত নিদর্শনপত্র সম্পর্কে যত মাসুল দেওয়া হইয়াছে তাহা লিখিয়া এই বিধির ৭ ধারার লিখিত কোন কর্ম্মচারির নিকট সেই নিদর্শনপত্র পাঠাইবেন, এবং উক্ত কর্ম্মচারী এই বিধির ৮ ধারার নির্দ্দিষ্টমতে উক্ত নিদর্শনপত্রে ইষ্টাম্প করিয়া যে ব্যক্তি তাহা আনিয়া দিয়াছেন তাঁহাকে দিবার নিমিত্ত কালেকটর সাহেবের নিকট ফিরিয়া পাঠাইবেন।

(ঘ) বিবিধ বিষয়।

১২। অন্য নিদর্শনপত্র সম্বন্ধে মাসুল দেওয়া হইয়াছে এই কথা উক্ত আইনের ১৫ ধারামতে এক খান নিদর্শনপত্রে ব্যক্ত করণের আবশ্যক হইলে, কালেকটর সাহেব শেষোক্ত নিদর্শনপত্রে স্বহস্তে পৃষ্ঠলিপি করিয়া সেই মাসুল দেওয়া যে হইয়াছে ইহা ব্যক্ত করিবেন।

১৩। উক্ত আইনের ৩০ ধারামতে যে টাকা দিতে হয়, তাহা নগদ দিতে হইবে।

১৪। উক্ত আইনের ষষ্ঠ অধ্যায় অনুসারে কোন ব্যক্তি টাকা ফেরৎ পাইবার বা ইষ্টাম্প পরিবর্ত্তন করিয়া লইবার দাওয়া করিলে, কালেকটর সাহেব তাঁহাকে বা উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত তাঁহার মোক্তারকে শপথপূর্ব্বক মৌখিক এজহার দিতে কিম্বা যাহা হইতে সেই দাওয়া উত্থিত হইয়াছে তাহার বৃত্তান্ত লিখিয়া আফিডেবিট দিতে কহিবেন। অপিচ কালেকটর সাহেব উচিত বোধ করিলে, দাওয়াদার বা তাহার মোক্তার মৌখিক যাহা বলিয়াছেন বা আফিডেবিটে যাহা লিখিয়াছেন তাহার প্রতিপোষক সাক্ষির সাক্ষ্য তলব করিতে পারিবেন।

স্বতন্ত্র রাজস্ব—ইষ্টাম্পবিষয়ক

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ৬ জুন।

৯৯৬ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইনের ৫৬ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্যকরিয়া তিনি নিম্নলিখিত বিধি প্রণয়ন করিলেন।

বিধি।—১৮৭৯ সালের আপ্রিল মাসের ১৯ তারিখের ১৯৬ নং রাজস্ববিষয়ক বিজ্ঞাপনক্রমে প্রবলকরা বিধির ৫ ধারামতে ছাপাকরা ইষ্টাম্প কাগজের যে পৃষ্ঠে ইষ্টাম্প করা আছে সেই পৃষ্ঠে নিদর্শনপত্রের সমুদয় কথা লিখিতে কুলায় না দেখা গেলে, ঐ নিদর্শনপত্রের শেষপর্য্যন্ত লিখিবার নিমিত্ত যত আবশ্যক ততটুকু অন্য শাদা কাগজ তাহাতে যোড়া যাইতে পারিবে। কিন্তু উক্ত প্রত্যেক স্থলে ছাপাকরা ইষ্টাম্প কাগজের যে দিগে ইষ্টাম্প করা আছে; সেই দিগে নিদর্শনপত্রের প্রয়োজনীয় কোন অংশ লিখিয়া পূর্ণ করা না গেলে ঐ ইষ্টাম্প কাগজে সংযুক্ত অন্য শাদাকাগজে ঐ নিদর্শনপত্রের অবশিষ্টাংশ লিখিতে হইবে না।

এই আদেশ হুণ্ডীর প্রতি বর্ত্তে না।

আর, বি, চ্যাপম্যান,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ জুলাই।]

Numb. 2086 ২০৮৬ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 22, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২২ জুলাই।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND HOME.

NOTIFICATIONS —Public

Simla, the 11th July 1879

No 1258.—The following revised rules are substituted for Rules 17 and 18 of the Rules under "The Indian Arms Act, 1878," published on the 6th March 1879 —

Rule 17 —The fees leviable under these rules shall be taken in the shape of "impressed stamps" Ordinarily the applications for licenses or renewals of licenses shall be written on "impressed stamps" of value equal to the amount of fee leviable in respect of such licenses or renewals, and the licenses will be issued on plain paper But when the licenses themselves are written, or printed on "impressed stamps," the applications may be on plain paper When an application for a license is written on an "impressed stamp," and the license is refused, the value of the stamp will be refunded to the applicant

Rule 18 —Applications for licenses in respect of which no fee is leviable, or regarding licenses on which the full fee has been paid, shall be considered to be applications within meaning of Schedule II, Article 1, Clause (*a*) of "The Court Fees Act, 1870," and shall bear a court fee stamp of one anna

Establishments

The 11th July 1879

No 440 —Mr S F A Smith is permitted to resign Her Majesty's Bengal Civil Service

No 445 —Mr W. J Money, c s i, is permitted to resign Her Majesty's Bengal Civil Service, with effect from the 7th proximo

C Bernard,
Offg Secy to the Govt of India

হোম, রাজস্ব ও কৃষি সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।—পবলিক।

সিমলা, ১৮৭৯ সাল ১১ জুলাই।

১২৫৮ নম্বর।—ভারতবর্ষীয় অস্ত্রবিষয়ক ১৮৭৮ সালের আইনমতে প্রণীত যে বিধি ১৮৭৯ সালের ৬ মার্চে প্রকাশ করা যায় তাহার ১৭ ও ১৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত সংশোধিত ধারা দেওয়া গেল।

১৭। এই বিধিমতে যে ফী আদেয় হয় তাহা "ছাপা করা ইষ্টাম্প" দ্বারা গৃহীত হইবে। লাইসেন্স পাইবার কি তাহা নূতন করিয়া লইবার নিমিত্ত সামান্যতঃ দরখাস্ত করিতে হইলে উক্ত লাইসেন্সের কি তাহা নূতন করিয়া লইবার জন্যে যে ফী দিতে হয় তত্তুল্য মূল্যের "ছাপা করা ইষ্টাম্প কাগজে।" তাহা লিখিতে হইবে, ও শাদা কাগজে লাইসেন্স দেওয়া যাইবে। কিন্তু "ছাপা করা ইষ্টাম্পে লাইসেন্স লেখা গেলে বা মুদ্রিত হইলে, দরখাস্ত শাদা কাগজে দেওয়া যাইতে পারিবে। লাইসেন্স পাইবার দরখাস্ত" ছাপা করা ইষ্টাম্পে "লেখা গেলে ও লাইসেন্স না দেওয়া গেলে, উক্ত ইষ্টাম্পের মূল্য দরখাস্তকারিকে ফিরিয়া দিতে হইবে।

১৮। যে লাইসেন্সের ফী লাগে না তাহার, ও যে লাইসেন্সের নিমিত্তে পুরা ফী দেওয়া গিয়াছে তৎসংক্রান্ত প্রার্থনাপত্র, আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ২ তফসীলের ১ ধারার (ক) প্রকরণমতে প্রার্থনাপত্রের অর্থমধ্যে গণ্য হইবে ও তাহাতে /০ এক আনার কোর্ট ফী ইষ্টাম্প লাগিবে।

সিরিস্তা বিষয়ক।

১৮৭৯ সাল ১১ জুলাই।

৪৪০ নম্বর।—শ্রীযুত এস, এফ, স্মিথ সাহেব শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

৪৪৫ নম্বর।—শ্রীযুত ডবলিউ, জে, মনি সাহেব, সি, এস, আই, আগামি মাসের ৭ তারিখ অবধি শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[*Government Gazette, 22nd July* 1879]

Numb. 2090 ২০৯০

[REGISTERED No. ...]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 19, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৯ আগষ্ট।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সিদ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND HOME

NOTIFICATION—Judicial

Simla, the 1st August 1879

No 844 —The Hon'ble Romesh Chunder Mitter, B L , a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, has obtained privilege leave for three months, with effect from the 17th November next

The 4th August 1879

No 862 —The Hon'ble L P D Broughton, an Officiating Judge of the High Court of Judicature at Fort William in Bengal has obtained privilege leave for one month and nineteen days, with effect from the 16th November next, or from any subsequent date on which he may avail himself of it

The 5th August 1879

No 869 —The Honble J S White, a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, availed himself, on the forenoon of the 16th ultimo, of the leave granted to him in Home Department Notification No 323, dated the 9th May last

C Bernard,
Offg Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS—Establishment

Simla the 6th August 1879

No 314 —The following officers who have attained the age of 55, or who will do so, on or before 31st December 1879, will retire from the service on the dates on which they may be respectively relieved of their duties —

Bengal Provincial

Mr W Smith, Superintending Engineer, 1st Grade
Mr W Barnfather, Superintending Engineer, 3rd Grade, temporary rank
Mr H Dewes, Executive Engineer, 1st Grade
Mr J Fennessy, Executive Engineer, 2nd Grade

Bengal Irrigation

Mr G H Faulkner, Executive Engineer, 2nd Grade
Mr J A Beale, Assistant Engineer, 1st Grade

Accounts Branch

Mr F R Boyce, Examiner, 1st Class, 1st Grade, Bengal

A Fraser, *Major-General* R E ,
Secy to the Govt of India

হোম, রাজস্ব ও কৃষিকার্য্যসংক্রান্ত কার্য্যবিভাগ।

সিরিশ্তা বিষয়ক—বিজ্ঞাপন।

জুডিশ্যল।

সিমলা, ১৮৭৯ সাল ১ আগষ্ট।

৮৪৪ নম্বর।—বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজ মান্যবর শ্রীযুক্ত রমেশচন্দ্র মিত্র, বি, এল, আগামি নবেম্বর মাসের ১৭ তারিখ অবধি তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৪ আগষ্ট।

৮৬২ নম্বর।—বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং জজ মান্যবর শ্রীযুক্ত এল, পি, ডি, ব্রোটন সাহেব আগামি নবেম্বর মাসের ১৬ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি এক মাস উনিশ দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৫ আগষ্ট।

৮৬৯ নম্বর।—বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজ মান্যবর শ্রীযুক্ত জে, এস, ওয়াইট সাহেব, হোম ডিপার্টমেন্টের গত মে মাসের ৯ তারিখের ৩২৩ নং বিজ্ঞাপনমতে যে ছুটী পান তাহা গত মাসের ১৬ তারিখের পূর্ব্বাহ্ণে গ্রহণ করিলেন।

সি, বর্ণাড,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ৬ আগষ্ট।

৩১৪ নম্বর।—নিম্নলিখিত যে কার্য্যকারকেরা ৫৫ বৎসর বয়স প্রাপ্ত হইয়াছেন কিম্বা ১৮৭৯ সালের ৩১ ডিসেম্বরে বা তৎপূর্ব্বে উক্ত বয়ঃপ্রাপ্ত হন তাঁহারা অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি ক্রমান্বয়ে কর্ম্মহইতে অবসর গ্রহণ করিবেন।

বঙ্গদেশের প্রবিন্শ্যাল সম্পর্কীয়।

প্রথম শ্রেণীর সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, স্মিথ সাহেব।
কিয়ৎকালীন তৃতীয় শ্রেণীর সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, বার্ণকাদর সাহেব।
প্রথম শ্রেণীর একসেকেটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এচ, ডিউ সাহেব।
দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, ফেনেসী সাহেব।

বঙ্গদেশের জলসেচন সম্পর্কীয়।

দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এচ, ফলকনর সাহেব।
প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এ, বীল সাহেব।

হিসাব শাখার।

বঙ্গদেশের প্রথম সম্প্রদায়ের প্রথম শ্রেণীর হিসাব পরীক্ষক শ্রীযুক্ত এফ, আর, ববিন্স সাহেব।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর জেনরল, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

Numb. 2091 ২০৯১ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 26, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৬ আগষ্ট।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND HOME

NOTIFICATION.—ESTABLISHMENTS

Simla, the 13th August 1879

No 483.—The Hon'ble G C Paul, B.A., C.I.E., Advocate-General for Bengal, is granted furlough for eight months, with effect from the 17th March last, under Rule 7, Supplement C of the Civil Leave Code

This cancels Home Department Notification No. 105, dated the 20th February last

C. BERNARD,
Offg Secy to the Govt. of India

FOREIGN DEPARTMENT.

NOTIFICATION.—JUDICIAL.

Simla, the 11th August 1879

No 2111-*J*.—Under the provisions of Section 8 of Act II of 1869, the Governor-General in Council is pleased to appoint Lieutenant A P Thornton to be a Justice of the Peace for the whole of British India

A C LYALL,
Secy to the Govt of India

DEPARTMENT OF REVENUE, AND COMMERCE

NOTIFICATION

Simla, the 16th August 1879

No 2251.—In exercise of the power conferred by Section 19 of the Sea Customs Act 1878, the Governor-General in Council prohibits the bringing or taking by sea or by land into or out of British India of arms, ammunition, or military stores, as defined in the Indian Arms Act, 1878, except in accordance with the provisions of that Act and the rules and orders issued thereunder

R B CHAPMAN
Secy to the Govt of India

হোম, রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

সিবিলিয়ান বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ১৬ আগষ্ট।

৫৮৩ নম্বর।—বঙ্গদেশের অ্যাডবোকেট জেনরল মাল্যবর শ্রীযুত জি, সি, পাল সাহেব, বি, এ, ও সি, আই, ই, সিবিল বার্য্যকারকদের তৃতীয় C চিহ্নিত পরিশিষ্ট বিধির ৭ ধারামতে গত মার্চ মাসের ১৭ তারিখ অবধি আট মাসের নিয়মিত ছুটী পাইলেন।

হোম ডিপার্টমেন্টের গত ফেব্রুয়ারি মাসের ২০ তারিখের ১০৫ নং বিজ্ঞাপন ইহাতে রহিত করা গেল।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—জুডিশ্যল।

সিমলা, ১৮৭৯ সাল ১১ আগষ্ট।

১১১১I.J নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারার বিধানমতে লেপ্টেনেণ্ট শ্রীযুত এ, পি থর্ণটন সাহেবকে ভারতবর্ষের সর্ব্বত্র শান্তিরক্ষার্থ জষ্টি-সের পদে নিযুক্ত করিলেন।

এ সি. লায়ল,
ফরিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কর্ম্মবিভাগ।

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ১৬ আগষ্ট।

১২৫১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৯ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি ভারত-বর্ষীয় অস্ত্রাদি বিষয়ক ১৮৭৮ সালের আইনের বিধান ও তদনুযায়ি বিধি ও তদনুসারে প্রচারিত আজ্ঞা ভিন্ন উক্ত আইনের নির্দ্দিষ্ট যুদ্ধাস্ত্র কি বারুদাদি কি সৈনিক সামগ্রী সমুদ্র বা স্থল পথ দিয়া ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে বা বাহিরে আনয়ন করিতে বা লইয়া যাইতে নিষেধ করিলেন।

আর বি, চাপমন,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Numb. 2092 ২০৯২ (REGISTERED No. 30.)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 2, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২ সেপ্টেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিদ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT [illegible] CULTURE, AND HOME

[illegible]—PUBLIC

Simla, the 22nd August 1879

No 1534.—In exercise of the power conferred by the Statute 33 Vic, Cap 3, Section 6, the Governor General in Council has been pleased to make the following rules which have been sanctioned by the Secretary of State in Council with the concurrence of a majority of members present —

I —Each local Government may nominate persons who are Natives of India within the meaning of the said Act for employment in Her Majesty's Covenanted Civil Service in India within the territories subordinate to such Government Such nominations shall be made not later than the first day of October in each year No person shall be nominated for employment in the said Service after he has attained the age of 25 years, except on grounds of merit and ability proved in the service of Government, or in the practice of a profession

II —Nominations under the foregoing rule shall if approved by the Governor General in Council, be provisionally sanctioned by him The total number of nominations so sanctioned in any year shall not exceed one-fifth of the total number of civilians appointed by Her Majesty's Secretary of State to the said Service in such year, provided that the total number of such nominations sanctioned in each of the years 1879, 1880, and 1881 may exceed the said proportion by two On sanction being given by the Governor-General in Council, the nominee shall be admitted on probation to employment in the said Service such admission may be confirmed by the Governor-General in Council, but shall not be so confirmed until the local Government shall have reported to the Governor-General in Council that the probationer has acquitted himself satisfactorily during a period of not less than two years from the date of his admission and that he has, unless specially exempted by the Governor General in Council, passed such examinations as may from time to time be prescribed by the local Government subject to the approval of the Governor-General in Council In case of persons admitted under these rules after they have attained the age of 25 years, the Governor-General in Council may confirm their admission without requiring them to serve for any period of probation

III —Persons admitted under these rules to employment in the said Service shall ordinarily be appointed only to offices in the province wherein they were first admitted But the Governor-General in Council may transfer from one province to another a person finally admitted to employment in the said Service

IV —Any person admitted under these rules may, with the previous sanction of the Governor-General in Council, be declared by the local Government to be disqualified for further employment in the said Service

C BERNARD,
Offg, Secy to the Govt of India.

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।—সাধারণ।

সিমলা, ১৮৭৯ সাল ১২ আগষ্ট।

১৫৩৪ নম্বর।—শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩৩ বৎসরের ৩ অধ্যায়ের ৬ ধারা মতে মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হয় তদনুসারে কার্য্য করিয়া তিনি নিম্নলিখিত বিধি প্রণয়ন করিয়াছেন এবং সভাধিষ্ঠিত মন্ত্রিগণের অধিকাংশের সম্মতিক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব এই বিধির অনুমোদন করিয়াছেন।—

১।—যে প্রদেশ যে স্থানীয় গবর্ণমেণ্টের অধীন সেই প্রদেশে শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষস্থ চিহ্নিত সিবিল সর্ব্বিসে নিয়োগনিমিত্ত সেই স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত আইনের অভিপ্রায়ানুযায়ি ভারতবর্ষবাসিদিগকে নির্ব্বাচন করিতে পারিবেন। প্রতি বৎসর অক্টোবর মাসের প্রথম দিবস পর্য্যন্ত তদ্রূপ নির্ব্বাচন করা যাইবে। গবর্ণমেণ্টের কর্ম্ম কিম্বা ব্যবহারাজীব ব্যবসায় করিয়া গুণবত্তা ও ক্ষমতার প্রমাণ না হইলে, ২৫ বৎসর বয়সের পর কোন ব্যক্তিকে উক্ত সর্ব্বিসে নিয়োগনিমিত্ত নির্ব্বাচন করা যাইবে না।

২। পূর্ব্বধারামত নির্ব্বাচন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অভিমত হইলে, তিনি আপাততঃ তাহা অনুমোদন করিবেন। যে বৎসর শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটরী সাহেব উক্ত সর্ব্বিসে মোট যতজন সিবিলকর্ম্মকারক নিযুক্ত করেন, সেই বৎসর সেই সংখ্যার পঞ্চমাংশের অধিক নির্ব্বাচন উক্তরূপে অনুমোদন করা যাইবে না, কিন্তু ১৮৭৯ ও ১৮৮০ এ ১৮৮১ সালে একত্র বৎসরের গড় নির্ব্বাচন অনুমোদন করা যায় তাহার সংখ্যা উক্ত অংশ অপেক্ষা দুই বেশী হইতে পারিবে। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন প্রদত্ত হইলে নির্ব্বাচিত ব্যক্তিকে উক্ত সর্ব্বিসে নিয়োগ নিমিত্ত পরীক্ষার্থ গ্রহণ করা যাইবে। তদ্রূপ গ্রহণ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব দৃঢ় করিতে পারিবেন কিন্তু পরীক্ষার্থ গৃহীত ব্যক্তি, গ্রহণের তারিখ অবধি অন্যূন দুই বৎসর কাল পর্য্যন্ত সন্তোষজনকভাবে কার্য্য করিয়াছেন এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিশেষমতে মুক্ত না করিলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনাধীনে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে যে পরীক্ষার বিধান করেন, সেই পরীক্ষায় উত্তীর্ণ হইয়া না হন, স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট যতদিন এই রিপোর্ট না করেন ততকাল তদ্রূপ গ্রহণ দৃঢ় করা যাইবে না। যে সকল ব্যক্তি ২৫ বৎসর বয়ঃপ্রাপ্ত হইবার পর এই বিধিমতে গৃহীত হন, তাঁহাদিগকে কিছুকাল পরীক্ষার্থ কর্ম্ম করিবার আদেশ না দিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাঁহাদের গ্রহণ দৃঢ় করিতে পারিবেন।

৩। এই বিধিমতে উক্ত সর্ব্বিসে নিয়োগার্থে যে সকল ব্যক্তিকে গ্রহণ করা যায় তাঁহারা যে প্রদেশে প্রথমে গৃহীত হন, তাঁহাদিগকে সামান্যতঃ কেবল সেই প্রদেশস্থ পদেই নিযুক্ত করা যাইবে। কিন্তু যে ব্যক্তি উক্ত সর্ব্বিসে নিয়োগার্থে পরিণামে গৃহীত হন, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাঁহাকে এক প্রদেশ হইতে প্রদেশান্তরে প্রেরণ করিতে পারিবেন।

৪। এই বিধিমতে যে কোন ব্যক্তি গৃহীত হন, স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক, তাঁহাকে উক্ত সর্ব্বিসে আর নিযুক্ত থাকিবার অযোগ্য বলিয়া প্রকাশ করিতে পারিবেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

Numb. 2093 ২০৯৩ [REGISTERED No. 30]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 9, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ৯ সেপ্টেম্বর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিদ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF REVENUE AND AGRICULTURE.

NOTIFICATION

Simla, the 30th August 1879

No 2538 —On the 20th August 1879, the following officers received charge of the following offices —

Mr J Westland, of the Offices of Comptroller-General and Head Commissioner of Paper Currency

Mr C R C Kiernander, of the Office of Accountant-General, Bengal

R B CHAPMAN,
Secy to the Govt of India

রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

শিমলা, ১৮৭৯ সাল ৩০ আগষ্ট।

২৫৩৮ নম্বর। – নিম্নলিখিত কর্ত্তাপক্ষেরা ১৮৭৯ সালের ২০ আগষ্ট নিম্নলিখিত কার্য্যের ভার গ্রহণ করিলেন।

শ্রীযুত জে, ওয়েষ্টলাণ্ড সাহেব, কম্পট্রোলর জেনরালের ও নোট প্রচলন কার্য্যের প্রধান কমিশ্যনরের কার্য্যের,

ও শ্রীযুত সি, আর, সি, কিয়রনাণ্ডর সাহেব, বঙ্গদেশের আকৌণ্টাণ্ট জেনরলের কার্য্যের ভার গ্রহণ করিলেন।

আর বি, চাপমন,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Numb. 2094 ২০৯৪ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 16, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৬ সেপ্টেম্বর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF REVENUE AGRICULTURE, AND HOME

NOTIFICATIONS,—PUBLIC.

Simla, the 29th August 1879.

No 1601 —The following additions are made to the Rules under the "Indian Arms Act 1878," published on the 6th March 1879,—

Rule 6A —In the case of arms other than cannon or rifles not excepted as in Rule 5, ammunition or military stores imported under license into a British port and exported thence to another British port named in Rule 6 or in Rule 6B, the necessary licenses for such re-export and import may be granted on payment of a fee of one rupee (each) instead fo ten rupees Such licenses shall be in Forms III and IV appended to these Rules

Rule 6B —Licenses to import by sea from Rangoon into the ports of Akyab, Moulmein, Sandoway, Kyoukphyoo, Tavoy, and Mergui may be granted by the Magistrates of the districts in which those ports are respectively situated, in respect of arms other than cannon or rifles not excepted by Rule 5, ammunition or military stores The fee payable in respect of each such license shall be one rupee, and the license shall be in Form III appended to these Rules

C BERNARD,
Offg Secy to the Govt of India

FOREIGN DEPARTMENT

NOTIFICATION —POLITICAL

The 2nd September 1879

No 1276G *P* —In recognition of the high rank and reputation enjoyed by Lachmessar Singh, of Darbhanga, and the good services rendered by his family, the Viceroy and Governor-General is pleased to confer upon him the title of "Maharaja" as a personal distinction

A C LYALL,
Secy, to the Govt of India

STAR OF INDIA

NOTIFICATION

Simla, the 4th September 1879

No 40S-*I* —The following notification, which appeared in the *London Gazette* of the 29th July 1879, is republished for general information —

India Office, July 29, 1879

The Queen has been graciously pleased to make the following appointments to the First, Second, and Third Classes of the Most Exalted Order of the Star of India —

To be Companions

The Maharaja Jotendro Mohun Tagore, Additional Member of the Council of the Viceroy and Governor General of India for making Laws and Regulations

A C LYALL,
Secy to the Govt, Order of the Star of India.

[*Government Gazette,* 16*th September* 1879]

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।—পবলিক।

সিমলা, ১৮৭৯ সাল ৩০ আগষ্ট।

১৬০১ নম্বর।—অস্ত্রবিষয়ক ১৮৭৮ সালের আইনমতে প্রণীত যে বিধি ১৮৭৯ সালের জুলাই মাসের ১ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা গিয়াছে তাহাতে নিম্নলিখিত ধারা যোগ করিতে হইবে।

৬ ক। উক্ত বিধির ৫ ধারায় বর্জ্জিত নয় এমত কামান বা রাইফল ভিন্ন অস্ত্র, কিম্বা বারুদাদি বা যুদ্ধ সামগ্রী লাইসেন্সমতে এক ব্রিটিষ বন্দরে আমদানী হইয়া তথাহইতে ৬ কিম্বা ৬ খ ধারার লিখিত অন্য-ব্রিটিষ বন্দরেরপ্তানী করিতে হইলে, তাহার ১০৲ টাকা ফীর পরিবর্ত্তে প্রত্যেকের ১৲ এক টাকা ফী দিলে তদ্রূপে পুনর্ব্বার রপ্তানী ও আমদানী করিবার নিমিত্ত প্রয়োজনীয় লাইসেন্স দেওয়া যাইতে পারিবে। উক্ত বিধি সংযুক্ত ৬ ও ৪ পাঠে সেই লাইসেন্স দেওয়া যাইবে।

৬ খ। ৫ ধারায় বর্জ্জিত নয় এমত কামান বা রাইফল ভিন্ন অস্ত্র কিম্বা বারুদাদি বা যুদ্ধ সামগ্রী রাঙ্গুণ হইতে সমুদ্র পথে আক্যাব ও মৌলমেন ও সান্দোওয়ে ও কাইয়ুক ফাইয়ু ও টাবয় ও মেরগুই বন্দরে আমদানী করিতে হইলে ঐ২ বন্দর যে২ জিলার মধ্যে থাকে সেই২ জিলার মাজিষ্ট্রেট সাহেব তাহা আমদানী করিবার লাইসেন্স দিতে পারিবেন। উক্ত প্রত্যেক লাইসেন্স লইতে ১৲ এক টাকা ফী দিতে হইবে, ও উক্ত বিধি সংযুক্ত ৩ পাঠে সেই লাইসেন্স দেওয়া যাইবে।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পোলিটিকাল।

সিমলা, ১৮৭৯ সাল ২ সেপ্টেম্বর।

১২৭৬ G, P, নম্বর।—শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেব দ্বারভাঙ্গার শ্রীযুত লক্ষ্মীশ্বর সিংহের পদমর্য্যাদা ও সুখ্যাতি ও গবর্ণমেণ্টের পক্ষে তদীয় বংশের হিতকর কার্য্যের কথা জানিতে পাইয়া তাঁহার স্বকীয় সম্মানার্থে তাঁহাকে মহারাজা উপাধি প্রদান করিলেন।

এ. সি. লায়ল,
ফরিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ভারত নক্ষত্র।

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ৪ সেপ্টেম্বর।

৪০ S-I নম্বর।—নিম্নলিখিত যে বিজ্ঞাপন, ১৮৭৯ সালের জুলাই মাসের ২৯ তারিখের লণ্ডন গেজেটে প্রকাশ হইয়াছে তাহা সাধারণের অবগত্যর্থে—প্রকাশ করা গেল।

ইণ্ডিয়া আফিস, ১৮৭৯ সাল ২৯ জুলাই।

শ্রীশ্রীমতী মহারাণী অনুগ্রহ পূর্ব্বক অত্যুচ্চ ভারত নক্ষত্র সম্প্রদায়ের প্রথম ও দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে নিম্নলিখিত নিয়োগ করিলেন।

আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ রাজপ্রতিনিধির ও ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি-সভার অতিরিক্ত মেম্বর শ্রীযুত মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর,
কম্পানিয়ন হইবেন।

এ সি লায়ল,
অত্যুচ্চ ভারত নক্ষত্র সম্প্রদায়ের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৯ সেপ্টেম্বর।]

Numb. 2096 ২০৯৬ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 30, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ৩০ সেপ্টেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF REVENUE AGRICULTURE, AND HOME

NOTIFICATIONS —ESTABLISHMENTS

Simla, the 18th September 1879

No 586 —Her Majesty has been pleased to appoint Mr. Loftus Richard Tottenham, of the Bengal Civil Service, to be a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, with effect from the 16th July last

MEDICAL

The 16th September 1879.

No. 473.—The services of Deputy Surgeon-General A. J. Payne, M D., are temporarily placed at the disposal of the Government of Bengal.

C BERNARD,
Offg Secy to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATION

Simla, the 20th September 1879

No 2863 —The Governor-General in Council has determined that the resolution in the Financial Department, No. 3399, dated the 27th September 1877, prohibiting the grant of travelling allowance in the form of mileage for fractions of a mile, applies to travelling allowance for journeys by railway as well as for other journeys, but that under that Resolution mileage should be disallowed only for any fraction in the total of a bill

R B CHAPMAN,
Secy. to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS —ESTABLISHMENT

Simla, the 12th September 1879

No 353 —The following officers are permitted to resign the service of Government under the provisions of the Resolution of the Government of India in the Department of Finance and Commerce, No 2079 of 31st July 1879, with effect from the dates specified —

Bengal Irrigation Branch.

Mr F G Brooks, Executive Engineer, 2nd Grade (temporary rank),—3rd September 1879

Mr E A Parsick, Assistant Engineer, 1st Grade,—3rd September 1879

Mr C W. Hope, Executive Engineer, 3rd Grade,—28th August 1879

State Railways.

Mr W W Shanks, Executive Engineer, 4th Grade, 1st September 1879

The 13th September 1879

No 356 —Mr G M Drury is confirmed in his appointment in Class III of the State Railway Revenue Establishment, Bengal, with effect from 1st January 1879

[*Government Gazette, 30th September* 1879]

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

সিরিশ্‌তাবিষয়ক বিজ্ঞাপন।

সিমলা ১৮৭৯ সাল ১৮ সেপ্টেম্বর।

৫৩৬ নম্বর।—শ্রীশ্রীমতী মহারাণী শ্রীযুত লকটস রিচার্ড টটনহাম সাহেবকে গত জুলাই মাসের ১৬ তারিখ অবধি বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের পদে নিযুক্ত করিলেন।

চিকিৎসা বিষয়ক।

১৮৭৯ সাল ১৬ সেপ্টেম্বর।

৪৭১ নম্বর।—ডেপুটী সর্জন-জেনরল শ্রীযুত এ, জে, পেন সাহেব, এম, ডি, কিয়ৎকালের নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ২০ সেপ্টেম্বর।

২৮৬৩ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই স্থির করিয়াছেন যে, মাইলের ভগ্নাংশের পথ খরচ দেওয়া নিষেধ বিষয়ক ফিনান্সিয়াল ডিপার্টমেণ্টের ১৮৭৯ সালের ২৭ সেপ্টেম্বরের ৩৩৯৯ নং নির্দ্ধারণ রেলপথে গমনের ন্যায় অন্যপথে গমনের প্রতিও বর্ত্তে, কিন্তু কথা এই যে উক্ত নির্দ্ধারণক্রমে, মোট বিল হইতে মাইলের ভগ্নাংশের খরচ কেবল বাদ দিতে হইবে।

আর বি, চাপমন,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তাবিষয়ক বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ১২ সেপ্টেম্বর।

৩৫৩ নম্বর।—নিম্নলিখিত কার্য্যকারকেরা আপনং নামের পার্শ্বলিখিত তারিখ অবধি রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭১ সালের ৩১ জুলাইর ২০৭৯ নং নির্দ্ধারণের বিধানক্রমে গবর্ণমেণ্টের কর্ম্ম ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

বঙ্গদেশের জলসেচন শাখা।

কিয়ৎকালীন দ্বিতীয় শ্রেণীর একজেকিটীব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, জি, ব্রুকস সাহেব ১৮৭৯ সালের ৩ সেপ্টেম্বর অবধি।

প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, এ, পার্শিভ সাহেব ১৮৭৯ সালের ৩ সেপ্টেম্বর অবধি।

তৃতীয় শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, ডবলিউ, হোপ সাহেব, ১৮৭৯ সালের ২৮ আগাষ্ট অবধি।

ষ্টেট রেলওয়ে সংক্রান্ত।

চতুর্থ শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডব লিউ, ডবলিউ, শাকন সাহেব, ১৮৭৯ সালের ১ সেপ্টেম্বর অবধি।

১৮৭৯ সাল ১৩ সেপ্টেম্বর।

৩১৬ নম্বর।—শ্রীযুক্ত জি, এম, ড্রুরি সাহেব ১৮৭৯ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বঙ্গদেশের ষ্টেট রেলওয়ের রাজস্ব সম্পর্কীয় সিরিশ্‌তার স্বীয় তৃতীয় শ্রেণীর পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ সেপ্টেম্বর।]

No 357 —The following appointments and promotions are made in the Traffic Branch of the Revenue Establishment of State Railways in Bengal, with effect from the dates specified, and subject to the approval of Her Majesty's Secretary of State —

Mr W M Johnstone, promoted from Class IV to Class III with effect from 1st January 1879

Mr G S Leonard, appointed to Class IV with effect from 1st November 1878

Mr A W U Pope, appointed to Class IV with effect from 1st July 1879

Mr W C Boyce, appointed to Class IV

The 17th September 1879

No 361 —Captain W A J Wallace, R E, Executive Engineer, 1st Grade (temporary rank), now officiating as Under Secretary to the Government of India, Public Works Department, Railway Branch, is appointed Engineer-in-Chief and Manager of the Northern Bengal Railway

The 19*th September* 1879

No 370 —The Governor General in Council is pleased to accept the resignations of the undermentioned officers under the terms of Resolution of the Department of Finance and Commerce, No 2079, dated 31st July 1879, with effect from the dates on which they may be relieved of their duties, which will be notified in the local gazettes —

Bengal Provincial

Isaac, T S, Superintending Engineer, 2nd Grade

Watson, A F, Executive Engineer, 2nd Grade

Vivian, G W, Ditto, 3rd Grade

Handley, H J, Assistant Engineer, 1st Grade

Denonath Sen, Do Do

Radhica Narian Ghose, Do Do, temporary rank

Bengal Irrigation

Fahis, W J, Executive Engineer, 3rd Grade.

A FRASER, *Col*, R E,
Secy to the Govt of India

৩৫৭ নম্বর।—শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেবের অনুমোদনের অপেক্ষায় বঙ্গদেশের অন্তর্গত ষ্টেট রেলওয়েসমূহের রাজস্ব সিরিশ্তার ট্রাফিক শাখার নির্দ্দিষ্ট তারিখ অবধি নিম্নলিখিত নিয়োগ ও পদবৃদ্ধি করা গেল।

শ্রীযুত ডবলিউ, এম, জনষ্টন সাহেব, ১৮৭৯ সালের ১ জানুয়রি অবধি চতুর্থ শ্রেণীহইতে তৃতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত জি, এস, লেনার্ড সাহেব ১৮৭৮ সালের ১ নবেম্বর অবধি চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এ, ডবলিউ, ইউ, পোপ সাহেব ১৮৭৯ সালের ১ জানুয়ারি অবধি চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ, সি, বয়ীস্ সাহেব চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৭ সেপ্টেম্বর।

৩৬১ নম্বর।—পবলিক ওর্কস ডিপার্টমেন্টের রেলওয়ে শাখায় ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সম্প্রতি ষ্টেট সেক্রেটরীর কর্ম্মকারি কিয়ৎকালীন প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এ, জে, ওয়ালান সাহেব, আর, ই, বঙ্গদেশের উত্তরদিগের রেলওয়ের প্রধান ইঞ্জিনিয়রের ও কার্য্যাধ্যক্ষের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সালের ১৯ সেপ্টেম্বর।

৩৭০ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কর্ম্ম বিভাগের ১৮৭৯ সালের ৩১ জুলাইর ২০৭৯ নং নির্দ্ধারণের নিয়মাধীনে নিম্নলিখিত কর্ম্মকারকদের কর্ম্ম ত্যাগ করণার্থ পত্র গ্রহণ করিলেন। তাঁহারা যে তারিখে কর্ম্মহইতে অব্যাহতি পান সেই তারিখ অবধি কর্ম্ম ত্যাগ করণ ফলবৎ হইবে ও তাহা স্থানীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

বঙ্গদেশ প্রবিনশ্যাল।

দ্বিতীয় শ্রেণীর সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত টি, এস, আইসাক সাহেব।

দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, এফ, ওটসন সাহেব।

তৃতীয় " " " " জি, ডবলিউ, বিবিয়ান্ সাহেব।

প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র " এচ, জে, হাওলী সাহেব।

প্রথম শ্রেণীর " " " দীননাথ সেন।

কিয়ৎকালীন প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত রাধিকানারায়ণ ঘোষ।

বঙ্গদেশ জল সেচন।

তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, জে, কেহাই সাহেব।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর জেনরল, আর ই,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের, সেক্রেটরী।

Numb. 2097 ২০৯৭ [REGISTERED No 30]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 7, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ৭ অক্টোবর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS —ESTABLISHMENT

Simla, the 20th September 1879.

No 375 —Mr. W G L Cotton, Executive Engineer, 3rd Grade, Bengal, Irrigation Branch, is temporarily attached to the Public Works Department Secretariat during the absence of Captain J Dundas, R E, on field service, or until further orders

The 26th September 1879

No 380 —The Governor-General in Council is pleased to accept the resignations of the undermentioned officers under the terms of Resolution of the Department of Finance and Commerce, No 2079, dated the 31st July 1879, with effect from the dates on which they may be relieved of their duties, which will be notified in the local gazettes —

Bengal Provincial

Bond, F, Executive Engineer, 1st Grade
Gopal Chunder Mookerjee, Executive Engineer, 3rd Grade
McKennie, R C, Assistant Engineer, 1st Grade

Bengal Irrigation

Kally Coomar Coondoo, Assistant Engineer, 1st Grade

No 384.—Major P Lambert, R E, Examiner of Guaranteed Railway Accounts Calcutta, is granted privilege leave for two months, under Chapter VII, Section 44 of the Civil Leave Code, with effect from such date as he may be relieved of his duties

Captain H S F. Haynes, R E, Executive Engineer, 4th Grade (temporary rank), attached to the Office of the Examiner of Guaranteed Railway Accounts, Calcutta, is appointed, as a temporary arrangement, to officiate as Examiner, during the absence on leave of Major Lambert, or until further orders

A FRASER, *Col*, R E,
Secy to the Govt of India

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিশ্‌তোবিষয়ক বিজ্ঞাপন।

সিমিলা, ১৮৭৯ সাল ২০ সেপ্টেম্বর।

৩৭৫ নম্বর।—ফিলড সর্ব্বিস উপলক্ষে কাপ্তান শ্রীযুত জে, ডগুাস আর, ই, সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্যাজ্ঞা না হয় বঙ্গদেশের জলসেচন শাখার তৃতীয় শ্রেণীর একসেকটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, জি, এল, বটন সাহেব কিয়ৎকালের নিমিত্তে পবলিক ওর্কস ডিপাটমেণ্টের সেক্রেটেরিয়টে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৬ সেপ্টেম্বর।

৩৮০ নম্বর।—মন্ত্রিসভাধিষ্টিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব, রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কর্ম্মবিভাগের ১৮৭৯ সালের ৩১ জুলাইর ২০৭৯ নং নির্দ্ধারণের নিয়মাধীনে নিম্নলিখিত কর্ম্মকারকদের কর্ম্মত্যাগ করণার্থপত্র গ্রহণ করিলেন। তাঁহারা যে তারিখে কর্ম্ম হইতে অব্যাহতি পান সেই তারিখ অবধি কর্ম্ম ত্যাগকরণ ফলবৎ হইবে ও স্থানীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

বঙ্গদেশ প্রবিন্সিয়াল।

প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ,বণ্ড সাহেব।
তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত গোপালচন্দ্র মুখোপাধ্যায়।
প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত মাকেনি সাহেব, আর, সি।

বঙ্গদেশ জল সেচন।

প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত কালী কুমার কুণ্ডু।

৩৮৪ নম্বর।—কলিকাতার গারাণ্টীড রেলওয়ের হিসাব পরীক্ষক মেজর শ্রীযুত পি, ল্যাম্বর্ট সাহেব আর, ই, যে তারিখে আপন কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৭ অধ্যায়ের ৪৪ ধারামতে দুই মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

মেজর শ্রীযুত ল্যাম্বর্ট সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় কলিকাতার গারাণ্টীড রেলওয়ের হিসাব পরীক্ষকের আফিসে নিযুক্ত কিয়ৎকালীন চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত এচ, এস, এফ, হেমেস সাহেব, আর, ই, কিয়ৎকালের নিমিত্তে হিসাব পরীক্ষকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর জেনরল, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের, সেক্রেটরী।

Numb. 2098 ২০৯৮ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 14, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৪ অক্টোবর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

FOREIGN DEPARTMENT.

NOTIFICATION.—Political

Simla, the 3rd October 1879

No. 1814*G*.*P*—His Excellency the Viceroy and Governor-General in Council is pleased to recognize the appointment of Mr L deSt. Hilaire as Consular Agent for France at Chittagong.

A C Lyall,
Secy to the Govt of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATION—Establishment

Simla, the 3rd October 1879

No. 395—The Governor-General in Council is pleased to accept the resignations of the undermentioned officers under the terms of Resolution of the Department of Finance and Commerce, No. 2079, dated 31st July 1879, with effect from the dates on which they may be relieved of their duties, which will be notified in the local gazettes—

Bengal Provincial.

Heyman, J. S, Executive Engineer, 1st Grade.
Stewart, S A, „ „ 1st „ *temporary rank*
Carry, J S, „ „ 4th „

Bengal Irrigation

Whitfield, J, Executive Engineer, 1st Grade

A Fraser, Major. Genl, R E,
Secy. to the Govt of India

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পোলিটিকাল।

সিমলা, ১৮৭৯ সাল ৩ অক্টোবর।

১৩১৪ G-P নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেব চট্টগ্রামে ফ্রান্সের পক্ষে কনসলর এজেণ্টস্বরূপ শ্রীযুত এল, ভিনেণ্ট হিলের সাহেবের, নিয়োগ স্বীকার করিলেন।

এ. সি. লায়ল,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিল্ভাবিষয়ক বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ৩ অক্টোবর।

৩৯৫ নম্বর।— মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কর্ম্ম বিভাগের ১৮৭৯ সালের ৩১ জুলাইর ২০৭৯ নং নির্দ্ধারণের নিয়মাধীনে নিম্নলিখিত কর্ম্মকারকদের কর্ম্মত্যাগ-করণার্থ পত্র গ্রহণ করিলেন। তাঁহারা যে২ তারিখে কর্ম্মহইতে অব্যাহতি পান সেই২ তারিখ অবধি কর্ম্মত্যাগ করণ বলবৎ হইবে ও স্থানীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

বঙ্গদেশ প্রবিনশাল।

প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এস, হেমান সাহেব, ও
প্রথম শ্রেণীর কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এস, এ, ষ্টুয়ার্ট সাহেব,
চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এস, কেরি সাহেব।

বঙ্গদেশ, জলসেচন।

প্রথম শ্রেণীর এক সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, ওয়াইটফিলড সাহেব।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর জেনরল, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের, সেক্রেটরী।

Numb. 2099 ২০৯৯ [REGISTERED No 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 21, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২১ অক্টোবর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সিদ্ধান্ত, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND HOME

NOTIFICATION —PUBLIC

Simla, the 10th October 1879

No 1842 —The Governor General in Council is pleased to sanction the following revised rule in substitution of rule 5 of the rules under the "Indian Arms Act, 1878," published in Home Department Notification No 518, dated the 6th March 1879 —

5 No license shall be granted, save by the special order of the Governor-General in Council, certified under the signature of the Secretary to the Government of India in the Home Department, for the importation into British India, by sea, or river, or land, or for exportation from British India, by sea, of any cannon, or of any rifles or parts of or fittings for rifles, except rifles or parts of or fittings for rifles of such quality, or in such quantity as may reasonably be held to be intended for *bonâ fide* sporting purposes

C BERNARD,
Offg Secy to the Govt of India

FOREIGN DEPARTMENT.

NOTIFICATION —POLITICAL

Simla, the 8th October 1879

No 1319*G*-*P* —In recognition of the long and faithful services rendered to Government by Assistant Surgeon Brij Lal Ghose, the Viceroy and Governor-General is pleased to confer upon him the title of "Rai Bahadur" as a personal distinction

A C LYALL,
Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATION —ESTABLISHMENT

Simla, the 10th October 1879

No 406 —The Governor-General in Council is pleased to accept the resignations of the undermentioned officers under the terms of Resolution of the Department of Finance and Commerce, No. 2079, dated the 31st July 1879, with effect from the dates on which they may be relieved of their duties, which will be notified in the local gazettes —

Bengal Provincial

Pereira, E S B, Assistant Engineer, First Grade, *temporary rank*
Purno Chunder Sircar, Assistant Engineer, Third Grade

Bengal Irrigation

Walker, J P H, Superintending Engineer, First Grade
Kimber, J, Executive Engineer, Second Grade
Simon, F, ditto ditto
Unwin, H, ditto ditto
Kriens, C, Assistant Engineer, First Grade.
Mohesh Chunder Bose, Assistant Engineer, First Grade
Crane, H P, Assistant Engineer, Second Grade

A FRASER, *Major-Genl*, R E,
Secy. to the Govt of India

[*Government Gazette*, 21*st October* 1879.]

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সম্পর্কীয় কর্ম্মবিভাগ।

বিজ্ঞাপন।—পবলিক।

সিমলা, ১৮৭৯ সাল ১০ অক্টোবর।

১৮৪২ নম্বর।—হোম ডিপার্টমেণ্টের ১৮৭৯ সালের ৬ মার্চের ৫১৮ নং বিজ্ঞাপনে ভারতবর্ষীয় অস্ত্র বিষয়ক ১৮৭৮ সালের আইনমতে প্রণীত যে বিধি প্রকাশ করা গিয়াছে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহার ৫ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত সংশোধিত ধারা দিবার আজ্ঞা করিলেন।

৫। যে প্রকারের ও যে পরিমাণের রাইফল্ বা রাইফলের অংশ বা রাইফলের মানান দ্রব্য প্রকৃত প্রস্তাবে শীকার কার্য্যের নিমিত্তে অভিপ্রেত বলিয়া জ্ঞান করা যাইতে পারে তদ্ভিন্ন কামান বা অন্য কোন প্রকার রাইফল বা তদংশ বা রাইফলের মানান কোন দ্রব্য হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিশেষ আজ্ঞাপত্র না পাইলে, সমুদ্র কি নদী কি স্থল পথে, ব্রিটিষ ভারতবর্ষে আমদানী করিবার কিম্বা তথাহইতে সমুদ্র পথে রপ্তানী করিবার নিমিত্তে লাইসেন্স দেওয়া যাইবে না।

সি, বর্ণাড,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পোলিটিকাল।

সিমলা, ১৮৭৯ সাল ৮ অক্টোবর।

১৩৯ G P নম্বর।—আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত ব্রজলাল ঘোষ গবর্ণমেণ্টের কার্য্য দীর্ঘকাল ও বিশ্বস্ত-রূপে করিয়াছেন, শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেব ইহা জানিতে পাইয়া তাঁহার স্বকীয় সম্মানার্থে তাহাকে "রায় বাহাদুর" উপাধি দান করিলেন।

এ, সি, লায়ল,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিল্‌সর্ভিসবিষয়ক বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ১০ অক্টোবর।

৪০৬ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কর্ম্ম বিভা-গের ১৮৭৯ সালের ৩১ জুলাইর ২০৭৯নং সিদ্ধান্তের নিয়মাধীনে নিম্নলিখিত কর্ম্মকারকদের কর্ম্মত্যাগ করণার্থপত্র গ্রহণ করিলেন। তাঁহারা যে২ তারিখে কর্ম্মহইতে অব্যাহতি পান সেই২ তারিখ অবধি কর্ম্ম ত্যাগ করণ ফলবৎ হইবে ও স্থানীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

বঙ্গদেশ প্রবিন্সুসাল।

প্রথম শ্রেণীর কিয়ৎ কালীন আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, এস, বি, পারিষ্য সাহেব।
তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত পূর্ণচন্দ্র সরকার।

বঙ্গদেশ জলসেচন।

প্রথম শ্রেণীর সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, এচ, ওয়াকর সাহেব।
দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, কিম্বর সাহেব।
" " " এফ, সিমন সাহেব।
" " " এচ, অস্তিন সাহেব।
প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র " সি, ক্রাইয়েন্স সাহেব।
" " " " মহেশচন্দ্র বসু।
দ্বিতীয় শ্রেণীর " " " এচ, পি, ক্রেমু সাহেব।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর-জেনরল্, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২১ অক্টোবর।]

Numb 2100 ২১০০ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 28, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৮ অক্টোবর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিদ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT

NOTIFICATION

Simla, the 16th October 1879

No 23 —His Excellency the Viceroy and Governor-General has been pleased to accept the resignation by the Hon'ble F R Cockerell of his office of Additional Member of the Council of the Governor-General for making Laws and Regulations, with effect from the 6th instant

D FITZPATRICK,
Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT

NOTIFICATIONS—ESTABLISHMENT

Simla, the 11th October 1879

No 407 —The undermentioned students of the Royal Indian Engineering College, who have gone through their practical training in England, have been appointed by Her Majesty's Secretary of State as Assistant Engineers in the grades specified, and posted as follows —

To BENGAL IRRIGATION

Mr R H Stephen,	Assistant Engineer,	Second Grade
,, A S Thomson,	ditto	ditto
,, F Rawson,	ditto	ditto
,, O C Lees,	ditto	ditto

১৩।—যে নিয়মানুসারে ঋণ দেওয়া গেল বা ঋণ গ্রহণের ক্ষমতা দেওয়া গেল তদনুসারে কার্য্য করা হয় নাই, কিম্বা স্থানীয় কর্ত্তৃপক্ষ এই বিধির কোন আদেশানুযায়ি কার্য্য করিতে ত্রুটি করিয়াছেন

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৯ ডিসেম্বর।]

payments shall be made or received on account of such loan, and, if the loan was made from the public treasury, recover the amount advanced, with interest thereon, in the manner prescribed by section 6 of the Act

XIV —(a) Interest shall be charged half-yearly on each loan at the rate agreed upon, and until the loan is completely raised, or until the local Government shall at some earlier period declare the loan to be closed, shall be reckoned and paid on each instalment from the date on which it is received

(b) Every loan shall be discharged in equal half-yearly instalments, so calculated that the principal shall be repaid with interest in not more than twenty years from the date on which the loan is completely raised or declared by the local Government to be closed

(c) Provided that, with the sanction of the Governor-General in Council, the equal half-yearly instalments may be so calculated that the principal shall be repaid with interest in more than twenty but not more than thirty years, from the date of the completion or closure of the loan

XV —The local authority may, at any time, repay the whole or any part of a loan made from the public treasury in advance of the periods fixed by the conditions of the loan

XVI —The cost of any enquiry made under Rule VI of advertisements published under Rule VIII, of inspections made under Rule XII, and of any other proceedings by order of the local Government or the Governor-General in Council under these rules, shall be determined by the local Government, and shall be paid by the local authority

XVII —(a) The accounts of every loan shall be kept by the Accountant General of the province in which it is made

(b) The local authority shall give to the Accountant General and the local Government any information which they may require regarding the expenditure of the loan, and regarding its funds

XVIII —An annual statement of all loans granted or raised under the Act, repayments due and made during the year, and balances outstanding at the beginning and end of the year in each province, or under each local Government, shall be prepared by the Accountant-General and submitted to the Government of India through the local Government, which shall add a report of the progress of the works Such statement shall be published in the local official gazette

XIX —An attachment of any funds under section 6 of the Act shall be made by a notice to the local authority prohibiting the collection or management of such funds by the local authority, and vesting the administration thereof in such officer as the local Government may appoint Such notice shall be published in the local official gazette, and otherwise, as may be directed by the local Government, within the local limits of the local authority The moneys collected or received under such attachment shall be paid into the Government treasury, or, if the loan has not been obtained from the Government, to the lender, and the accounts of moneys so collected and of the cost of collection shall be prepared in such form as the local Government may from time to time direct A copy of the accounts shall be delivered to the local authority, and published in the local official gazette

R B CHAPMAN,
Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT

NOTIFICATIONS —ESTABLISHMENT.

Simla, the 25th November 1879

No 488 —The Governor-General in Council is pleased to accept the resignation of the undermentioned officer, under the terms of Resolution of the Department of Finance and Commerce, No 2079, dated 31st July 1879, with effect from the date on which he may be relieved of his duties, which will be notified in the local gazette —

Bengal Irrigation Branch

Dejoux, P, Executive Engineer, Third Grade.

A FRASER,
Secy. to the Govt. of India

[*Government Gazette, 9th December* 1879]

স্থানীয় গবর্ণমেণ্ট এমত বিবেচনা করিলে কোন সময়ে ঐ ঋণের আর টাকা না দিবার বা না লইবার আজ্ঞা করিতে পারিবেন, ও রাজকীয় ধনাগারহইতে ঋণ লওয়া গিয়া থাকিলে আগাম লওয়া টাকা আইনের ৬ ধারার নির্দ্দিষ্টমতে সুদ সুদ্ধ আদায় করিতে পারিবেন।

১৪।—(ক) প্রত্যেক ঋণের উপর যে হারে সুদ দিবার কথা হইয়াছে ছয়২ মাসে সেই হারে সুদ লওয়া যাইবে। ঋণের সমুদয় টাকা না লওয়া পর্য্যন্ত কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট নিরূপিত কালের পূর্ব্বে ঋণ দেওয়া বন্ধ হইল বলিয়া যাবৎ প্রকাশ না করেন প্রত্যেক কিস্তির টাকা যে তারিখে দেওয়া যায় সেই তারিখ অবধি গণনা করিয়া সুদের টাকা দিতে হইবে।

(খ) ঋণের সমুদয় টাকা যে তারিখে লওয়া গেল সেই তারিখ অবধি কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ঋণ বন্ধ হইল বলিয়া যে তারিখে প্রকাশ করেন সেই তারিখ অবধি বিশ বৎসরের মধ্যে যাহাতে সুদসুদ্ধ ঋণের সমুদয় আসল টাকা পরিশোধ হয় ছয়২ মাসের সমান কিস্তি এমতে হিসাব করিতে হইবে।

(গ) কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে ঋণ গ্রহণের বা ঋণ দেওয়া বন্ধ হইবার শেষ তারিখ অবধি বিশ বৎসরের পর ত্রিশ বৎসরের মধ্যে যাহাতে সুদসুদ্ধ সমুদয় আসল টাকা পরিশোধ হয় ছয় মাসের সমান কিস্তি এমতে হিসাব করিতে হইবে।

১৫।—ঋণগ্রহণপত্রে যে সময় নির্দ্দিষ্ট হইয়াছে স্থানীয় কর্ত্তৃপক্ষ রাজকীয় ধনাগারহইতে গৃহীত ঋণের সমুদয় বা কতক অংশ টাকা তৎপূর্ব্বে কোন সময়ে পরিশোধ করিতে পারিবেন।

১৬।—এই বিধির ছয় ধারামতে অনুসন্ধান করণের খরচ ও ৮ ধারামতে ইশ্‌তিহার প্রকাশ করিবার খরচ ও ১২ ধারামতে কার্য্য পরিদর্শনের খরচ এবং এই বিধিমতে স্থানীয় গবর্ণমেণ্টের কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে অন্য যে কোন কার্য্য করা যায় তাহার খরচ স্থানীয় গবর্ণমেণ্ট নির্ণয় করিবেন ও স্থানীয় কর্ত্তৃপক্ষের তাহা দিতে হইবে।

১৭।—(ক) যে প্রদেশের মধ্যে ঋণ লওয়া যায় সেই প্রদেশের আকৌণ্টাণ্ট জেনরল সাহেব তাহার হিসাব রাখিবেন।

(খ) ঋণের টাকার খরচ ও তৎসংক্রান্ত বিষয়ে আকৌণ্টাণ্ট জেনরল সাহেব ও স্থানীয় গবর্ণমেণ্ট যে সন্ধান জানিতে চাহেন স্থানীয় কর্ত্তৃপক্ষ তাহা জানাইবেন।

১৮।—প্রত্যেক প্রদেশ কিম্বা স্থানীয় প্রত্যেক গবর্ণমেণ্টের অধীনে আইনমতে ঋণের যত টাকা দেওয়া বা তোলা গেল ও বৎসরের মধ্যে তাহার যত টাকা ফিরিয়া পাওয়া হয়, ও যত টাকা ফিরিয়া দেওয়া গেল ও বৎসরের আরম্ভে ও শেষে বাকী যত টাকা পাওনা থাকিল, আকৌণ্টাণ্ট জেনরল সাহেব বৎসরং তাহার কৈফিয়ৎ প্রস্তুত করিয়া ও কার্য্য যেরূপ চলিতেছে তাহারও রিপোর্ট তাহাতে লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকট পাঠাইবেন। সেই কৈফিয়ৎ স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করিতে হইবে।

১৯।—আইনের ৬ ধারামতে কোন কণ্ড ক্রোক করিতে হইলে স্থানীয় কর্ত্তৃপক্ষের নামে নোটিস দিয়া তাঁহাকে ঐ কণ্ডের টাকা আদায় করিতে কিম্বা তাহার কার্য্যাধ্যক্ষতা করিতে নিষেধ করা যাইবে, ও স্থানীয় গবর্ণমেণ্ট যে কর্ত্তৃপক্ষকে নিযুক্ত করেন তাহার হস্তে ঐ কণ্ডের কার্য্য নিরূপণ করিবার ভার অর্পিত হইবে। ঐ নোটিস স্থানীয় রাজকীয় গেজেটে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যেরূপে আজ্ঞা করেন তদ্রূপে ঐ স্থানীয় কর্ত্তৃপক্ষের অধিকারের অন্তর্গত স্থানীয় সীমার মধ্যে প্রকাশ করা যাইবে। ক্রোক করিয়া যে টাকা আদায় করা বা পাওয়া যায় তাহা গবর্ণমেণ্টের ধনাগারে, কিম্বা ঋণের টাকা গবর্ণমেণ্টের স্থানে লওয়া না গেলে মহাজনকে দিতে হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে পাঠের আজ্ঞা করেন সেই পাঠে তদ্রূপে আদায় হওয়া টাকার ও তাহা আদায় করিবার খরচের হিসাব প্রস্তুত করিতে হইবে। ঐ হিসাবের এক খান নকল স্থানীয় কর্ত্তৃপক্ষকে দেওয়া ও স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

আর, বি, চ্যাপমন,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরি।

পবলিক ওকস ডিপার্টমেণ্ট।

নিযুক্তবিষয়ক—বিজ্ঞাপন

সিমলা, ১৮৭৯ সাল ২৫ নবেম্বর।

৪৮৮ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কর্ম্মবিভাগের ১৮৭৯ সালের ৩১ জুলাইর ২০৭৯নং নির্দ্ধারণের নিয়মাধীনে নিম্নলিখিত কর্ম্মকারকদের কর্ম্মত্যাগ করণার্থ পত্র গ্রহণ করিলেন। তাঁহারা যেং তারিখে কর্ম্মহইতে অবসৃত হন সেইং তারিখ অবধি তাঁহাদের কর্ম্মত্যাগ করণ ফলবৎ হইবে, ও স্থানীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

বঙ্গদেশের জলসেচন শাখা।

তৃতীয় শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত পি, ডি, জোন্স সাহেব।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরীর পরিবর্ত্তে।
এ, বি, সামসন,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৯ ডিসেম্বর।]

Pages, 2107 ২১০৭ [REGISTERED No. [illegible]]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 16, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৬ ডিসেম্বর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সিদ্ধান্ত, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS — ESTABLISHMENT.

Fort William, the 5th December 1879

No 495 — The Governor-General in Council is pleased to accept the resignations of the undermentioned officers, under the terms of Resolution No 2079, dated the 31st July 1879, of the Department of Finance and Commerce, with effect from the dates on which they may be relieved of their duties, which will be notified in the local gazettes —

Bengal Irrigation Branch

Wodoynarian Singh, Assistant Engineer, 2nd grade

A FRASER, *Major-Genl*, R.E.,
Secy to the Govt of India

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিলতাবিষয়ক—বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৯ সাল ৫ ডিসেম্বর।

৪৯৫।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব রাজস্ব ও বাণিজ্যসংক্রান্ত কার্য্যাধ্যক্ষদের ১৮৭৯ সালের ৩১ জুলাইর ২০৭৯ নং নির্দ্ধারণের নিয়মাধীন নিম্নলিখিত কর্ম্মকারকদের কর্ম্মত্যাগ করণার্থ-পত্র গ্রহণ করিলেন। তাঁহারা যেং তারিখে কর্ম্মহইতে অব্যাহতি পান সেইং তারিখ অবধি ঐ হাদের কর্ম্মত্যাগ করণ ফলবৎ হইবে ও স্থানীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

বঙ্গদেশ জলসেচন শাখ।

দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত উদয় নারায়ণ সিংহ।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর জেনরল, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

Numb. 2108 ২১০৮

[REGISTERED No. 30]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 23, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৩ ডিসেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE AND HOME

NOTIFICATION —JUDICIAL

Fort William, the 9th December 1879

No 1376 —The Hon'ble G C Paul, B A, C I E, resumed charge of the Office of Advocate-General for Bengal from the Hon'ble J D Bell, on the forenoon of the 17th ultimo

The Hon'ble Mr Bell at the same time resumed charge of the Office of Standing Counsel from Mr Phillips

C. BERNARD,
Offg Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS —ESTABLISHMENT

Fort William, the 11th December 1879

No 499 —Mr C Kamil Cany, Temporary Assistant Engineer, 3rd Grade, Bengal Irrigation Branch, ceased to belong to the Public Works Department Establishment from the 1st October 1879

No 500 —Mr A T Chiodetti, Assistant Engineer, 3rd Grade, is, on return from furlough, transferred from Bengal Railway Branch to the Establishment under the Director-General of Railways

A FRASER, *Major-Genl*, R E,
Secy. to the Govt of India.

হোম, রাজস্ব ও কৃষিকার্য্য সংক্রান্ত কর্ম্মবিভাগ।

সিবিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

জুডিশ্যাল।

ফোর্ট উলিয়ম, ১৮৭৯ সাল ৯ ডিসেম্বর।

১৩৭৬ নম্বর।—মান্যবর শ্রীযুত জি, সি, পাল সাহেব, বি, এ, ও সি, আই, ই, মান্যবর শ্রীযুত জে, ডি, বেল সাহেবের স্থানে গত মাসের ১৭ তারিখের পূর্ব্বাহ্নে বঙ্গদেশের আডবোকেট জেনরলের কর্ম্মের ভার পুনগ্র হণ করিলেন।

মান্যবর শ্রীযুত বেল সাহেব শ্রীযুত ফিলিপস সাহেবের স্থানে তৎকালে ষ্টাণ্ডিং কৌন্সেলের কর্ম্মের ভার পুনগ্র্হণ করিলেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক—বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম ৮৭৯ সাল ১১ ডিসেম্বর।

৪৯৯ নম্বর।—বঙ্গদেশের জলসেচন শাখার তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, কামিল কনী সাহেব ১৮৭৯ সালের ১ অক্টোবর অবধি পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের সিরিশ্‌তার কর্ম্মহইতে নিবৃত্ত হইলেন।

৫০০ নম্বর।—তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ টি, চিওডেট্টী সাহেব, নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া বঙ্গদেশের রেলওয়ে শাখাহইতে রেলওয়ে সমূহের ডৈরকটর জেনরল সাহেবের অধীন সিরিশ্‌তায় প্রেরিত হইলেন।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর জেনরল, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

[*Government Gazette*, *23rd December* 1879.]

(REGISTERED No. 30.)

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 30, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ৩০ ডিসেম্বর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি

LEGISLATIVE DEPARTMENT

NOTIFICATION

Fort William, the 18th December 1879

No 32—In exercise of the power conferred by the Statute 24 & 25 Vic, cap 67, section 17, the Governor-General in Council has been pleased to appoint Wednesday, the 24th instant, at noon as the time, and the Council Chamber in the Government House, Calcutta, as the place, for a meeting of the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations

D FITZPATRICK,
Offg Secy to the Govt of India

FOREIGN DEPARTMENT.

NOTIFICATION.—POLITICAL

Fort William, the 19th December 1879

No 1380 G P—With reference to Notification No 516 P, dated 10th February 1879, Mr J Eisenlohr, Consul for the German Empire at Calcutta, resumed charge of his office on the 10th December 1879

A C LYALL,
Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS—ESTABLISHMENT

Fort William, the 19th December 1879

No 514—The Government of India having no further employment for the following Officers, they are retired from the service, with effect from the 1st January 1880, except when otherwise specified, under the terms of Resolution in the Department of Finance and Commerce, dated 31st July 1879—

Bengal Irrigation Branch

Roberts, T R, Executive Engineer, 4th Grade, *on furlough*

No. 516—The Governor General in Council is pleased to accept the resignations of the undermentioned Officers under the terms of Resolution No 2079, dated the 31st July 1879, of the Department of Finance and Commerce, with effect from the dates on which they may be relieved of their duties, which will be notified in the local Gazettes—

State Railways

Martin, E J, Executive Engineer, 1st Grade

Metab Chunder Mullick, Assistant Engineer, 1st Grade

Military Works Branch

Also of—

Paterson, J, Executive Engineer, 4th Grade (on furlough), Bengal Provincial. The date will be notified hereafter

Maxwell, J F, Executive Engineer, 4th Grade (on furlough), Bengal Provincial The date will be notified hereafter

A FRASER, *Major-Genl*, R E,
Secy to the Govt of India

[*Government Gazette, 30th December* 1879.]

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৯ সাল ১৮ ডিসেম্বর।

৩২ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১৭ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, এই মাসের ২৪ তারিখ বুধবার মধ্যাহ্ন সময় এবং কলিকাতাস্থ গবর্ণমেণ্ট হৌসের মন্ত্রিসভাগৃহ আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার সমাবেশ হইবার সময় ও স্থান বলিয়া নির্ণয় করিলেন।

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পোলিটিকাল।

ফোর্ট উলিয়ম, ১৮৭৯ সাল ১৯ ডিসেম্বর।

১৩৮০ G P নম্বর।—১৮৭৯ সালের ১০ ফেব্রুয়ারির ৫৩৬ P নং বিজ্ঞাপনোপলক্ষে, শ্রীযুত জে, এসেন লোর সাহেব, ১৮৭৯ সালের ১০ ডিসেম্বরে, কলিকাতায় জার্ম্মেন্ বাজ্যের পক্ষে কন্সলের কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

এ সি লায়ল,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক—বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৭৯ সাল ১৯ ডিসেম্বর।

৫১৪ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট নিম্নলিখিত কর্ম্মকারকের কর্ম্ম থাকার পক্ষে রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কার্য্য বিভাগের ১৮৭৯ সালের ৩১ জুলাইর নির্দ্ধারণের নিয়মের নির্দ্দিষ্ট ফল ভিন্ন অন্যরূপ উপায় না দেখাতে তিনি ১৮৮০ সালের ১ জানুয়ারি অবধি কর্ম্ম হইতে অবসর গ্রহণ করিলেন।

বঙ্গদেশ, জল সেচন শাখা।

নিয়মিত ছুটী প্রাপ্ত চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত টি, আর, রবর্টস সাহেব।

৫১৬ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের রাজস্ব ও বাণিজ্যসংক্রান্ত কার্য্যবিভাগের ১৮৭৯ সালের ৩১ জুলাইর ২০৭৯ নং নির্দ্ধারণের নিয়মাধীনে নিম্নলিখিত কর্ম্মকারকদের কর্ম্মত্যাগ করণার্থ-পত্র গ্রহণ করিলেন। তাঁহারা যেই তারিখে কর্ম্ম হইতে অব্যাহতি পান সেই২ তারিখ অবধি তাঁহাদের কর্ম্ম ত্যাগ করণ ফলবৎ হইবে ও স্থানীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

ষ্টেট রেলওয়ে।

প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ই, জে, মার্টিন সাহেব।

প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত যাত্রাচাঁদ মল্লিক।

অপিচ,—

নিয়মিত ছুটীপ্রাপ্ত বঙ্গদেশের প্রবিন্স্ শাখের চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পিটরসন সাহেব। তারিখ পশ্চাৎ প্রকাশ করা যাইবে।

নিয়মিত ছুটীপ্রাপ্ত বঙ্গদেশের প্রবিন্স্ শাখের চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এফ, মাক্সওয়েল সাহেব। তারিখ পশ্চাৎ প্রকাশ করা যাইবে।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর জেনরল, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ ডিসেম্বর।]

Numb. 2161 ২১৬১ [REGISTERED No 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 28, 1880

মঙ্গলবার ১৮৮০ সাল ২৮ ডিসেম্বর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notification of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সিদ্ধান্ত, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

PUBLIC WORKS DEPARTMENT

NOTIFICATION.

Dated Fort William, the 11th December 1880

No 411 —Major L Conway Gordon, R E, is on return from furlough, appointed Examiner of Guaranteed Railway Accounts, Calcutta

Major F G Oldham R E, is, on being relieved by Major Conway-Gordon, appointed to officiate as Examiner of Accounts, Northern Bengal State Railway, during the absence of Mr Quinlan on privilege leave, or until further orders

A Fraser, *Major-Genl*, R E,
Secy to the Govt of India

পাবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ৮৮০ সাল ১১ ডিসেম্বর।

৪১১ নম্বর।—মেজর শ্রীযুত এল, কনওয়ে গর্ডন, সাহেব, আর, ই, বিলাত ছুটীহইতে প্রত্যাগমন করিয়া কলিকাতার গারাণ্টিড রেলওয়ের হিসাব পরীক্ষকের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত কুইনলান সাহেবের অনুগ্রহের ছুটী প্রযুক্ত অনুপস্থিত কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় মেজর শ্রীযুত এফ, জি ওলডহাম সাহেব, আর, ই, মেজর শ্রীযুত কনওয়ে গর্ডন সাহেবের প্রতি কর্ম্মের ভারাপণ করিয়া বঙ্গদেশের উত্তরদিকের ষ্টেট রেলওয়ের হিসাব পরীক্ষকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর-জেনরল, আর, ই
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 7, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ৭ জানুয়ারি।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS

No 5781A

GENERAL —*The 26th December* 1878 —Mr W Fiddian, Assistant Magistrate and Collector, Bogra, is transferred to the 24-Pergunnahs, and is appointed to officiate as Commissioner of the Soonderbuns, during the absence, on leave, of Mr A. D'B. Gomess, or until further orders

The 27th December 1878 —Mr D Cameron, Assistant Magistrate and Collector, in charge of the Nattore division of the Rajshahye district, is allowed leave for two months under the rules in Chapter VII of the Civil Leave Code

Mr C H Vowell, Joint-Magistrate and Deputy Collector, is appointed to act, until further orders, in the First Grade of Joint Magistrates and Deputy Collectors, with effect from the date on which he was relieved of his appointment as Officiating Magistrate and Collector of Rajshahye

The 28th December 1878 —Mr J Whitmore, Joint-Magistrate and Deputy Collector, Balasore, is allowed subsidiary leave from the 24th October to the 19th November last

In modification of the orders of the 21st instant, Mr H Gillon, Officiating Joint Magistrate and Deputy Collector of the First Grade, is appointed to have charge of the Nattore division of the Rajshahye district, during the absence, on leave, of Mr D Cameron, or until further orders

Mr W D Blyth, Assistant Magistrate and Collector, Sealdah, 24-Pergunnahs, is transferred to the Sudder Station of that district

In supersession of the orders of the 15th August last, Mr E M Reily, Deputy Magistrate and Deputy Collector, Rampore Hat, Moorshedabad, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code

Baboo Hurry Churn Ghose, Deputy Magistrate and Deputy Collector, on leave, is posted to Chumparun

Baboo Kasi Kinker Sen, Deputy Magistrate and Deputy Collector, is posted to Bhagulpore This cancels the orders of the 20th instant transferring him to Chumparun

Mr H Mosley, Joint-Magistrate and Deputy Collector, who has reported his return from furlough, is posted to the district of Durbhunga

The 30th December 1878 —Rai Ram Sunker Sen, Bahadoor, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code

Mr W N Campbell, Officiating Assistant Commissioner whose services have been replaced at the disposal of this Government by the Government of Madras, is posted to Hazareebagh

Baboo Gour Das Bysack, Deputy Magistrate and Deputy Collector, Backergunge is vested with the powers of a Collector under Act X (B C) of 1871, with effect from the 11th instant

Mr A C Tute, Assistant Magistrate and Collector, in charge of the Hajeepore division of the Mozufferpore district, is allowed subsidiary leave from the 1st to the 6th instant, both days inclusive, under Section 24 (b) of the Civil Leave Code

The orders of the 20th instant, transferring Baboo Abinash Churn Mullick, Officiating Deputy Magistrate and Deputy Collector, in charge of the Banka division of the Bhagulpore district, to the Sudder Station of that district, are cancelled

Baboo Hurry Mohun Chundra, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, having returned to duty on the forenoon of the 17th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 14th November 1878, is cancelled

Mr T E Ravenshaw, Commissioner of the Burdwan Division, having returned to India on the 20th instant, is allowed subsidiary leave for one day from that date under Section 24 (b) of the Civil Leave Code, to enable him to join his appointment.

[*Government Gazette, 7th January* 1879]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

৫৭৮১ A নম্বর।

সাধারণ।—১৮৭৮ সাল ২৬ ডিসেম্বর।—বগুড়ার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডাব্লিউ, কিডিয়াম সাহেব, ২৪ পরগনায় প্রেরিত হইয়া শ্রীযুত এ. ডি, বি, গোমেস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত, সুন্দরবনের কমিশনরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৮ সাল ২৭ ডিসেম্বর।—রাজশাহী জিলার অন্তর্গত নাটোর মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি কামিরস্ সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাস ছুটী পাইলেন।

জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এচ, বৌয়েল সাহেব, রাজশাহীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টরস্বরূপ আপন কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করণের তারিখ অবধি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৮ সাল ২৮ ডিসেম্বর। বালেশ্বরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, উইটমোর সাহেব গত অক্টোবর মাসের ২৪ তারিখ অবধি নবেম্বর মাসের ১৯ তারিখ পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

এই মাসের ২১ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা করা গেল। শ্রীযুত ডি, কামিরস্ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত প্রথম শ্রেণীর একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, গিলন সাহেব রাজশাহী জিলার অন্তর্গত নাটোর মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

২৪ পরগনার অন্তর্গত শিয়ালদহের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডাব্লিউ, ডি, ব্রাইথ সাহেব উক্ত জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

গত আগষ্ট মাসের ১৫ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। মুরশিদাবাদের অন্তর্গত রামপুরহাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, এম রাউলী সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাস ছুটী পাইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ চাম্পারণে অবস্থিত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীকিঙ্কর সেন, ভাগলপুরে অবস্থিত হইলেন। তাঁহাকে চাম্পারণে প্রেরণ বিষয়ক এই মাসের ২০ তারিখের আজ্ঞা ইহাতে রহিত করা গেল।

জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, মোসলী সাহেব নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া দারভঙ্গা জিলায় অবস্থিত হইলেন।

১৮৭৮ সাল ৩০ ডিসেম্বর।—২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রায় রামশঙ্কর সেন, বাহাদুর সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি-পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

একটিং আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত ডাব্লিউ, এম, কাম্বেল সাহেব মান্দ্রাজের গবর্ণমেণ্ট কর্ত্তৃক এই গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনর্ব্বার নিযুক্ত হওয়াতে হাজারীবাগে অবস্থিত হইলেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গৌরদাস বসাক এই মাসের ১১ তারিখ অবধি ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

মজঃফরপুর জিলার অন্তর্গত হাজিপুর মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, সি, টুট সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২৪ (b) ধারামতে এই মাসের ১ তারিখ অবধি ৬ তারিখ পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইলেন।

ভাগলপুর জিলার অন্তর্গত বাঁকা মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অবিনাশচরণ মল্লিকের স্থানান্তরে নিয়োগ বিষয়ক এই মাসের ২০ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিমোহন চন্দ্র এই মাসের ১৭ তারিখের পূর্ব্বাহ্নে কর্ম্মে প্রত্যাগমন করাতে ১৮৭৮ সালের নবেম্বর মাসের ১৪ তারিখে আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

বর্দ্ধমান খণ্ডের কমিশ্যনর শ্রীযুক্ত টি, ই, রেবনশা সাহেব এই মাসের ২০ তারিখে ভারতবর্ষে প্রত্যাগমন করাতে আপন কর্ম্ম গ্রহণ করিতে পারিবার নিমিত্তে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২৪ (b) ধারামতে উক্ত তারিখ অবধি এক দিন উপকরণার্থ ছুটী পাইলেন।

[কলিকাতা গেজেট। ১৮৭৯। ৭ জানুয়ারি।]

Mr L D Colledge, Officiating Deputy Magistrate and Deputy Collector, Nuddea, is transferred to Chittagong

Baboo Krishna Chunder Dutt, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Patooakhally division of the Backergunge district, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code

Baboo Ruttun Lal Ghose, Deputy Magistrate and Deputy Collector, in charge of the City Moorshedabad division of the Moorshedabad district, is appointed to have charge of the Patooakhally division of the Backergunge district, during the absence, on leave, of Baboo Krishna Chunder Dutt, or until further orders

The 31st December 1878 —The unexpired portion of the privilege leave granted to Mr C A Kelly, Officiating District and Sessions Judge, Bankoora, and Additional District and Sessions Judge, Burdwan under orders of the 2nd September last, is cancelled with effect from the forenoon of the 26th November last

Mr H Mosley, Joint-Magistrate and Deputy Collector, Durbhunga, who reported his return from furlough on the 23rd instant, is allowed subsidiary leave for fifteen days from that date, to enable him to join his appointment

POLICE —*The 28th December* 1878 —Mr M F Beamish, Assistant Superintendent of Police, in charge of the District Police of Tipperah, is allowed subsidiary leave from the 21st to the 30th November 1878 inclusive

The 31st December 1878 —The following promotions of Police Officers are sanctioned with effect from the 1st October 1878, the date on which Colonel A H Paterson retired —

Colonel W R Gordon, Officiating Deputy Inspector-General of Police, is confirmed in that appointment, *vice* Colonel A H Paterson

Mr O S Stack, District Superintendent of Police, Moorshedabad, is promoted to the First Grade of District Superintendents of Police, *vice* Colonel W R Gordon

Mr F T Platts, District Superintendent of Police, Chittagong, is promoted to the Second Grade of District Superintendents of Police, *vice* Mr O S. Stack

Mr H A Coombs, District Superintendent of Police, Gurjat Mehals, is promoted to the Third Grade of District Superintendents of Police, *vice* Mr F T Platts

Mr G M M Ridsdale, District Superintendent of Police, Rungpore, is promoted to the Fourth Grade of District Superintendents of Police, *vice* Mr. H. A Coombs.

Mr W F Smith, Assistant Superintendent of Police, Patna, is promoted to the First Grade of Assistant Superintendents of Police

Mr O B Wood, Assistant Superintendent of Police, Chittagong Hill Tracts, is promoted to the Second Grade of Assistant Superintendents of Police, *vice* Mr W F Smith

The following promotions of Police Officers are sanctioned with effect from the 6th November 1878, *vice* Mr M B Rochfort —

Mr F Wilcox, District Superintendent of Police, Dinagepore, is promoted to the Fourth Grade of District Superintendents of Police, *vice* Mr M B Rochfort

Mr G H French, Officiating District Superintendent of Police, Mymensing, is promoted to the Fifth Grade of District Superintendents of Police, *vice* Mr F Wilcox

Baboo Mohendro Nath Hazra, Assistant Superintendent of Police, in charge of the District Police, Maldah, is promoted to the First Grade of Assistant Superintendents of Police, *vice* Mr G H French

EDUCATION —*The 31st December* 1878 —Baboo Dina Nath Sen, Head Master of the Dacca Normal School, is appointed to be an Assistant Inspector of Schools in the Chittagong division

In supersession of the orders of the 14th instant, published in the *Calcutta Gazette* of the 18th idem, Baboo Kailash Chunder Sen, Deputy Inspector of Schools, Dacca, is appointed to be Head Master of the Dacca Normal School, but will continue to act in his present appointment until further orders

MEDICAL —*The 27th December* 1878 —Assistant Surgeon Nripendro Chunder Mookerjee, a Supernumerary now doing duty at the Howrah General Hospital, is allowed leave for one month, under Section 1(b-5), Supplement F to the Civil Leave Code.

[*Government Gazette, 7th January* 1879]

নদীয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল, ডি, কলেজ সাহেব চট্টগ্রামে প্রেরিত হইলেন।

বাকরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালী মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দত্ত সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাস ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দত্তের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মুরশিদাবাদ জিলার অন্তর্গত শহর মুরশিদাবাদ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রতন লাল ঘোষ বাকরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালী মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৮ সাল ৩১ ডিসেম্বর।—বাঁকুড়ার একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ এবং বর্দ্ধমানের আডিশ্যনল ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত সি, এ, কেলি সাহেব গত সেপ্টেম্বর মাসের ২ তারিখের আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহার অবশিষ্টাংশ গত নবেম্বর মাসের ২৬ তারিখের পূর্ব্বাহ্ন অবধি রহিত করা গেল।

দারভাঙ্গার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, বোসলী সাহেব মিরবিত ছুটী হইতে এই মাসের ২৩ তারিখে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করাতে আপন কর্ম্ম গ্রহণ করিতে পারিবার নিমিত্ত উক্ত তারিখ অবধি পনের দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

পোলীস বিষয়ক।—১৮৭৮ সাল ২৮ ডিসেম্বর।—ত্রিপুরার ডিষ্ট্রিক্ট পোলীসের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এম, এফ, বীমিস সাহেব ১৮৭৮ সালের নবেম্বর মাসের ২১ তারিখ অবধি ৩০ তারিখ পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইলেন।

১৮৭৮ সাল ৩১ ডিসেম্বর।—কর্ণেল শ্রীযুত এ, এচ, পাটরসন সাহেবের কর্ম্ম হইতে অবসর গ্রহণের তারিখ অবধি অর্থাৎ ১৮৭৮ সালের ১ অক্টোবর অবধি পোলীসের কর্ম্মকারকদের নিম্নলিখিত পদবৃদ্ধি অনুমোদিত হইল।

কর্ণেল শ্রীযুত এ, এচ, পাটরসন সাহেবের পরিবর্ত্তে পোলীসের একটিং ডেপুটী ইনস্পেক্টর-জেনরল কর্ণেল শ্রীযুত ডবলিউ, আর, গর্ডন সাহেব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

কর্ণেল শ্রীযুত ডবলিউ আর গর্ডন সাহেবের পরিবর্ত্তে মুরশিদাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ও, এস, ষ্টাক সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত ও, এস, ষ্টাক সাহেবের পরিবর্ত্তে চট্টগ্রামের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ, টি, প্লাটস সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত এফ, টি, প্লাটস সাহেবের পরিবর্ত্তে গর্জাত মহালের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, এ, কুম্বস সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের তৃতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত এচ, এ, কুম্বস সাহেবের পরিবর্ত্তে রঙ্গপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, এম, এম, রিডসডেল সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের চতুর্থ শ্রেণীভুক্ত হইলেন।

পাটনার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, এফ, স্মিথ সাহেব পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ এফ, স্মিথ সাহেবের পরিবর্ত্তে চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ও, বি, উড সাহেব পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত এম, বি, রচফর্ট সাহেবের পরিবর্ত্তে ১৮৭৮ সালের ৬ নবেম্বর অবধি পোলীসের কর্ম্মকারকদের নিম্নলিখিত পদ বৃদ্ধি অনুমোদিত হইল।

শ্রীযুত এম, সি, রচফর্ট সাহেবের পরিবর্ত্তে দিনাজপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ, উইলকক্স সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের চতুর্থ শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত এফ, উইলকক্স সাহেবের পরিবর্ত্তে ময়মনসিংহের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, এচ, ক্রেক সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের পঞ্চম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত জি, এচ, ক্রেক সাহেবের পরিবর্ত্তে মালদহের ডিষ্ট্রিক্ট পোলীসের কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ হাজরা পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৭৮ সাল ৩১ ডিসেম্বর।—ঢাকার নর্ম্মাল স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু দীননাথ সেন, চট্টগ্রাম খণ্ডের অন্তর্গত স্কুল সমূহের আসিষ্টাণ্ট ইনস্পেক্টরের পদে নিযুক্ত হইলেন।

এই মাসের ২৪ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত এই মাসের ১৪ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। ঢাকার স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র সেন, ঢাকার নর্ম্মাল স্কুলের প্রধান শিক্ষকের পদে নিযুক্ত হইলেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত স্বীয় বর্ত্তমান পদের কর্ম্ম করিতে থাকিবেন।

চিকিৎসাবিষয়ক।—১৮৭৮ সাল ২৭ ডিসেম্বর।—হাবড়ার জেনরল হাস্পাতালে সম্প্রতি কর্ম্মকারি অতিরিক্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত নৃপেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিকিৎসা পারিশিষ্ট বিধির ১ (৮-৪) ধারামতে এক মাস ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৭ জানুয়ারি।]

The 30th December 1878 —Supernumerary Assistant Surgeon Mahendro Nath Gangopadhyay acted as House Surgeon of the Second Surgeon's Wards of the Medical College Hospital, with effect from the 7th October to the 30th November last

Dr J A Greene, Medical Officer of Serampore, is appointed to act, until further orders, as Medical Officer of Furreedpore

Baboo Udoy Chand Dutt, Officiating Medical Officer, Furreedpore, is appointed to act as Medical Officer of Serampore, during the absence, on deputation, of Dr J A Greene, or until further orders

The 31st December 1878 —Assistant Surgeon Mohendro Nath Gangooly, a Supernumerary attached to the Medical College Hospital, Calcutta, is allowed leave for eighteen months, under Section 9, Supplement F to the Civil Leave Code

Surgeon E Bovill is appointed to act, until further orders, as Civil Surgeon of Durbhunga, with effect from the 27th November last

ROAD CESS —*The 30th December* 1878 —The following gentlemen are re-appointed to be members of the District Road Cess Committee of Mymensing —

Moharaja Raj Krishna Sing, Bahadoor
Baboo Bepin Behary Mookerjee, Deputy Magistrate and Deputy Collector.
,, Debidas Neogi
,, Gunga Das Guha
,, Hari Chunder Chowdry
,, Kashi Kishore Ray Chowdry
,, Keshub Chunder Acharji Chowdry
,, Mohim Chunder Roy Chowdry
Rai Surja Kant Acharji Chowdry, Bahadoor
Baboo Amrita Narain Acharji Chowdry
,, Durga Das Acharji Chowdry
,, Jogendra Kishore Roy Chowdry
Moonshi Sadatali Khan

The following gentlemen are appointed to be additional members of the Branch Road Cess Committee of Howrah —

Baboo Sarodi Churn Roy | Baboo Peary Mohun Roy
Baboo Krishna Prosunno Roy

ERRATUM —*The 31st December* 1878 —In the orders of the 10th instant, published in the *Calcutta Gazette* of the 11th idem, granting Mr N T Ryves, Sub-Deputy Opium Agent attached to the Behar Agency, privilege leave for two months and twenty-two days, with effect from the 4th ultimo, *for* " Mr N T Ryves, Sub-Deputy Opium Agent," *read* " Mr W T Ryves, an Assistant Sub-Deputy Opium Agent "

The following notifications are republished from the *Assam Gazette* —

No 201 —*The 8th December* 1878 —The Chief Commissioner has been pleased to invest Mr R B McCabe, C S, Assistant Commissioner, Third Grade, Lakimpur, with the powers of an Assistant Inspector of Immigrants, under Act VII (B C) of 1873, in that district

No 209.—*The 19th December* 1878 —The undermentioned officer has been permitted by Her Majesty's Secretary of State for India to return to duty, as advised in list dated 8th November 1878 —

Name	Service	Appointment	Date on which permitted to return
J M K Gouldsbury	Uncovenanted	Fourth Grade District Superintendent of Police Assam	Within the period of his leave

No 47 —*The 17th December* 1878 —Under the provisions of Section 37 of Act X of 1872, the Chief Commissioner has been pleased to invest Mr F St C Grimwood, Assistant Commissioner Sibsagar, with the powers of a Magistrate of the First Class

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

[*Government Gazette, 7th January* 1879]

১৮৭৮ সাল ৩০ ডিসেম্বর।—অতিরিক্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মহেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় গত অক্টোবর মাসের ৭ তারিখ অবধি নবেম্বর মাসের ৩০ তারিখ পর্য্যন্ত মেডিকাল কালেজ হাস্পাতালের দ্বিতীয় সর্জ্জ নর ওয়ার্ডে হৌস সর্জ্জনের কর্ম্ম করিয়াছেন।

শ্রীরামপুরের চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে, এ, গ্রীন সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ফরীদপুরের চিকিৎসকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যাপলক্ষে ডাক্তর শ্রীযুত জে, এ গ্রীন সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ফরীদপুরের একটিং চিকিৎসক শ্রীযুত বাবু উদয়চাঁদ দত্ত শ্রীরামপুরের চিকিৎসকের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৮ সাল ৩১ ডিসেম্বর।—কলিকাতার মেডিকালকালেজ হাস্পাতালে নিযুক্ত অতিরিক্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মহেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F, চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে আঠার মাস ছুটী পাইয়াছেন।

সর্জ্জন শ্রীযুত ই ববিল সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত গত নবেম্বর মাসের ২৭ তারিখ অবধি দ্বারভঙ্গার সিবিল চিকিৎসকের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

পথকর বিষয়ক।—১৮৭৮ সাল ৩০ ডিসেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহ জিলার পথকর কমিটীতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত মহারাজা রাজকৃষ্ণ সিংহ, বাহাদুর।
ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিপিন বিহারী মুখোপাধ্যায়।
শ্রীযুত বাবু দেবীদাস নিয়োগী।
,, ,, গঙ্গাদাস গুহ।
,, ,, হরচন্দ্র চৌধুরী।
,, ,, কাশীকিশোর রায় চৌধুরী।
,, ,, কেশব চন্দ্র আচার্য্য চৌধুরী।
,, ,, মহিমচন্দ্র রায় চৌধুরী।
,, রায় সূর্য্যকান্ত আচার্য্য চৌধুরী, বাহাদুর।
শ্রীযুত বাবু অমৃত নারায়ণ আচার্য্য চৌধুরী।
,, ,, দুর্গাদাস আচার্য্য চৌধুরী।
,, ,, যোগেন্দ্র কিশোর রায় চৌধুরী।
,, মুনশী সাদৎআলি খাঁ।

নিম্নলিখিত মহাশয়েরা হাবড়ার শাখা পথকর কমিটীর অতিরিক্ত সভ্যপদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শারদাচরণ রায়। | শ্রীযুত বাবু পিয়ারীমোহন রায়।
শ্রীযুত বাবু কৃষ্ণপ্রসন্ন রায়।

অশুদ্ধশোধন।—১৮৭৮ সাল ২ ডিসেম্বর।—বিহার এজেন্টীতে নিযুক্ত আফীমের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত এন, টি, রাইবস সাহেবকে গত মাসের ৪ তারিখ অবধি দুই মাস বাইশ দিন ছুটী দেওন বিষয়ক এই মাসের ১০ তারিখের যে আজ্ঞা এই মাসের ১৭ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহাতে "আফীমের সব ডেপুটী এজেন্ট শ্রীযুত এন, টি, রাইবস সাহেব" এই কথার পরিবর্ত্তে "আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত ডবলিউ, টি, রাইবস সাহেব" পাঠ করিতে হইবে

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেটহইতে উদ্ধৃত করা গেল।

২০৪ নম্বর।—১৮৭৮ সাল ৮ ডিসেম্বর। প্রধান কমিশ্যনর সাহেব লক্ষ্মীপুরের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত আর, বি, মাকেব, সি, এস, সাহেবকে উক্ত জিলার ১৮৭৩ সালের বঙ্গীয় ৭ আইনমতে বিদেশগামিদের সহকারি পরিদর্শকের ক্ষমতা দিলেন।

২০৯ নম্বর।—১৮৭৮ সাল ১৯ ডিসেম্বর।—ভারতবর্ষেরপক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব ১৮৭৮ সালের ৮ নবেম্বরের নির্ঘণ্টপত্রের আদেশমতে নিম্নলিখিত কার্য্যকারককে কর্ম্মে প্রত্যাগমন করিবার অনুমতি দিয়াছেন।

নাম।	সর্ব্বিস।	পদ	যে তারিখে প্রত্যাগমনের আদেশ হইল,
শ্রীযুত জে, এম, ই, গুলসবরি সাহেব,	অচিহ্নিত	আসামের পোলীসের চতুর্থ শ্রেণীর ডিষ্ট্রিক সুপরিন্টেণ্ডেণ্ট	তাঁহার ছুটীর কালের মধ্যে।

৪৭ নম্বর।—১৮৭৮ সাল ১৭ ডিসেম্বর।—শ্রীযুত প্রধান কমিশ্যনর সাহেব শিবসাগরের আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এফ, সেণ্ট, সি, গ্রিমউড সাহেবকে ১৮৭২ সালের ১০ আইনের ৩৭ ধারার বিধানমতে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা দিয়াছেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৭ জানুয়ারি।]

NOTIFICATION

The 27th December 1878 —Under Section 8 Act V (B C) of 1875, the Lieutenant-Governor of Bengal has determined that a survey shall be made of the lands from base lines to be laid down by the Dearah Survey party along the banks of the river Megna through the districts of Dacca and Tipperah Commencing from the points where the line of survey notified in the *Calcutta Gazette* of 21st June 1876, page 677, ends in the Megna, this survey will extend northwards till it reaches Bhyrub Bazar, in the sub-division of Kishoregunge, in the district of Mymensingh The boundaries of all mouzahs will be demarcated, and those of estates where considered necessary by the Collector

A. MACKENZIE,
Secy to the Govt of Bengal.

JUDICIAL DEPARTMENT

No 5782A

The 17th December 1878 —The following gentlemen are appointed to be Honorary Magistrates for the Gaibanda Bench, in the district of Rungpore, and are vested with the powers of a Magistrate of the Third Class —

Baboo Akhoy Coomar Bagchee, Zemindar's Agent
,, Modhu Soodan Lahiry, Zemindar
Munshi Farazooddin Khan, Jotedar and Pleader.
Kazee Rojabali, Jotedar and Mahomedan Marriage Registrar

The 27th December 1878.—In supersession of the orders of the 14th instant, Baboo Jeebun Krishna Chatterjee, Second Subordinate Judge and Officiating Small Cause Court Judge, Rajshahye, is appointed to act, until further orders, as Second Subordinate Judge of Burdwan and Midnapore, and Subordinate Judge of West Burdwan

The 28th December 1878 —Baboo Nuffer Chunder Bhutto, Officiating Second Subordinate Judge and Judge of the Small Cause Court at Burrisal, in Backergunge, is allowed leave for one month under Rule 1, Section 31 of the Civil Leave Code, with effect from or after the second week of January 1879

The 30th December 1878 —Baboo Chunder Nath Ghose, B L, is appointed to act as Moonsif of Chooadanga, in the district of Nuddea, during the absence, on leave, of Baboo Sasi Bhooshun Banerjee, or until further orders

The 31st December 1878 —Baboo Suresh Chunder Ghose, B L, is appointed to act as Moonsif of Pingna, in the district of Mymensing, during the absence, on leave, of Baboo Hemango Chunder Bose, or until further orders

Baboo Jagut Bundhoo Dutt, M A and B L, Sudder Moonsif of Dacca, is transferred to Chittagong

Baboo Judoonath Ghose, Sudder Moonsif of Chittagong, on leave, is transferred to Dacca

The orders of the 9th August 1877, published in the *Calcutta Gazette* of the 15th idem vesting Baboo Bhoobun Chundra Mookerjee, B L, Subordinate Judge of Dinagepore, under Section 29 of the Bengal Civil Courts' Act VI of 1871, with the powers of a Small Cause Court Judge for the trial of suits cognizable by such courts up to the amount of Rs 50, within the local limits of the jurisdiction of the Sudder Moonsif of Dinagepore, are cancelled

The Senior Sudder Moonsif of Dinagepore for the time being is vested, under Section 29 of the Bengal Civil Courts' Act VI of 1871, with the powers of a Small Cause Court Judge for the trial of suits cognizable by such courts up to the amount of Rs 50 within the local limits of his jurisdiction

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal.

[*Government Gazette, 7th January* 1879.]

বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ২৭ ডিসেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭৫ সালের বঙ্গীয় ৫ আইনের ৩ ধারামতে স্থির করিয়াছেন যে বিহারা জরীপী কার্য্যকারকেরা ঢাকা ও ত্রিপুরা জিলার মধ্যদিয়া মেঘনা নদীর ধারে২ যে ব্যাসরেখা টানিবেন তদন্তর্গত সকল ভূমির জরীপ করা যাইবে। ১৮৭৬ সালের জুন মাসের ২৭ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৫৫৯ পৃষ্ঠার প্রকাশিত মেঘনার যে স্থানে জরীপী রেখার শেষ হয় সেইস্থানে আরম্ভহইয়া ময়মনসিংহ জিলার অন্তর্গত কিশোরগঞ্জ মহকুমা ভৈরব বাজারে না পঁহুছন পর্য্যন্ত উত্তর মুখে এই জরীপ চলিবে। সকল মৌজার এবং কালেক্টর সাহেবের যে২ মহালের আবশ্যক জ্ঞান করেন তাহার সীমার চিহ্ন দেওয়া যাইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৫৭৮২ A নম্বর।

১৮৭৮ সাল ১৭ ডিসেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা রঙ্গপুর জিলার অন্তর্গত গাইবান্ধা বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

জমীদারের নাএব শ্রীযুত বাবু অক্ষয় কুমার বাগ্‌চী।
জমীদার শ্রীযুত বাবু মধুসূদন লাহিড়ী।
যোতদার ও উকীল শ্রীযুত মুনশী করাজুদ্দীন খাঁ।
যোতদার ও মুসলমানদের বিবাহের রেজিষ্ট্রার শ্রীযুত কাজী রজাব আলি।

১৮৭৮ সাল ২৭ ডিসেম্বর।—এই মাসের ১৪ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। দ্বিতীয় সবর্ডিনেট জজ ও রাজশাহীর ক্ষুদ্র মোকদ্দমার আদালতের একটিং জজ শ্রীযুত বাবু জীবন কৃষ্ণ চট্টোপাধ্যায় অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বর্দ্ধমান ও মেদিনীপুরের দ্বিতীয় সবর্ডিনেট জজের এবং পশ্চিম বর্দ্ধমানের সবর্ডিনেট জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৮ সাল ২৮ ডিসেম্বর।—একটিং দ্বিতীয় সবর্ডিনেট জজ ও বাকরগঞ্জের অন্তর্গত বরিশালের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু শঙ্করচন্দ্র ভট্ট সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩১ ধারার ১ প্রকরণ মতে ১৮৭৯ সালের জানুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহ অবধি বা তৎপর অবধি এক মাস ছুটী পাইলেন।

১৮৭৮ সাল ৩০ ডিসেম্বর।—শ্রীযুত বাবু শশীভূষণ বন্দ্যোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু চন্দ্রনাথ ঘোষ, বি, এল, নদীয়া জিলার অন্তর্গত চুয়াডাঙ্গার মুনসেফের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৮ সাল ৩১ ডিসেম্বর।—শ্রীযুত বাবু হেমাঙ্গচন্দ্র বসুর ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু সুরেশচন্দ্র ঘোষ, বি, এল, ময়মনসিংহ জিলার অন্তর্গত পিঙ্গনার মুনসেফের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

ঢাকার সদর মুনসেফ শ্রীযুত বাবু জগবন্ধু দত্ত, এম, এ, ও বি, এল, চট্টগ্রামে প্রেরিত হইলেন।

চট্টগ্রামের সদর মুনসেফ শ্রীযুত বাবু যদুনাথ ঘোষ ঢাকায় প্রেরিত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

দিনাজপুরের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু ভুবনচন্দ্র মুখোপাধ্যায়, বি, এলকে, দিনাজপুরের সদর মুনসেফীর বিচারাধিপত্যের স্থান সীমার মধ্যে ক্ষুদ্রমোকদ্দমার আদালতের বিচার্য্য ৫০০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা দেওন বিষয়ক ১৮৭৭ সালের আগষ্ট মাসের ৯ তারিখের যে আজ্ঞা ঐ মাসের ২১ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা রহিত করা গেল।

যিনি যে সময়ে দিনাজপুরের পদজোষ্ঠ সদর মুনসেফ হন তিনি স্বীয় বিচারাধিপত্যের স্থান সীমার মধ্যে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য ৫০০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৭ জানুয়ারি।]

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL

ESTABLISHMENTS

The 20th December 1878

No 251 —*Notifications*—Colonel J D Swayne, Executive Engineer, First Grade, assumed charge of the Dinagepore Division on the 4th December 1878, before noon

No 252 —Mr J J O'Flaherty, Executive Engineer, Fourth Grade, joined the Mozufferpore Division on the 12th December 1878, before noon.

The 21st December 1878

No 253 —Mr A Wilson, Assistant Examiner of Public Works Accounts, Bengal, who has been employed as an Assistant Secretary in this Department, and who was allowed* three months' privilege leave, availed himself of the same from the 23rd September 1878, before noon, to the 20th December 1878, afternoon, and he rejoined this office on the 21st idem, before noon

* Bengal Government (Public Works Department) Notification No 203 of 13th September 1878

LOCAL COMMUNICATIONS

The 30th December 1878

No 254 —*Declaration under Section* 6, *Act X of* 1870, *of the Government of India* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz , for the construction of the portion of the line of road from Keshpore to Narajole in the villages of Narajole, Kismut, Narajole, Harirajpore, Doobrajpore, Singaghye and Chandipore, pergunnah Narajole, zillah, Midnapore, it is hereby declared that for the above purpose, a piece of land measuring, more or less, 61 beeghas 16 cottahs 11 chuttacks of standard measurement, 3 miles and 793 feet in length and 50 feet in width, is required within the aforesaid villages of Narajole, Kismut Narajole, Harirajpore, Doobrajpore, Singaghye, and Chandipore

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

ESTABLISHMENT

The 30th December 1878

No 255 —*Leave of Absence* —Colonel J D Swayne, Executive Engineer, First Grade, Dinagepore Division, is allowed subsidiary leave from the 23rd November to the 3rd December 1878

J E T NICOLLS, *Major-General*, R E ,
Secy. to the Govt of Bengal, in the Public Works Department.

IRRIGATION.

NOTIFICATION —ESTABLISHMENT

Dated 26th December 1878

No 317 —*Leave* —Mr A J Oldham, Assistant Engineer, First Grade, Gunduck Division, is granted sick leave for 18 months, under Section 8, Supplement F of the Civil Leave Code, with effect from the 27th December 1878, together with subsidiary leave from the 20th idem

Dated 27th December 1878

No 318 —*Notification* —The undermentioned officers reported their return from Famine Relief Works on the dates specified opposite their names .—

Mr H Unwin, Executive Engineer, Second Grade,—afternoon of the 24th December 1878

[*Government Gazette*, 7*th January* 1879]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৮ সাল ২০ ডিসেম্বর।

২৫১ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুত জে, ডি, স্নেল সাহেব ১৮৭৮ সালের ৪ ডিসেম্বরের পূর্ব্বাহ্ণে দিনাজপুর খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

২৫২ নম্বর।—চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, জে, ওক্লহার্ট সাহেব ১৮৭৮ সালের ১২ ডিসেম্বরের পূর্ব্বাহ্ণে মজফরপুর খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৮ সাল ২১ ডিসেম্বর।

২৫৩ নম্বর।—এই কার্য্যবিভাগে আসিষ্টাণ্ট সেক্রেটরীর পদে নিযুক্ত বঙ্গদেশের পবলিক ওর্কসের আসিষ্টাণ্ট হিসাব পরীক্ষক শ্রীযুত এ, উইলসন সাহেব যে তিন মাস অনুগ্রহের ছুটী পান* তাহা ১৮৭৮ সালের ২৩ সেপ্টেম্বরের পূর্ব্বাহ্ণ অবধি ১৮৭৮ সালের ২০ ডিসেম্বরের অপরাহ্ণ পর্য্যন্ত গ্রহণ করিয়া উক্ত মাসের ২১ তারিখের পূর্ব্বাহ্ণে এই আফিসে কর্ম্ম গ্রহণ করিলেন।

*বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৮ সালের ১৩ সেপ্টেম্বরের ২০২ নং বিজ্ঞাপন।

স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৮৭৮ ৩০ ডিসেম্বর।

৩। শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এই আজ্ঞাও করিলেন যে, ১৮৬৯ সালের ১৬ আইনের বিধান সর্ব্বদাই প্রবল মানিয়া জলপাইগুড়ি জিলা রঙ্গপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের এবং সবর্ডিনেট জজের বিচারাধিপত্যভুক্ত হয় ও প্রথমোক্ত জিলার ডেপুটী কমিশ্যনর সবর্ডিনেট জজের ক্ষমতাক্রমে যে কার্য্য করিতেন তাহা রহিত করা যায়। আরও জলপাইগুড়ি নামক জিলার সীমার মধ্যে সেশনের বিচার্য্য যত মোকদ্দমা উপস্থিত হয় হাই কোর্টের অনুমোদনক্রমে তিনি তাহার বিচার করণার্থে সেশন আদালতের অধিবেশনের স্থান বলিয়া জলপাইগুড়ি নিরূপণ করিলেন।

৪। ১৮৭৯ সালের ১ মার্চ অবধি এই নিয়ম চলিবে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৩ ফেব্রুয়ারি।—১৮৭৮ সালের জুলাই মাসের ১৯ তারিখের গবর্ণমেণ্টের জ্ঞাপন পত্রাতিরিক্ত এতদ্দ্বারা এই জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল। নিম্নলিখিত গ্রাম পরস্পর বিদ্বেষভাব থাকা প্রযুক্ত এইক্ষণে পোলীস দল উঠাইয়া লইলে শান্তিভঙ্গের সম্ভাবনা এই হেতু শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে এক জন হেড কনষ্টাবল ও চারি জন কনষ্টাবলের এক বিশেষ পোলীস দল ১৮৭৯ সালের ৩১ জানুয়ারি অবধি আর ছয় মাস বাকরগঞ্জ জিলার অন্তর্গত পিরোজপুর মহকুমার সিজখালী গ্রামে থাকিবার অনুমতি দিলেন। নিম্নলিখিত দলের খরচ পূর্ব্বের ন্যায় উক্ত গ্রামবাসিদের স্ব২ অবস্থানুসারে হারাহারী মতে ধার্য্য হইয়া আদায় করা যাইবে।

	টাকা।
চতুর্থ শ্রেণীর এক জন হেড কনষ্টাবল	১০৲
৬৲ টাকা করিয়া চতুর্থ শ্রেণীর চারি জন কনষ্টাবল	২৪৲
পেনশ্যনের হিসাবে টাকা প্রতি ৶০ আনা করিয়া	৪।০
শত করা ১০ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ	৩।৶
ডিঙ্গি ভাড়া মাসে ।৹ আনা করিয়া	৮৲
মোট	৪৯।৶০
ছয় মাসের	২৯৭৸০
ছয় মাসের কাপড়ের খরচ	১০৲
মোট	৩০৭৸০

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক।

১৮৭৯ সাল ১০ ফেব্রুয়ারি।

৬৮ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, হর্ণ সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে কলিকাতার প্রথম খণ্ড হইতে পাটনা খণ্ডে প্রেরিত হইলেন।

(সিবিল অট্টালিকা বিষয়ক।)

১৮৭৯ সাল ১০ ফেব্রুয়ারি।

৩৯ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ চাম্পারণ জিলার অন্তর্গত মঝওয়া পরগনার বেলওয়া তার ও তিরকুলওয়া গ্রামে মতিহারীতে ডিষ্ট্রিক্ট জেল প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মতিহারীর নিকট উক্ত বেলওয়া তার ও তিরকুলওয়া গ্রামে কমিনতে ন্যূনাধিক ১৭।২৶ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা পরমেশ্বর চামার ও

itself, on the east by the road from Motiharee to Toorkowlia, and on the west by land cultivated by ryots Manohar Mahto Koyri and Isser Koyri, is required within the aforesaid village of Belwa Tar and Tirkoolwa near Motiharee

This declaration is made, under the provisions of section 6, Act X of 1870, to all whom it may concern

(LOCAL COMMUNICATIONS)

The 10th February 1879

No 40 —Declaration under Section 6, Act X of 1870 of the Government of India — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the construction of a road in the village of Bainboha, pergunnahs Nasibsahi and Mohimsahi, zillah Furreedpore, it is hereby declared that for the above purpose a piece of land, measuring more or less, 23 beeghas 15 cottahs 4 chittacks of standard measurement, bounded on the north, south, east and west by the village of Bainboha, and passing along the Dhopakhally Khall in the said village, commencing from the end of the Mattibhora road and ending near the Kohbari adjacent to Nasibsahi Bhor, is required within the aforesaid village of Bainboha

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

No 41 —Declaration, under Section 6 of Act X of 1870 of the Government of India, in supersession of Declaration No 299, dated the 26th November 1878, which was published at page 1256 of the "Calcutta Gazette" of the 27th idem —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for the construction of a road from Danga to Nursingdee, in zillah Dacca, it is hereby declared that for the above purpose a piece of land, measuring, more or less, nine miles 1,961 feet in length by about fifty feet in width, and passing through the villages of Danga, Hoshenhatta, Towra, Kendooabo, Bunbhog, Pakoorea, Manoora or Muttra, Boudaul, Kakoyosha, Shonar, Pachdona, Sreenugoor, Dakinchandan, Boraurhat, Sreechundee, Shilmandi, Ashmandee, Baghata, Masimpoor, Khatua, Shaeldepara, Bagadee, Shaturpara, Nursingdee, in thana Rupgunge, is required

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

By order of the Lieutenant-Governor of Bengal,
G A D ANLEY, C E,
Asst Secy to the Govt of Bengal,
P. W Dept.

IRRIGATION

NOTIFICATION —ESTABLISHMENT

The 4th February 1879

No 51 —Notifications —In continuation of the orders marginally noted, the Lieutenant-Governor is pleased to promote Baboo Jodonath Mukerjee, Deputy Canal Revenue Superintendent, Midnapore, to the Second Grade of Canal Revenue Superintendents, on a pay of Rs 400 per mensem, with retrospective effect from the 1st March 1878

No 4, dated 2nd January 1879

The 10th February 1879

No 52 —Notification No 303 of the 28th Novembar 1878, granting special leave on urgent private affairs for one month to Mr C W Hope, Executive Engineer, Third Grade, is hereby cancelled '

IRRIGATION

No 53 —Declaration No 117, under Section 6 of Act X of 1870, for land for the excavation of a drainage channel in the village of Oolipore, pergunnah Khurruckpore, in the district of Midnapore, published at page 497, Part I of the *Calcutta Gazette* of the 11th April 1877, is hereby cancelled, the land declared for not being required

H C LEVINGE,
Joint-Secy to the Govt of Bengal,
in the P W. Dept, Irrigation Branch.

[*Government Gazette*, 18th *February* 1879]

রৌলী কোমবা ও বাসি হাজরা গোপাল রায়ভদের কর্ষিত ভূমি, দক্ষিণ সীমা ঘোড় দৌড়ের পথে যাইবার পথ ও ঐ ঘোড়দৌড়ের পথ, পূর্ব্ব সীমা মতিহারী অবধি ভুবকেলিয়া পর্য্যন্ত পথ, ও পশ্চিম সীমা মনোহর মহতো কোঃরি ও ঈশ্বর কোয়রি বায়ভদের কর্ষিত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্কথাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

(স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।)

১৮৭৯ সাল ১০ ফেব্রুয়ারি।

৪০ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ফরীদপুর জিলার অন্তর্গত মসিবশাহী ও মহিমশাহী পরগনার বৈনবোহা গ্রামে পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বৈনবোহা গ্রামে কমিমতে ন্যূনাধিক ১১৮৭৻ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও দক্ষিণ ও পূর্ব্ব ও পশ্চিম সীমা বৈনবোহা গ্রামে এবং উক্ত গ্রামে খোপা খালী খালের সঙ্গে গিয়া মাটিভরা পথের শেষ অবধি মসিবশাহী ভবের নিকট কালিবাড়ির কাছ পর্য্যন্ত যায়।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৪১ নম্বর।—১৮৭৮ সালের ডিসেম্বর মাসের ৩ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১২৪৭ পৃষ্ঠায় ঐ সালের ২৬ নবেম্বরের ২৯৯ নং যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় তাহা রহিত করিয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ ঢাকা জিলার অন্তর্গত ডাঙ্গা অবধি নবসিংহদী পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৯ মাইল ১৯৬১ ফুট দীর্ঘ ও প্রায় ৫০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন। রূপগঞ্জ থানার অন্তর্গত ডাঙ্গা ও হোসেনহাটা ও ভৌরা ও কেমুয়াবো ও বনভোগ ও পাকুরিয়া ও মাগুরা বা মট্রা ও বোলোল ও কাকোয়েসা ও সোনার ও পাচদোনা ও শ্রীনগর ও বোচরহাট ও শ্রীচণ্ডী ও শীলমণ্ডী ও আশমান্দি ও বাগহাটা ও মনিমপুর ও খাতুরা ও শায়েলদেপাড়া ও দক্ষিণচন্দন বাগাদী ও সাতুরপাড়া ও নবসিংহদী গ্রামের মধ্যদিয়া যায়।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,
জি, এ ডি, আনসা, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিবিলসর্ভিস বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৪ ফেব্রুয়ারি।

৫১ নম্বর।—বিজ্ঞাপন।—শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব পার্শ্বলিখিত আজ্ঞা দিয়া মেদিনীপুরের খালের রাজস্বের ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত বাবু যদুনাথ মুখোপাধ্যায়কে খালের রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণী ভুক্ত করিলেন।

১৮৭৯ সালের ২ জানুয়ারির ৪ নং। তৎকাল সম্পর্কে ১৮৭৮ সালের ১ মার্চ অবধি মাসিক ৪০০৲ টাকা বেতনে

১৮৭৯ সাল ১০ ফেব্রুয়ারি।

৫২ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর এক্সিকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত সি ডবলিউ, হোপ সাহেবের নিজ বিশেষ প্রয়োজনের নিমিত্ত এক মাস বিশেষ ছুটী দেওন বিষয়ক ১৮৭৮ সালের ২৮ নবেম্বরের ৩০৩ নম্বর জ্ঞাপনপত্র এতদ্দ্বারা রহিত করা গেল।

জলসেচন বিষয়ক।

৫৩ নম্বর।—মেদিনীপুর জিলার অন্তর্গত খরকপুর পরগনার উলিপুর গ্রামে জল প্রণালী কাটিবার নিমিত্তে ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে ১১৭ নং যে জ্ঞাপনপত্র ১৮৭৭ সালের ১৭ আপ্রিলের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৮৫৩ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে উক্ত ভূমির প্রয়োজন নাই বলিয়া প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা সেই জ্ঞাপনপত্র রহিত করা গেল।

এচ, সি, লেবিঞ্জ,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৮ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 25, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৫ ফেব্রুয়ারি।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণরেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No 1076A.

GENERAL —*The 12th February* 1879 —Moulvie Mahomed Abdul Kadir, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Soopool division of the Bhagulpore district, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may have availed himself of it

Baboo Ram Churn Bose, Deputy Magistrate and Deputy Collector, Bagirhat, Jessore, on leave, is appointed to have charge of the Soopool division of the Bhagulpore district during the absence, on leave, of Moulvie Mahomed Abdul Kadir, or until further orders

Baboo Soshee Bhusun Dutt, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Muddehpoorah division of the Bhagulpore district, is also appointed to have charge of the Soopool division of that district till relieved by Baboo [illegible] Churn Bose, or until further orders.

Mr E H Whinfield, who reported his return from furlough on the 4th instant, is allowed subsidiary leave for twenty-one days from that date, to enable him to join his appointment as Officiating Magistrate and Collector of [illegible].

The 13th February 1879.—In [illegible] of the orders of the 21st ultimo, Mr H W Alexander, Opium Agent, Behar, is allowed special leave for six months, under Section 21 of the Civil Leave Code

Mr T Norman, Magistrate and Collector, Balasore, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st proximo, or any subsequent date on which he may avail himself of it.

Mr J Whitmore, Joint-Magistrate and Deputy Collector, Balasore, is appointed to act as Magistrate and Collector of that district during the absence, on leave, of Mr T Norman, or until further orders

The 14th February 1879 —Mr T Smith, who has returned from furlough, is appointed to act as District and Sessions Judge of Backergunge, during the absence, on deputation, of Mr J. C Geddes, or until further orders.

The orders of the 7th instant, granting Mr F H McLaughlin, Officiating District and Sessions Judge, Noakholly, privilege leave for one month and fifteen days, are cancelled

Baboo Shyamadhub Roy, Officiating Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is allowed leave for fourteen days, under Section 12 2, Supplement F to the Civil Leave Code, in extension of that granted him under orders dated the 29th ultimo

The 15th February 1879 —Mr R F Rampini, who reported his return from furlough on the 4th instant, is allowed subsidiary leave for thirty days from that date, to enable him to join his appointment as Additional District and Sessions Judge, Chittagong

Mr. J D Gael, Assistant Magistrate and Collector, is posted temporarily to Pubna, with effect from the date on which he joined that district

Baboo Gunga Nand Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Manbhoom, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 20th instant, or any subsequent date on which he may avail himself of it.

Mr W R Millar, C S, is allowed extension of furlough for six months, on medical certificate, by the Right Hon'ble the Secretary of State for India

Mr. G K Lyon, Assistant Magistrate and Collector, Rajshahye, is transferred temporarily to Dinagepore, with effect from the 12th instant

Baboo Komul Nath Ghose, Officiating Deputy Magistrate and Deputy Collector, Poorce, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code

The 17th February 1879—The services of Baboo Promoda Nath Mookerjee, temporary Sub-Deputy Collector, Jhenida, Jessore, are placed temporarily at the disposal of the Board of Revenue for employment in the Ramnuggur Wards' Estate.

[*Government Gazette, 25th February* 1879.]

In supersession of the orders of the 10th instant, Mr. A. Forbes, Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is transferred temporarily to the Sudder Station of the Shahabad district.

Mr E M Reily, Deputy Magistrate and Deputy Collector, Gya, on leave, is transferred to Dacca

Moulvie Ikram Russool, Deputy Magistrate and Deputy Collector, in temporary charge of the Kissengunge division of the Purneah district, is transferred to the Sudder Station of that district

Mr. B. L Gupta, Officiating Joint-Magistrate and Deputy Collector, Purneah, is appointed to have charge of the Kissengunge division of that district.

Mr J A Bourdillon, Officiating Inspector-General of Registration, is allowed leave for two months and twenty-five days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 7th proximo, or such subsequent date as he may avail himself of it

Mr A A Wace, Officiating Joint-Magistrate and Deputy Collector, Howrah, is appointed to act as Inspector-General of Registration, during the absence, on leave, of Mr. J A Bourdillon, or until further orders

Baboo Promotho Nath Bose, Officiating Sub-Deputy Collector, Julpigoree, is allowed leave for three months, under Section 9, Supplement F to the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 24th December 1878.

Baboo Radhica Lall Shome is appointed to act as a Sub-Deputy Collector of the Second Grade in Julpigoree, during the absence, on leave, of Baboo Promotho Nath Bose, or until further orders.

Mr A Manson, Officiating Magistrate and Collector, Noakholly, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 20th March 1879, or such subsequent date as he may avail himself of it

Mr F B Peacock, Commissioner of the Dacca Division, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 20th March 1879

Mr J F Bradbury, Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is allowed furlough for one year, under Section 12 of the Civil Leave Code, from 1st March 1879, together with subsidiary leave for thirty days, under Section 24(*a*) of the Code, with effect from such date as he may avail himself of it.

The 18th February 1879 —In supersession of the orders of the 5th instant, Mr E Stewart, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Sasseram division of the Shahabad district, is transferred to Gya

Police —*The 15th February* 1879.—Mr H Bayley, Officiating Assistant Superintendent of Police, Lohardugga, is allowed leave for one month, under Section 12-2, Supplement F to the Civil Leave Code.

The 18th February 1879 —Mr O S Stack, District Superintendent of Police, Moorshedabad, is appointed to be District Superintendent of Police, Monghyr, *vice* Lieutenant-Colonel H. E. Waller, proceeding on furlough.

Mr H. M Reily, District Superintendent of Police, Mymensing, is appointed to be District Superintendent of Police, Moorshedabad, *vice* Mr. O. S. Stack

Mr V. W. Bertelsen, Assistant Superintendent of Police, in charge of the District Police, Balasore, is appointed to act until further orders as District Superintendent of Police, Mymensing.

Mr. J. P. Sneyd, Assistant Superintendent of Police, Jessore, is transferred to Balasore, and is appointed to have charge of the district police of that district.

Baboo Guddadhur Khan, Assistant Superintendent of Police, 24-Pergunnahs, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st proximo.

[*Government Gazette, 25th February* 1879.]

এই মাসের ১০ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল । ২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এ, কর্বিন সাহেব, কিয়ৎকালের নিমিত্তে শাহাবাদ জিলার সদর মোকামে প্রেরিত হইলেন ।

ছুটী প্রাপ্ত গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ই, এম, রাইলী সাহেব, ঢাকায় প্রেরিত হইলেন ।

পুরণিয়া জিলার অন্তর্গত কৃষ্ণগঞ্জ মহকুমার কিয়ৎকালীন অধ্যক্ষতাভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবি ইক্রাম রসুল উক্ত জিলার সদর মোকামে প্রেরিত হইলেন ।

পুরণিয়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বি, এল, গুপ্ত উক্ত জিলার অন্তর্গত কৃষ্ণগঞ্জ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন ।

রেজিষ্টরী করণ কার্য্যের একটিং ইনস্পেকটর জেনরল শ্রীযুত জে, এ, বুর্ডিলং সাহেব আগামি মাসের ৭ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুইমাস পঁচিশ দিনের ছুটী পাইলেন ।

শ্রীযুত জে, এ, বুর্ডিলং সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় হাবড়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এ, এ, ওয়েস সাহেব রেজিষ্টরী করণ কার্য্যের ইনস্পেকটর জেনরলের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন ।

জলপাইগুড়ির একটিং সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু প্রমথনাথ বসু ১৮৭৮ সালের ২৪ ডিসেম্বরের আজ্ঞামতে যে ছুটী পান, তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন ।

শ্রীযুত বাবু প্রমথনাথ বসুর ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু রাধিকালাল সোম জলপাইগুড়িতে দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন ।

নওয়াখালীর একটিং মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এ, মাসন সাহেব আগামি মার্চ মাসের ২০ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন ।

চাকা খণ্ডের কমিশ্যনর শ্রীযুত এফ, বি, পীকক সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে ১৮৭৯ সালের ২০ মার্চ অবধি এক মাসের ছুটী পাইলেন ।

২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জে, এফ, ব্রাডবরি সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারামতে ১৮৭৯ সালের ১ মার্চ অবধি এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন, অতএব যে তারিখে ছুটী লন তদবধি উক্ত বিধির ২৪ (a) ধারামতে ত্রিশ দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন ।

১৮৭৯ সাল ১৮ ফেব্রুয়ারি ।—এই মাসের ৫ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল । শাহাবাদ জিলার অন্তর্গত সাসীরাম মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জ, ষ্টুয়ার্ট সাহেব গয়ায় প্রেরিত হইলেন ।

পোলীস বিষয়ক ।—১৮৭৯ সাল ১৫ ফেব্রুয়ারি ।—লোহারডগার পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, পেলী সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ২ ধারামতে এক মাসের ছুটী পাইলেন ।

১৮৭৯ সাল ১৮ ফেব্রুয়ারি ।—লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত এচ, ই, ওয়ালর সাহেব, নিয়মিত ছুটী লইয়া গমন করাতে মুরশিদাবাদের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ও, এস, ষ্টাক সাহেব মুঙ্গেরের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইলেন ।

শ্রীযুত ও, এস, ষ্টাক সাহেবের পরিবর্ত্তে ময়মনসিংহের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, এম, রাইলী সাহেব মুরশিদাবাদের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইলেন ।

বালেশ্বরের ডিষ্ট্রিকট পোলীসের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বি, ডবলিউ, বটেলসেন সাহেব, যাবৎ অন্য আজ্ঞা না হয় ময়মনসিংহের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন ।

যশোহরের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, পি, মাইক সাহেব বালেশ্বরে প্রেরিত হইয়া উক্ত জিলার ডিষ্ট্রিক্ট পোলীসের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন ।

২৪ পরগনার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু গদাধর খাঁ সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি মাসের ১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইলেন ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৯ । ২৫ ফেব্রুয়ারি ।]

MEDICAL.—*The 7th February* 1879.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Karatia Dispensary, in the district of Mymensingh :—

The Sub-Divisional Officer of Tangail, *ex-officio*.
Hazi Sadat Ali Khan, Zemindar.
Hafez Mahomed Ali Khan, Zemindar.
Baboo Guru Doyal Das Gupta, Assistant Surgeon, Tangail Dispensary.
,, Jogut Chundra Ghose, Pleader, Moonsif's Court, Tangail.
,, Prosunno Coomar Chowdry, Court Sub-Inspector, Tangail.
,, Nunda Gopal Ghutak, Head Master, Graham School.
,, Chandra Mohun Roy, Naib.
,, Raj Nath Guha, Peshkar.
,, Bhyrub Nath Dutt, Zemindary Amla.
,, Radha Nath Nag, Ditto.
,, Gunga Das Bose, Head Master, Karatia School.

The 10th February 1879.—The following gentlemen are appointed to be additional members of the Committee for the management of the Charitable Dispensary at Gurbetta, in the district of Midnapore :—

Mr. O. B. Gregson, of Messrs. Watson & Co.
Baboo Kartic Chunder Mookerjee, Pleader.
,, Lukhy Narain Misscr, Deputy Postmaster.
,, Bissonath Sing, Aimadar.
,, Ajoodha Nath Chatterjee, Pleader.

The following gentlemen are appointed to be additional members of the Committee for the management of the Charitable Dispensary at Bankipore, in the district of Patna :—

Syed Wallayet Ali Khan, ,, Lutf Ali Khan, Baboo Modun Mohun Lal, Rai Joykissen,	*Zemindars.*	Baboo Nobin Chunder Dey, Moulvie Khodabux Khan,	*Pleaders.*

Captain H. M. Ramsay, District Superintendent of Police.
Mr. J. Graham, Head Assistant to Opium Agent.

Mr. F. B. Taylor, Assistant Magistrate and Collector, is appointed to be a member of the Committee for the management of the Charitable Dispensary at Jessore.

The 17th February 1879.—Assistant Surgeon Bejoy Coomar Chuckerbutty, in temporary medical charge of the Dhenkanal Charitable Dispensary, Cuttack, is confirmed in that appointment from the date of the expiration of the leave of Assistant Surgeon Kedarnath Sen.

MARINE.—*The 18th February* 1879.—Captain F. Laycock, River Surveyor, is allowed furlough for one year six months and seven days, under Section 12 of the Civil Leave Code, together with subsidiary leave for five days, under Section 24(*a*) of the Code, from the 20th March next.

JAILS.—*The 17th February* 1879.—Mr. W. Leonard, Personal Assistant to the Inspector-General of Jails, is appointed to act as Superintendent of the Central Jail, Bhagulpore, during the absence, on furlough, of Surgeon W. E. Battersby, or until further orders, with effect from the date on which he joined that appointment.

Mr. H. Tucker is appointed to act as Personal Assistant to the Inspector-General of Jails during the absence, on deputation, of Mr. W. Leonard, or until further orders, with effect from the 7th instant.

The 18th February 1879.—Dr. S. C. Mackenzie, Superintendent of the Campbell Medical School and Hospital, Sealdah, is appointed, under the provisions of Section 7 of Act V (B. C.) of 1865, to be an official visitor of the Presidency Jail.

MUNICIPAL.—*The 8th February* 1879.—The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Jessore Municipality of Mr. F. B. Taylor, Assistant Magistrate and Collector, to be their Vice-Chairman, *vice* Dr. G. Price.

[*Government Gazette*, 25*th February* 1879.]

চিকিৎসাবিষয়ক।—১৮৭৯ সাল ৭ ফেব্রুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহ জিলার অন্তর্গত করাতিয়া ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

ভাটৈল মহকুমা কর্ত্তৃপক্ষ, স্বীয় পদোপলক্ষে।
জমীদার শ্রীযুত হাজী সাদৎআলি খাঁ।
" " হাকেজ মহম্মদ আলি খাঁ।
ভাটৈল ঔষধালয়ের আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বাবু গুরুদয়াল দাস, গুপ্ত।
ভাটৈলের মুনসেফের আদালতের উকীল শ্রীযুত বাবু জগচ্চন্দ্র ঘোষ।
ভাটৈলের কোর্ট সব-ইনস্পেকটর শ্রীযুত বাবু প্রসন্ন কুমার চৌধুরী।
এণ্ট্রেন্স স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু নন্দগোপাল ঘটক।
নায়েব শ্রীযুত বাবু চন্দ্রমোহন রায়।
পেস্কার শ্রীযুত বাবু রামনাথ গুহ।
জমীদারী আমলা শ্রীযুত বাবু ভৈরব নাথ দত্ত।
ঐ ঐ " " রাধা নাথ নাগ।
করাতিয়া স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু গঙ্গাদাস বসু।

১৮৭৯ সাল ১০ ফেব্রুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা মেদিনীপুর জিলার অন্তর্গত গড়বেতার দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর অতিরিক্ত মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

মেসর্স ওয়াটসন কোম্পানির শ্রীযুত সি, বি, গ্রেগসন সাহেব,
উকীল শ্রীযুত বাবু কার্ত্তিকচন্দ্র মুখোপাধ্যায়।
ডেপুটী পোষ্টমাষ্টর শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিশ্র।
আয়মাদার শ্রীযুত বাবু বিশ্বনাথ সিংহ।
উকীল শ্রীযুত বাবু অযোধ্যানাথ চট্টোপাধ্যায়।

নিম্নলিখিত মহাশয়েরা পাটনা জিলার অন্তর্গত বাকীপুরস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর অতিরিক্ত মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

জমীদার ...	শ্রীযুত সৈয়দ বিলায়ৎআলি খাঁ।	উকীল	শ্রীযুত বাবু নবীনচন্দ্র দে।
	" " লৎফআলি খাঁ।		" মৌলবী খোদাবক্স খাঁ।
	" বাবু মদন মোহন লাল।		
	" রায় জয়কৃষ্ণ।		

পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত এচ, এম, রামসে সাহেব।
আফীমের এজেণ্ট সাহেবের প্রধান সহকারি শ্রীযুত জে, গ্রাহেম সাহেব।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ, বি, টেলর সাহেব যশোহরস্থ দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৭ ফেব্রুয়ারি।—আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত কেদার নাথ সেনের ছুটী অতীত হওনের তারিখ অবধি কটকের অন্তর্গত খেনকানলের দাতব্য ঔষধালয়ের চিকিৎসাকার্য্যের কিয়ৎকালীন অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বিজয় কুমার চক্রবর্ত্তী সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

সমুদ্র সম্পর্কীয়।—১৮৭৯ সাল ১৮ ফেব্রুয়ারি।—নদীপরিদর্শক কাপ্তান শ্রীযুত এফ, লেকক সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারামতে একবৎসর ছয় মাস সাতদিনের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন উক্ত বিধির ২৪ (a)ধারামতে আগামি মার্চ মাসের ২০তারিখ অবধি পাঁচ দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

জেলসম্পর্কীয়।—১৮৭৯ সাল ১৭ ফেব্রুয়ারি।—সর্জন শ্রীযুত ডবলিউ, ই, বাটর্সবী সাহেবের নিয়মিত ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় জেল সমূহের ইনস্পেক্টর জেনরলের স্বকীয় আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ, লেনার্ড সাহেব যে তারিখে ভাগলপুরের সদর জেলের সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি সেই কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত ডবলিউ, লেনার্ড সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত এচ, টকর সাহেব এই মাসের ৭ তারিখ অবধি জেল সমূহের ইনস্পেকটর জেনরল সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৮ ফেব্রুয়ারি।—শিয়ালদহস্থ ক্যাম্বেল মেডিকাল স্কুলের ও হাস্পাতালের সুপরিন্টেণ্ডেণ্ট ডাক্তর শ্রীযুত এস, সি, মাকেঞ্জি সাহেব ১৮৬৮ সালের বঙ্গীয় ৫ আইনের ৭ ধারার বিধানমতে প্রেসিডেন্সী জেলের রাজকীয় পরিদর্শকের পদে নিযুক্ত হইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৭৯ সাল ৮ ফেব্রুয়ারি।—যশোহর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা ডাক্তর শ্রীযুত জি, প্রাইস সাহেবের পরিবর্ত্তে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এফ, বি, টেলর সাহেবকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা অনুমোদন করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৫ ফেব্রুয়ারি।]

The following notifications are republished from the *Assam Gazette* —

No 47 —*The 4th February* 1879 —On the report of the Central Examination Committee, the result of the half-yearly examination of Assistant-Commissioners and Extra-Assistant-Commissioners, held on the 9th January 1879 and following days, is published for general information —

NAME	SUBJECTS IN WHICH PASSED		SUBJECTS IN WHICH STILL HAVE TO PASS.	
	Higher standard	Lower standard	Higher standard	Lower standard
Mr S J Douglas C S	Bengali, Law		Assamese	
R T Greer C S	Bengali (conversation); Law (Paper without books Special Assam Paper)		Bengali (Translation, Transliteration, Dictation); Law (Paper with books)	
W C Macpherson C S	Bengali, Law			
F St Clair Grimwood B A	Bengali (Conversation, Transliteration)		Bengali (Translation, Dictation); Assamese	

No 15 —Mr J M E Gouldsbury, District Superintendent of Police, having returned from furlough, is posted to the district of Darrang

No 16 —Mr C A Soppitt, Officiating Assistant Superintendent of Police, Darrang, is, on public grounds, transferred to the district of Sibsagar

No 50 —*The 7th February* 1879 —The undermentioned officer has been permitted by Her Majesty's Secretary of State for India to return to duty, as advised in list dated 3rd January 1879 —

Permitted to return

Name	Service	Appointment	Date on which permitted to return
G J Cawley	Uncovenanted	District Superintendent of Police, Assam	Within the period of his leave

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 12th February 1879 —At the instance of the Government of Fort St George the Lieutenant-Governor is pleased to order the publication of the following notification

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

Kistna Collector's Office, Masulipatam, 31st January 1879

IT is hereby notified, under Section V of "The Indian Treasure Trove Act (VI of 1878)," that on or about the 4th September 1877, a copper vessel containing gold and silver jewels valued in all at Rs 70-14, as detailed below, was found buried in the puttah land of Patta Peda Latchereddi of Kambhampad, in the Palnad Taluq of the Kistna district

2 All persons claiming the treasure, or any part thereof, are required to appear personally or by agent before the Collector of Kistna at his office on the 12th June 1879,

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

৪৭ নম্বর।— ৮৭৯ সাল ৪ ফেব্রুয়ারি।—১৮৭৯ সালের জানুয়ারি মাসের ৯ তারিখে ও তৎপশ্চাৎ কএক দিনে আসিষ্টাণ্ট কমিশ্যনর ও অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরদের যে ষাণ্মাসিক পরীক্ষা হইয়া গিয়াছে সদর পরীক্ষক কমিটীর রিপোর্টমতে সাধারণের অবগতির নিমিত্ত তৎফল প্রকাশ করা গেল।

নাম।	যেং বিষয়ে পরীক্ষোত্তীর্ণ হইলেন।		যেং বিষয়ে পরীক্ষা দিবার অপেক্ষা আছে।	
	উচ্চতর কষ্টিমতে	নিম্নতর কষ্টিমতে	উচ্চতর কষ্টিমতে	নিম্নতর কষ্টিমতে
শ্রীযুত এস, জে, ডগলস সাহেব, সি, এস,	বঙ্গভাষায় . .. ব্যবস্থা বিদ্যায়		আসামী ভাষায় .	..
” আর, টি, গ্রীয়ার সাহেব, সি, এস, ..	বঙ্গ ভাষায় (কথোপকথন বিষয়ে) ব্যবস্থাবিদ্যায় {বিনা পুস্তকে প্রশ্ন পত্র আসাম ভাষায় বিশেষ প্রশ্নপত্র}	...	বঙ্গভাষায় {অনুবাদ করণ, অক্ষরান্তর করিয়া লিখন দ্রুত লিখন,} ব্যবস্থাবিদ্যায় {পুস্তক সহিত প্রশ্নপত্র}	...
” ডবলিউ সি, মাককরসন সাহেব, সি এস,	বঙ্গ ভাষায় ব্যবস্থা বিদ্যায়	...		...
” এফ, সেণ্টক্লেয়র শ্রীমউড সাহেব, বি, এ,	বঙ্গভাষায় {কথোপকথন ও অক্ষরান্তর বিষয়ে.}	.	বঙ্গভাষায় {অনুবাদকরণ দ্রুত লিখন} আসামী ভাষায় ..	

৪৫ নম্বর।—পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, এস, ই, গুলসবরী সাহেব নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া দরঙ্গ জিলার আধিপত্য গ্রহণ করিলেন।

৪৬ নম্বর।—দরঙ্গের পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, এ, সপিট সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে শিবসাগর জিলায় প্রেরিত হইলেন।

৫০ নম্বর।—১৮৭৯ সাল ৭ ফেব্রুয়ারি।—ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব নিম্নলিখিত কার্য্যকারককে ১৮৭৯ সালের ৩ জানুয়ারির আদেশমতে কর্ম্মে প্রত্যাগমন করিবার অনুমতি করিলেন।

প্রত্যাগমনের অনুমতি হইল।

নাম।	সর্ব্বিস।	পদ।	যে তারিখে প্রত্যাগমনের অনুমতি হইল।
শ্রীযুত জি, জে, হুলি সাহেব।	অচিহ্নিত।	আসামের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট।	তাঁহার ছুটীর কালের মধ্য।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১২ ফেব্রুয়ারি।—ফোর্ট সেণ্ট জর্জের গবর্ণমেণ্টের প্রার্থনামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নলিখিত জ্ঞাপনপত্র প্রকাশ করিবার আজ্ঞা করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

কৃষ্ণার কালেক্টরের আফিস, মসুলিপাটাম, ১৮৭৯ সাল ৩১ জানুয়ারি।

পোঁতা ধন বিষয়ক ১৮৭৮ সালের ৬ আইনের ৫ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ৭০৸৶ মূল্যের স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কার সুদ্ধ ১৮৭৭ সালের সেপ্টেম্বর মাসের ৪ তারিখে বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে কৃষ্ণা জিলার অন্তর্গত পালনাদ তালুকের কল্লম পাদের পত্তি পেনা লেচারন্দার পাটাই ভূমিতে প্রোথিত তাম্রপাত্র পাওয়া গিয়াছে, তাহার বিস্তারিত বিবরণ নিম্নভাগে লেখা গেল।

২। উক্ত সমুদয় বা তাহার কোন অংশ ধনে যাহাঁদের দাওয়া থাকে ১৮৭৯ সালের জুন মাসের ১২ তারিখে উক্ত বিষয়ের অনুসন্ধান ও উক্ত আইনের বিধানমতে নিষ্পত্তি করণার্থে কৃষ্ণার কালেক্টরী

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৫ ফেব্রুয়ারি।]

in order to the matter being enquired into and determined in accordance with the provisions of the said Act

Description of Articles		Value.	
	Rs.	A.	P.
8 Ingots of gold	24	12	0
2 Female ear ornaments	7	14	0
4 Gold wires	26	4	0
2 Small ear ornaments	5	0	0
1 Gold ring	4	4	0
1 Gold bead	0	14	0
2 Silver bangles	1	14	0
2 Pieces of a broken copper vessel			
Total	70	14	0

NOTIFICATION

The 15th February 1879 —It is hereby notified, under Section 6 of Act VIII of 1878, that the Lieutenant-Governor has been pleased to appoint the Commissioner of the Dacca division to be "Chief Customs Officer" in the port of Naraingunge, in the district of Dacca.

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 15th February 1879 —Under the provisions of Section 12 of Act VIII of 1878 the Lieutenant Governor is pleased to declare that Naraingunge, in the district of Dacca shall be a port for the carrying on of coasting trade with customs ports, and for no other purpose

A. MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 15th February 1879 —Plans and estimates, the latter amounting to Rs. 14,500, for the construction of a landing stage at Schalch's Wharf, in place of the jetty erected there, having been submitted by the Port Commissioners with their Vice Chairman's letter No 3122, dated the 9th January 1879, and approved by the Public Works Department of this Government, the Lieutenant-Governor is pleased to sanction the project under the provisions of Section 35 of Act V (B.C.) of 1870.

A MACKENZIE,
Secy to the Govt. of Bengal

NOTIFICATION

The 17th February 1879 —In exercise of the powers conferred on him by Section 32 of the Bengal Municipal Act, 1876, the Lieutenant-Governor is pleased, with the consent of the Commissioners of the English Bazar Municipality, to exclude the portions specified below of the undermentioned roads from the operation of the said Act

No	Names of Roads	From	To	Length.	
				Mile.	Chains.
1	Rajmehal Road	Mukdoompore Street	Baghbari	1	25
2	Neomaserai Road	Rajmehal Road	Monoskamonah Road	.. ..	27
3	Monoskamonah Road	Neomaserai Road	English Bazar Street		43
4	English Bazar Street	Monoskamonah Road	Mukdoompore Street		[illegible]
5	Mukdoompore Street	Right embankment of the river Mohanunda near the Sudder Ferry Ghaut	Same embankment near Kulkuh	1	0
6	Obhirampore Street	Mukdoompore Street	Gaur Road		12
7	Gaur Road	Ditto	Outermost north rampart of Gaur		10
8	Hatkhola Road	Ditto	Monoskamonah Road	.. ..	[illegible]
9	Police Station Road	Rajmehal Road	Gaur Road	...	[illegible]

D BARBOUR,
Offg. Secy to the Govt. of Bengal.

[*Government Gazette*, 25*th February* 1879.]

কাছারীতে কালেক্টর সাহেবের সম্মুখে তাঁহাদের স্বয়ং বা মোক্তার দ্বারা উপস্থিত হইবার আদেশ করা গেল।

দ্রব্যাদির বিবরণ।	মূল্য। টাকা।
৮ থান স্বর্ণ	২৪৸৹
২ খান স্ত্রীলোকের কর্ণাভরণ	৭৸৶৹
৪ গাছা স্বর্ণের গুণ	২৯।৹
২ খান ছোট কর্ণাভরণ	৫৲
১ টী স্বর্ণ চুরী	৪।৹
১ টী স্বর্ণমালা	৸৶৹
২ গাছা রূপার তাগা	১৸৶৹
২ খণ্ড তাম্র পাত্র ভাঙ্গা	
মোট	৭০৸৶৹

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৫ ফেব্রুয়ারি।—১৮৭৮ সালের ৮ আইনের ৬ ধারার বিধানমতে এতদ্দ্বারা এই সম্বাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ঢাকা খণ্ডের কমিশনর সাহেবকে ঢাকা জিলার অন্তর্গত নারায়ণগঞ্জ বন্দরের "কষ্টমের প্রধান কর্তৃপক্ষের" পদে নিযুক্ত করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৫ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ১৮৭৮ সালের ৮ আইনের ১২ ধারার বিধান মতে এই আদেশ করিলেন যে ঢাকা জিলার অন্তর্গত নারায়ণগঞ্জ কষ্টমের বন্দরের সঙ্গে অন্য কার্য্য ভিন্ন সমুদ্র কূলে কেবল বাণিজ্য চালাইবার বন্দর হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৫ ফেব্রুয়ারি।—শক সাহেবের ওয়ার্ফের যে স্থানে জেটি নির্ম্মিত হইয়াছে তথায় মাল নামাইবার মঞ্চ প্রস্তুত করণার্থে বন্দরের কমিশনরের, আপনাদের প্রতিনিধি সভাপতির ১৮৭৯ সালের ৯ জানুয়ারির ৩১২২ নং পত্রের সঙ্গে যে নকশা ও ১৪,৫০০৲ টাকা ব্যয়ের যে অনুমানপত্র পাঠান তাহা এই গবর্ণমেণ্টের পব্লিক ওর্কস ডিপার্টমেণ্ট কর্তৃক অনুমোদিত হওয়াতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারার বিধানমতে তৎকার্য্য সম্পাদন করিবার অনুমতি দিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৭ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের প্রতি বঙ্গদেশের মুনিসিপাল বিষয়ক ১৮৭৬ সালের আইনের ৩২ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, ইংলিশ বাজার মুনসিপালিটীর কমিশনরদের সম্মতি ক্রমে নিম্নলিখিত পথের যে অংশ নিম্নভাগে নির্দ্দেশ করা গেল তাহা উক্ত আইনের কার্য্য প্রচলন হইতে বহিভূত করিলেন।

নম্বর।	পথের নাম।	যে স্থান অবধি।	যে স্থান পর্য্যন্ত।	দীর্ঘতা। মাইল।	দীর্ঘতা। চেন।
১	রাজমহল পথ	মকদুমপুর ষ্ট্রীট	বাঘবাড়ী	১	২৫
২	নিমসরাই পথ	রাজমহল পথ	মনস্কামনা পথ		২৭
৩	মনস্কামনা পথ	নিমসরাই পথ	ইংলিস বাজার ষ্ট্রীট		৪০
৪	ইংলিস বাজার ষ্ট্রীট	মনস্কামনা পথ	মকদুমপুর ষ্ট্রীট		৩০
৫	মকদুমপুর ষ্ট্রীট	সদর খেয়া ঘাটের নিকট মহানন্দ নদীর ডাইন দিগের বাঁধ	কুলকুলির নিকট ঐ বাঁধ	১	৯
৬	অভিরামপুর ষ্ট্রীট	মকদুমপুর ষ্ট্রীট	গৌড় পথ		১২
৭	গৌড় পথ	ঐ	গৌড়ের গড়ের প্রাচীরের অভ্যান্তর		১০
৮	ঘাটখোলা পথ	ঐ	মনস্কামনা পথ		৩০
৯	পোলীস থানার পথ	রাজমহল পথ	গৌড়ের পথ		৩১

ডি, বার্বর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

NOTIFICATION

The 18*th February* 1879 —In exercise of the powers conferred on him by Section 10, Act V (B C) of 1876, the Lieutenant-Governor is pleased to approve, on the recommendation of the Municipal Commissioners at a meeting, the following revised boundaries of the Hooghly and Chinsurah Municipality, with effect from the 1st April 1879 .—

Revised Boundaries of the Hooghly and Chinsurah Municipality

Bounded on the east by the Hooghly River on the south by the French Settlement of Chandernagore from river bank, according to the survey boundary, up to boundary stone No 1, and thence along the said boundary, as marked by stones, as far as stone No 42 on the Grand Trunk Road at the Taldanga entrance to French town on the west by the Grand Trunk Road from Taldanga entrance and boundary stone pillar No 42 as far as the Naldanga Road up to the bridge over Ross Poora or Bali Khal ; by the Ross Poora or Bali Khal through the masonry bridge on the Kajeedanga metalled road as far as it goes to the north (*i e.* to where it turns off sharp to the east) , thence due north by the old water-course to Bana Pockur and the bridge close to that tank on the Bolagur Road , thence by the edge of the low paddy lands to the east of the East Indian Railway as far as the two arched bridges at the junction of the Burtollah and Grand Trunk Road and on the north by the Burtollah Road for 20 chains or a quarter of a mile, by the edge of the low paddy lands to the south of the Bansbaria thana, and by the southern boundary of the Bansbaria thana to the River Hooghly.

D BARBOUR,

Offg Secy to the Govt. of Bengal

NOTIFICATION

The 17*th February* 1879 —It is hereby notified for general information that the Lieutenant-Governor has been pleased to sanction the establishment of a ferry on the river Tetulia, between the village of Gangapur in thana Berhanudi and of Dhulia in thana Bowphal in the district of Backergunge, and to declare the said ferry to be a public ferry under the provisions of Regulation VI of 1819

D BARBOUR,

Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 11*th February* 1879 —Under Section 79 of Act VIII of 1878 (the Sea Customs Act) the Lieutenant-Governor has been pleased to appoint the Port Officer of Chandbally to issue licenses for and register cargo-boats plying within the limits of the port of Dhamra in the province of Orissa Under that Section, and under Section 7 of Act XII of 1875 (the Indian Ports Act), the following rules are hereby prescribed These rules shall come into force on the 1st April 1879 —

Rules sanctioned by the Lieutenant-Governor of Bengal for the issue of Licenses for, and Registration of, Cargo boats by the Port Officer of Chandbally for the Dhamra Port, under Section 79 *of Act VIII of* 1878 *and Section* 7 *of Act XII of* 18[illegible]5

I —Each application for the licensing and registration of a cargo-boat must contain particulars of the owner's name and residence and the tonnage of the boat.

II —The applications shall be made to the Port Officer of Chandbally, who shall cause the boats to be examined and shall certify that they are safe

III —The Port Officer shall every six months, cause the boats to be surveyed, and if any boat is found unsafe, shall withdraw the license held by the owner of the said boat until it shall have been repaired to his satisfaction

IV —The Port Officer may from time to time condemn any boat found to be thoroughly unsafe, and may refuse to allow it to be repaired

V —The licenses issued will be free until further orders of Government, but shall be issued subject to all the conditions specified in these rules

VI —The licenses issued will be current until they are withdrawn by the Port Officer, provided that this condition may be modified if it should be determined hereafter to fix any license fee

[*Government Gazette*, 25*th February* 1879.]

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৮ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১৪ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্যকরিয়া তিনি সভাগত মুনিসিপাল কমিশনরদের অনুরোধক্রমে ১৮৭৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি হুগলি ও চুঁচড়া মুনিসিপালিটির নিম্নলিখিত সংশোধিত সীমা হইবার অনুমতি দিলেন।

হুগলী ও চুঁচড়া মুনিসিপালিটীর সংশোধিত সীমা।

পূর্ব্ব সীমা হুগলী নদী, দক্ষিণ সীমা অদ্যাপি সীমানুসারে নদীর তীর অবধি সীমা নিরূপক ১ নং প্রস্তর পর্য্যন্ত চন্দন নগর নামক ফরাসীদের উপনিবেশ ৭।৮, ও তথাহইতে প্রস্তরদ্বারা চিহ্নিত উক্ত সীমার মধ্যেং ফরাসীদের নগরে প্রবেশ স্থান তালডাঙ্গার উত্তর পশ্চিম দেশে যাইবার পথে ৪২ নং প্রস্তর পর্য্যন্ত যার পশ্চিম সীমা তালডাঙ্গা প্রবেশ স্থান ও ৪২ নং সীমানিরূপক প্রস্তরস্তম্ভ অবধি মলডাঙ্গা পথের রসপুরা বা বালীখালের উপর সাঁকো পর্য্যন্ত উত্তর পশ্চিম দেশে যাইবার পথ, উত্তর দিগে যত দূর যায় তত দূর পর্য্যন্ত (অর্থাৎ যে স্থানে একেবারে পূর্ব্বমুখে হয়) কাজিডাঙ্গার পাকা রাস্তার পাকা সাঁকো দিয়া রসপুরা বা বালিখাল; তথা হইতে খাড়া উত্তর যেনাপুকুরের পুরাতন জলনালা, ও উক্ত পুষ্করিণীর অতি নিকট হলাগড়ের পথের সাঁকো, তথাহইতে বড়তলা ও উত্তর পশ্চিম গমনের পথের সংযোগ স্থানে দুই গোল খিলান সাঁকো পর্য্যন্ত ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ের পূর্ব্বদিগে রাস্তার নিম্নভূমির ধারেং যায়, উক্ত সীমা ২০ চেন বা সিকি মাইল পর্য্যন্ত বড়তলার পথ, ও বাঁশবাড়িয়া থানার দক্ষিণদিগে রাস্তার নিম্ন ভূমির ধার ও হুগলী নদী পর্য্যন্ত বাঁশবাড়িয়া থানার দক্ষিণ সীমা।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৭ ফেব্রুয়ারি।—সাধারণের জ্ঞাপনার্থে এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বাকরগঞ্জ জিলার অন্তর্গত বেরহ নদী থানার সামিল গজাপুর ও বহুফলথানার সামিল ধুলিয়া গ্রামের মধ্যগত তেতুলির নদীতে খেয়াঘাট স্থাপন করিবার অনুমতি দিয়া ১৮১৯ সালের ৬ আইনের বিধানমতে উক্ত খেয়াঘাট সরকারী ঘাট হইবার আজ্ঞা করিলেন।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১১ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উড়িষ্যা প্রদেশের অন্তর্গত ধামড়া বন্দরের সীমার মধ্যে যে সকল মালের নৌকা সামুদ্রিক মাশুল বিষয়ক ১৮৭৮ সালের ৮ আইনের ৭৯ ধারার মতে যাতায়াত করে তাহার লাইসেন্স দিবার ও তাহা রেজিষ্টরী করিবার নিমিত্তে চাঁদবালি বন্দরের কর্ত্তৃপক্ষকে নিযুক্ত করিলেন। উক্ত ধারামতে ও ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের ১২ আইনের ৭ ধারাক্রমে নিম্নলিখিত বিধিসকল এতদ্দ্বারা নিদ্ধারিত করা গেল। উক্ত বিধি সকল ১৮৭৯ সালের আপ্রিল মাসের ১ তারিখে প্রবল হইবে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৮ সালের ৮ আইনের ৭৯ ধারার এবং ১৮৭৫ সালের ১২ আইনের ৭ ধারার বিধানমতে ধামড়া বন্দরের পক্ষে চাঁদবালি বন্দরের কর্ত্তৃপক্ষ দ্বারা মালের নৌকা রেজিষ্টরী করণ ও লাইসেন্স দেওন বিষয়ক বিধি অনুমোদন করিলেন।

১।—মালের নৌকার লাইসেন্স পাইবার ও রেজিষ্টরী করাইবার প্রত্যেক দরখাস্তে স্বামির নাম ও বাসস্থান ও ঐ নৌকায় যত বোঝাই ধরে তাহা বিশেষ করিয়া লিখিতে হইবে।

২।—চাঁদবালি বন্দরের কর্ত্তৃপক্ষের নিকট দরখাস্ত দিতে হইবে। তিনি সেই নৌকা পরীক্ষা করাইয়া তাহার সদবস্থার সর্টিফিকট দিবেন।

৩।—বন্দরের কর্ত্তৃপক্ষ সময়ং মাসান্তর উক্ত নৌকার পরীক্ষা করাইবেন, তাহতে কোন নৌকার সদবস্থা দেখা না গেলে সেই নৌকা যত দিন তাঁহার মনোমতরূপে মেরামৎকরা না যায় ততদিন তিনি উক্ত নৌকার স্বামির লাইসেন্স রহিত করিবেন।

৪।—কোন নৌকার অত্যন্ত আশঙ্কাজনক অবস্থায় দেখা গেলে বন্দরের কর্ত্তৃপক্ষ তাহা সময়েং অগ্রাহ্য করিয়া মেরামৎও করিতে দিবেন না।

৫।—গবর্ণমেণ্টের অন্য আজ্ঞা যাবৎ না হয় লাইসেন্স দিবার খরচ লওয়া যাইবে না, কিন্তু এই বিধির নির্দ্দিষ্ট সকল নিয়মাধীনে লাইসেন্স দেওয়া যাইবে।

৬।—যত লাইসেন্স বন্দরের কর্ত্তৃপক্ষ যতদিন রহিত না করেন তত দিন চলিবে। কিন্তু পরে যদি কোন লাইসেন্স ফী ধার্য্য করা যায় তাহা হইলে এই নিয়ম পরিবর্ত্তন করা যাইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৫ ফেব্রুয়ারি।]

VII.—All licenses will be registered in the order of granting, but when any license is permanently withdrawn, then the next license issued shall bear the number of the license withdrawn.

VIII.—The number of the license must be painted in black letters on a white ground on both the bows of every licensed boat, the figures must not be less than six inches in length and four inches in breadth

IX.—The license must be produced whenever demanded by the Port Officer of Chandbally, or any of his subordinates, by any Officer of Police or Customs, or by any person using or hiring the boat

X.—Cargo-boats the manjees of which shall not produce their license as aforesaid may be treated as unlicensed boats, failing an explanation satisfactory to the Port Officer of Chandbally, or, in his absence, to the Customs Officer at the station

XI.—Any goods found within the limits of the port on board of any boat not duly licensed and registered shall, unless such goods be covered by a special permit from the officer in charge of the Custom House, be liable to confiscation, and the owner or the person in charge of the boat shall be liable to a penalty not exceeding one hundred rupees

XII.—No cargo-boats shall be licensed unless provided with a sufficient crew, to be specified in the license

XIII.—If any license be cancelled for any reason, the holder thereof shall be bound to deliver it up to the Port Officer of Chandbally.

XIV.—Scale of crews —

Class 1st, square-built, open, or decked.

For a boat of not more than 15 tons burthen, 4 men, including manjee

Above	15 tons and under		20 tons,		5	ditto	ditto
Do.	20	ditto	25	,,	6	ditto	ditto
Do.	25	ditto	30	,,	7	ditto	ditto.
Do	30	ditto	35	,,	8	ditto	ditto
Do	35	ditto	40	,,	9	ditto	ditto
Do	40	ditto	.	,,	10	ditto	ditto

Class 2nd, Bhurs or Pattamoondi Boats.

For a boat of not more than 15 tons burthen, 4 men, including manjee

Above	15 tons and under		20 tons,		5	ditto	ditto.
Do	20	ditto	30	,,	6	ditto	ditto.
Do.	30	ditto	35	,,	7	ditto	ditto
Do	35	ditto		,,	8	ditto	ditto.
Pattinh (small boats) 3 to 6					3	ditto	ditto

XV.—Any licensed cargo-boat found plying within the limits of the port of Dhamra with less than the prescribed scale of crew under Rule XIV, or with deficient ground-tackle and appliances, shall be liable to withdrawal of license until such deficiency be made good to the satisfaction of the Port Officer of Chandbally

A. MACKENZIE,
Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT.

No. 1977A

The 10th February 1879.—Baboo Mutty Lall Sircar, B L., Moonsif of Meherpore, is vested with the powers of a Moonsif in Choadangah, in the district of Nuddea.

Baboo Chunder Nath Ghose, B L, Moonsif of Chooadangah, is appointed temporarily to be Second Moonsif of Kishnaghur, in the district of Nuddea, with effect from the 1st instant.

Major W. L. Samuells, Assistant Commissioner, Lohardugga, is vested with the powers of a Subordinate Judge in that district.

[*Government Gazette, 25th February* 1879.]

৭।—লাইসেন্স দিবার পর্য্যায়ক্রমে তাহা রেজিষ্টরী করিতে হইবে, কিন্তু চিরকালের নিমিত্তে কোন লাইসেন্স রহিত করা গেলে, উক্ত রহিত করা লাইসেন্সের যে নম্বর ছিল তৎপরে যে লাইসেন্স দেওয়া যায় তাহার সেই নম্বর দিতে হইবে।

৮।—লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক নৌকার গলহীর উভয় পার্শ্বে শাদা ক্ষেত্রের উপর কাল রঙের অক্ষরে লাইসেন্সের নম্বর লিখিতে হইবে। একটী অক্ষর ৬ ইঞ্চি দীর্ঘের ও ৪ ইঞ্চি প্রস্থের কম না হয়।

৯।—চাঁদবালি বন্দরের কর্তৃপক্ষ বা তাঁহার অধীন কোন কর্ম্মচারী কিম্বা পোলীসের বা কষ্টমের কোন কর্ম্মচারী কিম্বা যিনি সেই নৌকা ব্যবহার বা ভাড়া করেন তিনি লাইসেন্স দেখিতে চাহিলেই তাহা দেখাইতে হইবে।

১০।—মালের নৌকার মাঝিরা উপরোক্তমত লাইসেন্স না দেখাইলে, চাঁদবালি বন্দরের কর্তৃপক্ষের অথবা তাঁহার অনুপস্থিতি কালে তথাকার কষ্টমের কর্তৃপক্ষের অবোধজনকরূপে তাহার কারণ বলিতে না পারিলে তাহা লাইসেন্স প্রাপ্ত নৌকা নয় বলিয়া জ্ঞান হইবে।

১১।—বন্দরের সীমার মধ্যে উচিতমতে লাইসেন্স না লওয়া কি রেজিষ্টরী না করা কোন নৌকার কেবল মাল পাওয়া গেলে ও কষ্টম হৌসের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্তৃপক্ষের সেই মাল সম্পর্কে বিশেষ পরিষ্কার না থাকিলে তাহা বাজেয়াপ্ত হইবার যোগ্য হইবে ও উক্ত নৌকার স্বামির কিম্বা নৌকা যাঁহার জিম্মায় থাকে তাঁহার এক শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

১২। লাইসেন্সপত্রের নির্দ্দিষ্ট সংখ্যার দাঁড়ি না থাকিলে মালের নৌকার লাইসেন্স দেওয়া যাইবে না।

১৩। কোন কারণে কোন লাইসেন্সপত্র রহিত করা গেলে, সেই লাইসেন্সপত্র ধারি ব্যক্তি চাঁদবালি বন্দরের কর্তৃপক্ষের নিকট তাহা অর্পণ করিবেন।

১৪। দাঁড়ি মাঝির সংখ্যা।

প্রথম শ্রেণী চৌকা-গঠিত খোল খোলা বা আচ্ছাদিত।

১৫ টনের অনধিক বোঝাইধারি নৌকার মাঝিসুদ্ধ ৪ জন নাবিক।

১৫	টনের অধিক ও	২০	টনের অনধিক নৌকার	মাঝিসুদ্ধ	৫	জন নাবিক।
২০	,,	২৫	,,	,	৬	,,
২৫	,,	৩০	,,	,,	৭	,,
৩০	,,	৩৫	,,	,,	৮	,,
৩৫	,,	৪০	,,	,,	৯	,,
৪০	,,	মাঝিসুদ্ধ ১০ জন।				

দ্বিতীয় শ্রেণী ডড় বা পাটামুটি নৌকা।

১৫ টনের অনধিক বোঝাইধারি নৌকার মাঝিসুদ্ধ ৪ জন নাবিক।

১৫	টনের অধিক ও	২০	টনের অনধিক নৌকার	মাঝিসুদ্ধ	৫	জন নাবিক।
২০	,,	৩০	,,	,,	৬	,,
৩০	,,	৩৫	,,	,,	৭	,,
৩৫	,,	টনের অধিক হইলে		,,	৮	,,
পাতিয়া (অর্থাৎ ক্ষুদ্র নৌকার) ৩ অবধি				৬	৩	,,

১৫। এই বিধির ১৪ ধারার নির্দ্দিষ্ট সংখ্যার দাঁড়ি মাঝি ভিন্ন কোন মালের নৌকা ধামড়া বন্দরের সীমার মধ্যে যাতায়াত করিতে দেখা গেলে বা তাহাতে কম পরিমাণের লঙ্গরাদি সরঞ্জাম থাকিলে চাঁদবালি বন্দরের কর্তৃপক্ষের অবোধমতে তাহা পূরণ না করণ পর্য্যন্ত তাহার লাইসেন্স রহিত করা যাইতে পারিবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

১০৭৭ A নম্বর।

15 No person shall ride through the town a mare followed by a loose foal, and no person shall tie or fasten any animal so close to the high road, or in such a way that it shall have access to the road, so as to interrupt or interfere with traffic thereon

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5.

For Regulating or Prohibiting the use of Fire-balloons, &c, in the vicinity of Public Roads

16 No person shall let off any fire-balloons, fire-works, fire-arms, or any missile in or near a public street without permission previously obtained from, and except within the hours prescribed by, the Chairman or Vice-Chairman

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10

GENERAL BYE-LAWS.

17. Every person required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish shall send such schedule or return to the office of the Commissioners within fifteen days from the date of the service of the requisition in the manner described in Section 367 of the Act.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5, and for each succeeding day that the omission is continued the penalty shall be a daily fine not exceeding Rs 2

18. No person shall so extend the roof of any house, or put or cause to be put, on any house or other building any spout or anything intended for the discharge of water which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare, and the Commissioners shall have power to take down and alter any such projection or spout or other thing and to recover the costs as a debt due to the Commissioners, or to order the owner or occupier of such building to remove such spout or projection, or to effect the necessary alterations within fifteen days of service of notice

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 5

[*Government Gazette*, 15*th April* 1879]

পরন্তু উক্ত ঘরের কি ভূমির কি বাড়ীর স্বামী কি দখীলকার উক্ত ঘর কি ভূমি কি বাড়ীর সম্পর্কে মুনিসিপাল কমিশ্যনরদের বিধি ও উপবিধি ও আজ্ঞা উপযুক্তমতে পালন করিতে সেই দেওয়ানের সঙ্গে একত্র দায়ী হইবে।

৯। প্রত্যেক জন বাটীর উপরি ভাগে আপনার পাইখানা করিবেন, ও যাহা সরাইয়া লওয়া যাইতে পারে তাহাতে এমত আধার রাখিবেন।

নোটিস পাইলে পর এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

১০। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাতকুয়া পাইখানা কিম্বা দুর্গন্ধজনক কি অনুপযুক্তমতে প্রস্তুত পাইখানা থাকিলে তিনি কমিশ্যনরদের স্থানে নোটিস পাইলে, ঐ নোটিসের লিখনমতে ঐ গর্ত্ত ভরাট কি বন্দ করিয়া দিবেন, কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানার আকার পরিবর্ত্তন করিবেন। ঐ নোটিসের লিখিত আদেশমতে পনের দিনের মধ্যে কার্য্য করা না গেলে কমিশ্যনরেরা ঐ গর্ত্ত ভরাট কি বন্দ করিতে কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানা পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় তাহা আদায় হইতে পারিবে।

১১। কোন স্বামী কি প্রজার ঘরের কি বাড়ীর মধ্যে পাইখানা থাকিলে তিনি কোন নর্দ্দামায় কি জলপ্রণালীতে কি পুষ্করিণীতে কি গর্ত্তে কি ডোবে কিম্বা যাহাতে অকর্ম্মণ্য ও ময়লা জল দাঁড়ায় এমত কোন স্থানে সেই পাইখানার বিষ্ঠা কি ময়লা দ্রব্য যাইতে কি পড়িতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

১২। কোন ব্যক্তি বিষ্ঠা কি নর্দ্দামার মলিন দ্রব্য কিম্বা কোন নর্দ্দামায় কি পাইখানার কিম্বা আঁস্তা-কুড়ের দ্রব্য কোন জলপ্রণালীতে কি পুষ্করিণীতে কি জলাধারে ফেলিবেন কি রাখিবেন কি পড়িতে দিবেন না, কিম্বা পূর্ব্বোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া যাহা করিতে হইবে মুনিসিপাল কমিশ্যনরেরা সময়েং এবিষয়ে যেরূপ আদেশ করেন তদ্ভিন্ন অন্যরূপে কার্য্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

১৩। সিবিল চিকিৎসক সাহেব কোন সময়ে সাধারণের স্বাস্থ্যের জন্য কিম্বা সঞ্চারক রোগ কিম্বা রোগের ব্যাপকতা নিবারণার্থে আবশ্যক বোধ করিলে, মুনিসিপাল কমিশ্যনরেরা কোন পাইখানায় কি বাটীর মধ্যে চূণের কি আলকাতরার কি কারবলিক এসিডের কিম্বা দুর্গন্ধ নাশক কিম্বা রোগের সঞ্চার নিবারণার্থক অন্য দ্রব্যের ব্যবহার হইবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু এমনস্থলে মুনিসিপাল কমিশ্যনরেরা ঐ দুর্গন্ধনাশক কি রোগ সঞ্চার নিবারক দ্রব্য যে মূল্যে ক্রয় করেন সেই মূল্যে তাঁহাদের সেইং দ্রব্য দিতে হইবে ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐং দ্রব্যে মূল্য আদায় হইতে পারিবে।

রাস্তায় গাড়ী প্রভৃতি চালাওনের বিধি।

১৪। কমিশ্যনরেরা হস্তি কি উট লইয়া যাইবার নিমিত্ত মুনিসিপালিটির সীমার অন্তর্গত সরকারী যে পথ নিরূপণ করেন তদ্ভিন্ন কোন পথ দিয়া কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি বিনা হস্তি কি উট লইয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের ২০ বিশ টাকার অনধিক দণ্ড।

১৫। আলগা শাবক অনুগামি ঘুড়ির উপর চড়িয়া কোন ব্যক্তি নগরের মধ্য দিয়া যাইবে না ও কোন ব্যক্তি বড় রাস্তার এত নিকটে জন্তু বাঁধিবে না যে সেই জন্তু উক্ত রাস্তায় গিয়া গাড়ী প্রভৃতির গমনাগমনের ব্যাঘাত বা বাধা করে।

এই বিধি লঙ্ঘনের ৫ পাঁচ টাকার অনধিক দণ্ড।

আগুনের বেলুন ও আতসবাজী ও আগ্নেয় অস্ত্র কি অন্য ক্ষেপণীয় দ্রব্য সরকারী রাস্তার নিকটে ছুড়িবার বিধান ও নিষেধ।

১৬। সভাপতি কি প্রতি নিধি সভাপতির অনুমতি না পাইলে কিম্বা তাঁহার যে ঘণ্টা নিরূপণ করেন তদ্ভিন্ন অন্য সময়ে কোন ব্যক্তি রাস্তায় কি রাস্তার নিকটে অগ্নির বেলুন কি আতশবাজী কি আগ্নেয় অস্ত্র কোন প্রকারের ক্ষেপণীয় দ্রব্য প্রভৃতি ছুড়িবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকার অনধিক দণ্ড

১৭। কমিশ্যনরেরা আইনমতে কোন ব্যক্তির প্রতি কোন তফসীল কি রিটর্ণ দিবার আদেশ করিতে সক্ষম হইলে ও তাঁহার নামে লিখিয়া তাহা দিতে আদেশ করিলে, তিনি সেই আদেশপত্র পাইবার তারিখ অবধি পনের দিনের মধ্যে আইনের ৩৬৭ ধারার নির্দ্দিষ্টমতে কমিশ্যনরদের আফীসে ঐ তফসীল কি রিটর্ণ পাঠাইবেন।

এই বিধি লঙ্ঘনের ৫ পাঁচ টাকার অনধিক দণ্ড হইবে ও যতদিন সেই ত্রুটি করিতে থাকেন তাহার দিন প্রতি ২ দুই টাকার অনধিক দণ্ড হইবে।

১৮। কোন ব্যক্তি কোন ঘরের চাল এমত বাড়াইবেন না যেন তাহার চাল, কিম্বা কোন ঘরের কি অন্য কোঠার নল, যাহাতে কোন রাজপথে কিম্বা সাধারণের গমনাগমনের পথে পড়িতে পারে এমত-ভাবে ঐ ঘরে কি কোঠায় নল কি অন্য কিছু বসাইবেন না কি অন্যকে বসাইতে দিবেন না। কমিশ্যনরেরা উক্ত বর্দ্ধিতাংশ কি নল কি অন্য কিছু তুলিয়া ফেলিতে কি পরিবর্ত্তন করিতে পারিবেন, ও তাহা করিবার খরচ কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় আদায় হইতে পারিবে, কিম্বা উক্ত ঘরের স্বামি কি প্রজাকে সেই নল কি বর্দ্ধিতাংশ তুলিয়া ফেলিবার কিম্বা নোটিস জারী হইবার পর পনের দিনের মধ্যে তাহার প্রয়োজনীয় পরিবর্ত্তন করিবার আজ্ঞা দিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের ৫ পাঁচ টাকার অনধিক দণ্ড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

19 No person shall construct, or place over, or by the side of, any public drain any bridge, platform, building, or structure of any kind except by, and with the written permission of, the Commissioners, and in such manner as they shall direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10, and for continued infringement after notice, a fine not exceeding Rs 3 daily

20 If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway or into any public drain, the owner of such house, wall, or erection shall remove it after notice within the time prescribed by the Commissioners

The penalty for disobedience shall be a fine not exceeding Rs 10 The penalty for continued disobedience after the expiry of the time given in the notice shall be a fine not exceeding Rs 3 daily

21 No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare except in such manner as shall have been first approved by the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, and for continued infringement after notice a daily fine not exceeding Rs 2

22 No person shall steep in any tank, ditch, or hollow within municipal limits any jute, hemp, bamboo, or other vegetable matter likely to render the water of such tank, ditch, or hollow offensive or noxious to persons residing or employed in the neighbourhood

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5, and for continued infringement after notice, a daily fine not exceeding Rs 2

23 The owner or occupier of any nullah, water course ditch, or drain, or of any portion thereof, shall keep such nullah, water course, ditch, or drain, or portion thereof, free from filth, dense vegetation, or other obstruction

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, and for continued infringement after notice, a daily fine not exceeding Rs 3

24 No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground without the permission of the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, and for continued infringement after notice a daily fine not exceeding Rs 2

Of Graves Grave yards, Burning-grounds and Funerals

25 No person shall build or dig, or cause to be built or dug, a grave in any other place than that selected by the Commissioners for that purpose

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

26 No grave shall be re-opened for the reception of another corpse without the permission of the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

27 No person shall build or dig, or cause to be built or dug, a grave which shall be at a less distance than two feet from any other grave

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

28 No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in a grave constructed of masonry in such a manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than five feet from the surface ground, or in a grave not constructed of masonry which shall be less than six feet deep

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

29 No person shall carry a corpse, or part of a corpse, through any highway unless it be decently covered and concealed from public view

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10

D BARBOUR,
Offg Secy. to the Govt of Bengal

[*Government Gazette*, 15*th April* 1879.]

১৯ । কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে সরকারী কোন নর্দ্দমার উপর বা তৎপার্শ্বে সাঁকো কি রোয়াক কি ঘর কিম্বা কোন প্রকারের গাঁথনী নির্ম্মাণ করিবেন না, অনুমতি পাইলেও তাঁহারা যেরূপে আজ্ঞা করেন কেবল সেই রূপে গাঁথিবেন ।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশটাকার অনধিক দণ্ড । নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৩৲ তিন টাকার অনধিক দণ্ড ।

২০ । কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনী কি তাহার কোন ভাগ কোন রাজপথে কিম্বা সরকারী কোন নর্দ্দমায় পড়িয়া গেলে, মুনিসিপল কমিশ্যনরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনীর স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন ।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড । নোটিসের লিখিত সময় অতীত হইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৩ তিন টাকার অনধিক দণ্ড ।

২১ । কোন ব্যক্তি সাধারণের গমনাগমনীয় কোন পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালা দিয়া জল চালাইতে চাহিলে কমিশ্যনরেরা যেরূপে অনুমোদন করেন কেবল সেই রূপে তাহা করিতে পারিবেন নতুবা নয় ।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড । নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকার অনধিক দণ্ড ।

২২ । পাট, কি শণ কি বাঁশ কিম্বা উদ্ভিজ্জ অন্য যে দ্রব্য ভিজাইয়া রাখিলে জল দুর্গন্ধ হইয়া নিকটবাসিদের কি তন্নিকটে কর্ম্মকারিদের অনিষ্টজনক হইতে পারে কোন ব্যক্তি মুনিসিপল সীমার অন্তর্গত কোন কোন পুষ্করিণীতে কি খানায় কি গর্ত্তে তাহা ভিজাইয়া রাখিবেন না ।

এই বিধি লঙ্ঘনের পাঁচ ৫৲ টাকার অনধিক দণ্ড । নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ টাকার অনধিক দণ্ড ।

২৩ । কোন নালার কি জলপ্রণালীর কি গর্ত্তের কি নর্দ্দমার কি তাহার কোন অংশের স্বামী কি দখীলকার সেই নালা কি জলপ্রণালী কি গর্ত্ত কি নর্দ্দমা কি তাহার কোন অংশ সকল প্রকারের ময়লা দ্রব্য কি ঘন জঙ্গল কি অবরোধজনক অন্য দ্রব্য হইতে মুক্ত রাখিবেন ।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড । নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৩ তিনটাকার অনধিক দণ্ড ।

২৪ । কোন ব্যক্তি মুনিসিপল কমিশ্যনরদের অনুমতিবিনা সরকারী কোন ভূমিতে অশ্ব বাঁধিয়া দিবেন না কি গাড়ী সংগ্রহ করিবেন না, কিম্বা তাম্বু ফেলিবেন না ।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড । নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২দুই টাকার অনধিক দণ্ড ।

কবর ও কবরস্থান ও শবদাহ স্থান ও সমাধির কথা ।

২৫ । কমিশ্যনরেরা যেস্থান নিরূপণ করেন তদ্ভিন্ন অন্য স্থানে কোন ব্যক্তি কোন কবর গাঁথিবেন কি খুঁড়িবেন না কি গাঁথাইবেন না কি খনন করাইবেন না ।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড ।

২৬ । কবরে একটি শব দেওয়া গেলে পর কমিশ্যনরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না ।

এই বিধিলঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড ।

২৭ । কোন ব্যক্তি গোরস্থানে কোন কবর গাঁথিলে কি খুঁড়িলে কি গাঁথাইলে কি খনন করাইলে অন্য কবর হইতে দুই ফুটের কম দূরে তাহা করিবেন না ।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকার অনধিক দণ্ড ।

২৮ । কোন ব্যক্তি গোরস্থানের পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে বাক্সের উপরিভাগ যাহাতে মাটীর নীচে পাঁচ ফুটের কম থাকে এমত করবে কিম্বা কাঁচা কবর হইলে ছয় ফুটের কম গভীরে পুঁতিবেন কি পোঁতাইবেন না ।

এই বিধিলঙ্ঘনের ১০৲ দশটাকার অনধিক দণ্ড ।

২৯ । কোন ব্যক্তি কোন শব উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টিহইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন রাজপথ দিয়া লইয়া যাইবে না ।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড ।

ডি, বারবর
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭২ । ১৫ আপ্রিল ।]

JUDICIAL DEPARTMENT

No 2326A.

The 27th March 1879 —Baboo Tiloochun Misser, Tehsildar, or his successor acting for Government, is vested, as a temporary measure, with the powers of a police officer under Act V of 1861 within the pergunnahs of Koira, Solopurdhan, Kumode, and Kolopana, as well as over the whole tract of country in the Bonai State lying on the left bank of the Brahmini He is also appointed an Honorary Magistrate within the above limits, with the power of inflicting fines of not more than Rs 25, and sentences of imprisonment for not more than three months

The Lieutenant-Governor accepts the resignation tendered by Mr. M Buskin of his appointment of an Honorary Magistrate in the district of Sarun.

The 4th April 1879 —Mr W B Martin, Deputy Magistrate and Deputy Collector, Sonthal Pergunnahs, is vested with powers to try summarily the offences mentioned in Section 222 of the Code of Criminal Procedure

The 5th April 1879 —Baboo Ram Dhun Mookerjee is appointed to act as Moonsif of Madehpoorah in Bhagulpore, during the absence, on leave, of Moulvi Atta Hossein, or until further orders

The 7th April 1879 —Baboo Tara Churn Sen is appointed to act as a Moonsif of Brahmunberia in the district of Tipperah, during the absence, on leave, of Baboo Ram Chunder Dhur, or until further orders

The 8th April 1879 —Baboo Brojonath Roy, L L, is appointed to act as Second Sudder Moonsif of Dacca during the absence, on leave, of Baboo Sorbanund Das, or until further orders.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The 2nd April* 1879 —Baboo Sorbanund Dass, Second Moonsif of Dacca, is allowed leave of absence for two months and twenty-one days, under Note 1, Section 31 of the Civil Leave Code, with effect from the 15th instant, or from such subsequent date as he may avail himself of it

The 4th April 1879 —Baboo Lokenath Nundi, Second Moonsif of Bograh, in the district of Rungpore, is allowed leave of absence for two months, under Note 1, Section 31 of the Civil Leave Code, with effect from the 2nd April 1879, or from such date as he may avail himself of it

Baboo Girindro Mohun Chuckerbutty, Second Moonsif of Bhanga, in the district of Furreedpore, is allowed leave of absence for three months, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of that already granted to him on the 27th September 1878

A MACKENZIE,
Secy to the Govt. of Bengal.

NOTIFICATION

The 8th April 1879 —With reference to the above notification of the Government of India in the Foreign Department, the following certificate of the mode in which copies of judicial records are certified in the State of Cooch Behar is published for general information —

"I hereby certify that the mode in which copies of judicial records of the Cooch Behar Courts are certified as correct copies is as follows —

"A copy of the judicial record being made the words 'true copy' are written at the top of the copy, and it is signed by the presiding officer (or, in the case of the Deputy Commissioner's Court, by the Head Clerk and Sheristadar) of the Court in which the original document is recorded, his official designation being added below his signature, and the seal of the Court affixed thus—

True copy

A B

Dewany Ahilkar of Cooch Behar

Seal of the Court

(Sd) G J DALTON,
Deputy Commr."

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal.

[*Government Gazette*, 15*th April* 1879]

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২৩১৬ A নম্বর।

১৮৭৯ সাল ২৭ মার্চ।—তহসীলদার শ্রীযুক্ত বাবু ত্রিলোচন মিশ্রকে কিম্বা গবর্ণমেণ্টের পক্ষে কর্ম্মকারি তাঁহার উত্তর পদধারিকে কিয়ৎকালের নিমিত্তে নয়বা ও বোল প্রধান ও কমোর ও কলোপালা পরগনায় এবং ব্রাহ্মণীর পূর্ব্ব তন্দু বোনই রাজ্যের সমুদয় প্রদেশে ১৮৬১ সালের ৫ আইনমতে পোলীস কর্ম্মচারির ক্ষমতা দেওয়া গেল। তিনি উপরোক্ত সীমামধ্যে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদেও নিযুক্ত হইয়া ২৫০ টাকার অনধিক অর্থদণ্ড ও তিন মাসের অনধিক কয়েদ করিবার ক্ষমতা পাইলেন।

শ্রীযুক্ত এন, বক্লিন সাহেব সারণ জিলার স্বীয় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রাহ্য করিলেন।

১৮৭৯ সাল ৪ আপ্রিল—সাঁওতাল পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুক্ত ডবলিউ, বি মার্টিন সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ৫ আপ্রিল।—শ্রীযুক্ত মৌলবী আব্দুল হসনের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুক্ত বাবু বামন মুখোপাধ্যায় ভাগলপুরের অন্তর্গত মধেপুরার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৭ আপ্রিল।—শ্রীযুক্ত বাবু রামচন্দ্র ধরের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুক্ত বাবু তারাচরণ সেন ত্রিপুরা জিলার অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়ার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৮ আপ্রিল।—শ্রীযুক্ত বাবু সর্ব্বানন্দ দাসের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুক্ত বাবু ব্রজনাথ বায়, এম, এল, ঢাকার দ্বিতীয় সদর মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৭৯ সাল ২ আপ্রিল—ঢাকার দ্বিতীয় মুনসেফ শ্রীযুক্ত বাবু সর্ব্বানন্দ দাস এই মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩১ ধারার ১ নম্বরমতে দুই মাস একুশ দিনের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৪ আপ্রিল।—রঙ্গপুর জিলার অন্তর্গত বগডার দ্বিতীয় মুনসেফ শ্রীযুক্ত বাবু লোকনাথ নন্দী ১৮৭৯ সালের ২ আপ্রিল অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী লন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩১ ধারার ১ নম্বরমতে দুই মাসের ছুটী পাইলেন।

ফরিদপুর জিলার অন্তর্গত ভাঙ্গার দ্বিতীয় মুনসেফ শ্রীযুক্ত বাবু গিরীন্দ্রমোহন চক্রবর্ত্তী ১৮৭৮ সালের ২৭ সেপ্টেম্বরের যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৮ আপ্রিল।—১৮৭৯ সালের ১৮ মার্চের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের প্রথম খণ্ডের ৫৯ পৃষ্ঠায় প্রকাশিত ফরেন্ ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭৯ সালের ৫৩ J নং আপনপত্রোপলক্ষে কুচবেহার ষ্টেটের বিচার কার্য্যসম্পর্কীয় কাগজপত্রের প্রতিলিপি যে রূপে সংসিত করা যায় তাহার নিম্নলিখিত সর্টিফকেট সাধারণের অবগত্যার্থে প্রকাশ করা গেল।

"কুচবিহারের আদালতের বিচার কার্য্যসম্পর্কীয় কাগজপত্রের প্রতিলিপি যেরূপ সংসিত করা গেল তাহার শুদ্ধ প্রতিলিপি যে এই আমি এতদ্দ্বারা ইহা নিশ্চ মতে জানাইতেছি।

"বিচার সম্পর্কীয় কাগজপত্রের প্রতিলিপি করা গেলে, সেই প্রতিলিপির উপরিভাগে প্রকৃত প্রতিলিপি ("true Copy") এই২ কথা লেখা যাইবে, ও আসল দলীল যে আদালতে রিকার্ড করা গেল সেই সেই আদালতে আধিপত্যকারী কর্তৃপক্ষ (কিম্বা ডেপুটী কমিশনরের আদালত হইলে প্রধান কেরাণী ও ও সিরিশ্তাদার) তাহাতে স্বাক্ষর করিয়া সেই স্বাক্ষরের নিম্নভাগে স্বীয় পদের খ্যাতি লিখিবেন ও তাহাতে এইরূপে আদালতের মোহর বসাইবেন যথা।—

প্রকৃত প্রতিলিপি

শ্রী অমুক

কুচবিহারের দেওয়ানী আহিলকার।

আদালতের
মোহর

(স্বাক্ষর) জি, জে ডালটন,
ডেপুটী কমিশ্যনর।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

NOTIFICATION

The 5th April 1879 —With reference to the notification, dated the 25th March 1876, published in the *Calcutta Gazette* of the 29th idem, promulgating rules under sections 18 and 24 of Act I (B C) of 1876 (an Act to provide for the Voluntary Registration of Mahomedan Marriages and Divorces), it is hereby notified for general information that the Lieutenant-Governor has approved the following amended rule, and directs that it be substituted for that bearing the same number —

4 —The limits within which a Mahomedan Registrar shall be licensed to act shall coincide with the limits of a sub-district under the Indian Registration Act or with the jurisdiction of one or more police-stations, as the Lieutenant-Governor may from time to time direct The head quarters shall be at some convenient place within those limits

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal.

NOTIFICATION

The 3rd April 1879 —It is hereby notified that under Section 10 of Act I (B C) of 1869 (an Act for the Prevention of Cruelty to Animals), and under Section 8 of Act III (B C) of 1869 (an Act to enable Police Officers to arrest without warrant persons guilty of cruelty to animals), the Lieutenant-Governor extends the provisions of both those Acts to the Town of Howrah

2 For the purposes of both the said Acts the boundaries of the town shall be the same as those fixed for municipal purposes

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

DECLARATION

The 4th April 1879 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz, for the site of the Mahigunge police station in mouza Mahigunge, chakla Fatehpur, zillah Rungpore, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 2 beeghas 12 cottahs 12 chuttacks of standard measurement, bounded on the north by the road from Mahigunge to Tajhat, on the east by the road from Mahigunge to Domkhatia, on the south by the lands Bahirgola, and on the west by the lands known as Fakerpara or Kinu Fakir's jote, is required

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

COLMAN MACAULAY
Offg Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT

The 31st March 1879

No 79 —*Leave of absence* —Captain G F E S Neill, M S C, Executive Engineer, Third Grade, Darjeeling Division, is allowed privilege leave for three months, under Civil Leave Code, Chapter VII, section 32

No 80 —*Postings* —Mr J S Carey, Executive Engineer, Fourth Grade, having returned from furlough to Europe, is posted to the Hazareebagh Division

No 81 —Mr W H Nightingale, Executive Engineer, Fourth Grade, having returned from furlough to Europe, is posted to the Dinagepore Division.

[*Government Gazette*, 15th *April* 1879]

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৫ আপ্রিল।—মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ১৮ ও ২৪ ধারামত বিধি প্রচার করণ বিষয়ক ১৮৭৬ সালের ২৫ মার্চের যে জ্ঞাপনপত্র ১১ আপ্রিলের বাঙ্গালা গবর্নমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তদুপলক্ষে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নলিখিত সংশোধিত ধারা অনুমোদন করিয়া তাহার যে সংখ্যা আছে সেই সংখ্যা দিবার আদেশ করিলেন।

৪।—ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক আইনমতে সব-রেজিষ্ট্রিকটের যে সীমা আছে, মুসলমান রেজিষ্ট্রার সেই সীমা মধ্যে কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ে২ যেরূপ আদেশ করেন তদনুসারে এক বা অধিক পোলীস থানার এলাকার মধ্যে কর্ম্ম করিবার লাইসেন্স পাইতে পারিবেন।

উঁহার সদর স্থান ঐ সীমার মধ্যে কোন মুনাসিব স্থানে হইবে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৩ আপ্রিল।— শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থ ১৮৬৯ সালের বঙ্গীয় ১ আইনের ১০ ধারামতে ও জন্তুর প্রতি নির্দ্দয়াচারের অপরাধিদিগকে বিনা পরওয়ানায় ধৃত করিতে পোলীস কর্ম্মচারিদের ক্ষমতা বিষয়ক ১৮৬৯ সালের ৩ আইনের ৩ ধারামতে উক্ত উভয় আইনের বিধান হাবড়া নগরে প্রচলিত করিলেন।

২। মুনিসিপাল কার্য্যপক্ষে উক্ত নগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে উক্ত উভয় আইনের কার্য্যপক্ষেও উক্ত নগরের সেই সীমা হইবে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৮ আপ্রিল।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ রঙ্গপুর জিলার অন্তর্গত যতেপুর চাকলার মাহিগঞ্জ মৌজায় মাহিগঞ্জের পোলীস থানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কষ্টিমতে ন্যূনাধিক ক ২॥২৮ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা মাহিগঞ্জ অবধি তাজহাট পর্য্যন্ত পথ, পূর্ব্ব সীমা মাহিগঞ্জ অবধি ডোমখাটিয়া পর্য্যন্ত পথ, বাঁকা সোণা বাহিরগোলার ভূমি, ও পশ্চিম সীমা ফকীরপাড়া বা কিছু ফকীরের যোত নামে খ্যাত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরস্তা বিষয়ক।

১৮৭৯ সাল ৩১ মার্চ।

৭৯ নম্বর।—ছুটী।—দার্জিলিঙ্গ খণ্ডের তৃতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত জি, এফ, ই, এস, নীল সাহেব, এম, এস সি, সিবিল কার্য্যকারকদের ছুটীর নিয়ম ৭ অধ্যায়ের ৩২ ধারামতে তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

৮১ নম্বর।—অবস্থিতির কথা।—চতুর্থ শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এস, কেরি সাহেব ইউরোপ গমনের নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া হাজারীবাগ খণ্ডে অবস্থাপিত হইলেন।

৮১ নম্বর।—চতুর্থ শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এচ, নাইটিঙ্গেল সাহেব ইউরোপ গমনের নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া দিনাজপুর খণ্ডে অবস্থাপিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

The 1st April 1879.

No 82.—*Leave of absence*.—Mr. J. Paterson, Executive Engineer, Fourth Grade, attached to the Dinagepore Division, is allowed furlough for one year, under Civil Leave Code, Chapter IV, section 12.

2. Mr. Paterson is also allowed preparatory leave for one month under the above Code, Chapter VI, section 24.

The 4th April 1879.

No. 84.—Major R. G. Smyth, R.E., Superintending Engineer (temporary rank), Second Grade, Officiating Superintending Engineer, North-Eastern Circle, availed himself of the privilege leave granted* to him from the 22nd March 1879, before noon.

* Bengal Government, Public Works Department, Notification No. 66 of 18th March 1879.

No. 85.—*Notification*.—Mr. F. Sills, Executive Engineer, Fourth Grade, attached to the 1st Calcutta Division, passed in the Departmental Standard on the 25th March 1879.

The 5th April 1879.

No. 86.—*Leave of absence*.—Colonel C. T. Stewart, R.E., Superintending Engineer First Grade, North-Western Circle, is allowed subsidiary leave from the 18th to the 19th March 1879, under Chapter VI, section 24 (*b*) of the Civil Leave Code.

The 7th April 1879.

No. 87.—*Leave of absence*.—Mr. H. Dewes, Executive Engineer, First Grade, attached to the Hazareebagh Division, is allowed privilege leave for two months and fifteen days, under Civil Leave Code, Supplement F, section 12.

No. 88.—*Appointment*.—Mr. J. S. Carey, Executive Engineer, Fourth Grade, attached to the Hazareebagh Division, is appointed to officiate as Executive Engineer of that division during the absence on privilege leave of Mr. H. Dewes, or until further orders.

No. 89.—*Notification*.—A plan and an estimate, amounting to Rs. 16,750, for the construction of barracks and out-offices for the Hooghly Bridge Police, having been submitted by the Bridge Commissioners with their Vice-Chairman's letter No. 803, dated the 12th June 1878, and approved by this Department, the Lieutenant-Governor has sanctioned the project under the provisions of section 35 of Act V (B. L. C.) of 1870, referred to in section 26 of Act IX B. L. C.) of 1871.

No. 90.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India*.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, *viz.* for straightening and widening the Dabdabia road from Jhalakati road to Nalchitti river, in the village of Rupatali, station Sudder, zillah Backergunge, it is hereby declared that for the above purpose a piece of land, about 9,100 feet in length and 75 feet in width, measuring more or less 47 beegahs of standard measurement, is required within the aforesaid village of Rupatali.

2. This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

By order of the Lieutenant-Governor of Bengal,

A. CADELL, *Major-General*, R.E.,
Secy. to the Govt. of Bengal,
P. W. Dept.

IRRIGATION.

NOTIFICATION.—ESTABLISHMENT.

Dated 4th April 1879.

No. 99.—*Leave*.—Mr. F. B. Pemberton, Executive Engineer, Third Grade, Northern Drainage and Embankment Division, is granted furlough for six months on medical certificate, under section 14 of the Civil Leave Code, together with subsidiary leave for fourteen days.

[*Government Gazette*, 15*th April* 1879.]

১৮৭৯ সাল ১ আপ্রিল।

৮২ নম্বর।—ছুটী।—দিনাজপুর খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পেটরসন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ অধ্যায়ের ১২ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

২। শ্রীযুত জে, পেটরসন সাহেব উপরোক্ত বিধির ৬ অধ্যায়ের ২৪ ধারামতে প্রহুত হওনের নিরি-ক্তও ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৪ আপ্রিল।

৮৪ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র ও উত্তরপূর্ব্ব চক্রের একটিং সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত আর, জি, স্মাইথ, সাহেব, আর, ই যে অনুগ্রহের ছুটী পান * তাহা ১৮৭৯ সালের ২২ মার্চের পূর্ব্বাহ্নে গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৯ সালের ১৮ মার্চের ৬৬ নং বিজ্ঞাপন।

৮৫ নম্বর।—বিজ্ঞাপন।—কলিকাতা খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, সিলস সাহেব ১৮৭৯ সালের ২৫ মার্চে কার্য্যবিভাগ সম্পর্কীয় কষ্টিমত পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

১৮৭৯ সাল ৫ আপ্রিল।

৮৬ নম্বর।—ছুটী।—উত্তর পশ্চিমচক্রের প্রথম শ্রেণীর সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র কর্ণেল শ্রীযুত সি, টি, ষ্টুয়ার্ট সাহেব, আর, ই, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২৪ (b) ধারামতে ১৮৭৯ সালের মার্চ মাসের ১৩ তারিখ অবধি ১৯ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৭ আপ্রিল।

৮৭ নম্বর।—ছুটী।—হাজারীবাগ খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এচ, ডিউস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে দুইমাস পনের দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

৮৮ নম্বর।-নিয়োগ।-শ্রীযুত এচ, ডিউস সাহেবের অনুগ্রহের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় হাজারীবাগ খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর এক্‌সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এস কেরি সাহেব উক্ত খণ্ডের এক্‌সেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম কারতে নিযুক্ত হইলেন।

৮৯ নম্বর। বিজ্ঞাপন।—হুগলী নদীর পোলের পোলীসের বারীক ও বাহির বাটীর আফিস প্রস্তুত-করণার্থে ব্রজ কমিশানরেব, আপনাদের প্রতিনিধি সভাপতির ১৮৭৮ সালের ১২ জুনের ৮০৩ নং পত্রের সঙ্গে যে নক্সা ও ১৬ ৭৫০৭ টাকা ব্যয়ের যে অনুমান পত্র পাঠান এই কার্য্যবিভাগকর্ত্তৃক তাহা অনুমোদিত হওয়াতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ৯ আইনের ২৬ ধারায় উল্লিখিত ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারার বিধানমতে তাহা প্রস্তুত করিতে অনুমতি দিলেন।

৯০ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নাকরগঞ্জ জিলার সদর মোকামের অন্তর্গত রূপতালি গ্রামে ঝালকাটী পথ অবধি কলাছিটি নদী পর্য্যন্ত দাবদানিয়া পথ সোজা ও প্রশস্ত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত রূপতালি গ্রামে প্রায় ৯১০০ ফুট দীর্ঘ ও ৭৫ ফুট প্রস্ত অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ৪৭/ বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,
এ, কাডেল, মেজর-জেনেরল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়,

সিরিশ্‌তা.বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৪ আপ্রিল।

৯১ নম্বর।—উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডের তৃতীয় শ্রেণীর একসেটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, বি, লেবটন সাহেব চিকিৎসকের সর্টিফিকট ক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৪ ধারামতে ছয় মাসের নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন চৌদ্দদিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

Dated 7th April 1879.

No 100.—*Notification.*—With reference to the orders marginally noted, Mr. R. H. Rhind, Officiating Superintending Engineer, made over charge of the Orissa Circle on the forenoon of the 29th March 1879 to Major J M. McNeile, R E

Nos 37 and 38, dated 24th January 1879

Mr R H Rhind will revert to his permanent appointment of Executive Engineer, First Grade, with effect from the above date.

No 101 —*Leave* —Mr F G Brooks, Executive Engineer, Second Grade (temporary rank) Northern Drainage and Embankment Division, is granted privilege leave for one month and fifteen days, under section 32 of the Civil Leave Code

No 102 —*Notification* —Lieutenant R H Brown, R E, Assistant Engineer, First Grade, Personal Assistant to the Superintending Engineer, Sone Circle, passed the Departmental Standard on the 21st March 1879

IRRIGATION.

No 103 —*Declaration* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz , for a bungalow at Arrah, zillah Shahabad, it is hereby declared that for the above purpose a strip of land measuring 465 feet in length and 367 feet in width, more or less, and containing 3 acres and 2 roods of land, more or less, bounded on the north by a Government road, east by other portion of the land belonging to this Mouzah, and south by bungalow and compound of Shah Mohiooddin, and west by Mr McNamara's bungalow compound, is required within the village of Pakree, pergunnah Arrah, district Shahabad

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

No 104 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for Kana Nuddee sluice channel in the village of Halara, pergunnah Habelli, zillah Burdwan, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 3 beegahs 15 cottahs 10 chittacks of standard measurement, or about 410 feet in length and a width varying from 220 feet to 100 feet, bounded on the north by Halara village, on the south by the sluice channel, on the east by abandoned embankment, and on the west by Halara village and embankment, is required within the aforesaid village of Halara

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H C LEVINGE,
Joint-Secy to the Govt of Bengal,
in the P. W Dept , Irrigation Branch

১৮৭১ সাল ৭ আপ্রিল ।

১০০ ।—বিজ্ঞাপন ।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে একটিং সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুক্ত আর, এচ, রাইও সাহেব ১৮৭১ সালের ২৯ মার্চের পূর্ব্বাহ্নে সেতর শ্রীযুক্ত জে, এম, মাকনীল, আর, ই, সাহেবের প্রতি উড়িষ্যাসর্কেলের কার্য্যভার অর্পণ করিলেন ।

১৮৭১ সালের ২৪ জানুয়ারি ৩৭ ও ৩৮ নং ।

শ্রীযুক্ত আর, এচ, রাইও সাহেব উপরোক্ত তারিখ অবধি প্রথম শ্রেণীর স্থায়ী এক্‌জেকিটিব ইঞ্জিনিয়রের পদে প্রত্যাগমন করিলেন ।

১০১ নম্বর ।—ছুটী ।—উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডের দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন এক্‌জেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এল, জি ক্রুকস সাহেব সিবিল কার্য্যকারকের ছুটীর বিধির ২২ ধারামতে এক মাস পনের দিনের অনুগ্রহের ছুটী পাইলেন ।

১০২ নম্বর ।—বিজ্ঞাপন ।—সোণ সার্কেলের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের অফীস আসিষ্টাণ্ট প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র লেপ্‌টেনেণ্ট শ্রীযুত আর, এচ, বোস্ সাহেব, আর, ই, ১৮৭১ সালের ২১ মার্চ্চ কারবিভাগ সম্পর্কীয় দক্ষিণহস্ত পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন ।

জলসেচন সম্পর্কীয় ।

১০৩ নম্বর ।—বিজ্ঞাপন ।—সাধারণ কার্য্যের নিমিত্তে অর্থাৎ শাহাবাদ জিলার অন্তর্গত আরার বাসাঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্‌টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল । পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত আরা পরগনার পাকরী গ্রামে ৪৬৫ ফুট দীর্ঘ ও ৩৬৭ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ৩ একর ১ রুড পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন । উক্ত ভূমির উত্তর সীমা গবর্ণমেণ্টের পথ, পূর্ব্ব সীমা এই মৌজার অপরাংশ ভূমি, দক্ষিণ সীমা শাহ মহিউদ্দীনের বাসস্থান ঘর ও হাতা স্থান ও পশ্চিম সীমা মাকনামারা সাহেবের বাঙ্গলা ঘর ও হাতা ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল ।

১০৪ নম্বর ।—সাধারণ কার্য্যের নিমিত্তে অর্থাৎ বর্দ্ধমান জিলার অন্তর্গত হাবেলী পরগনার হালারা গ্রামে কানা নদীর জল নির্গমনের নালা খনন করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্‌টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল । পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত হালারা গ্রামে বর্ত্তমান ন্যূনাধিক ৩৮।।৶ কাটাক পরিমিত অর্থাৎ ৪১০ ফুট দীর্ঘ ও ২১০ অবধি ১০০ ফুট পর্য্যন্ত প্রস্থ একখণ্ড ভূমির প্রয়োজন । উক্ত ভূমির উত্তর সীমা হালারা গ্রাম, দক্ষিণসীমা জল নির্গমনের নালা, পূর্ব্বসীমা উক্ত বাঁধ, ও পশ্চিম সীমা হালারা গ্রাম ও বাঁধ ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল ।

এচ, সি, লেবিঞ্জ,
পবলিক ওয়র্কস ডিপার্টমেণ্টের জল সেচন শাখার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী ।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 22, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২২ আপ্রিল।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নিদ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS

No 2431A

General —*The 10th April* 1879 —Baboo Gunga Nund Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Manbhoom, having returned to duty on the forenoon of the 26th March 1879, the unexpired portion of the leave granted to him under orders of the 15th February last is cancelled.

Mr W R Larminie, Magistrate and Collector, Burdwan, is allowed furlough to Europe for eighteen months, under Section 12 of the Civil Leave Code, with effect from the 6th proximo, together with subsidiary leave for three days, under Section 24(*a*) of the Code.

Mr F Wyer, Magistrate and Collector, Bogra, is appointed to act, until further orders as Magistrate and Collector of Burdwan, *vice* Mr W R Larminie.

Mr J C Veasey, Officiating Joint-Magistrate and Deputy Collector, Bogra, is appointed to act, until further orders, as Magistrate and Collector of Bogra, *vice* Mr F Wyer

Moonshee Majibar Rahman is appointed to act as a Sub-Deputy Collector of the Second Grade, during the absuence, on depurtatiotn, of Shaikh Abdf ooellah, or runtil orders Moonshee Majibar Rahman is posted to Behar, in Patna

Syed Wajid Hossein, temporary Sub Deputy Collector, Patna, is transferred to Hajipore, in Mozufferpore

The 14th April 1879 —Mr A W Mackie, Officiating Joint-Magistrate and Deputy Collector, Backergunge, is vested with the powers of a Collector under Act VII (B C) of 1868

Mr A Manson, C S, reported his departure from India on furlough on the 8th instant

The 15th April 1879 —Baboo Jadub Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector, Chumparun, on leave, is posted to Noakholly for employment on settlement duty

Mr J Whitmore, Officiating Magistrate and Collector, Balasore, is appointed to act, until further orders, in the Second Grade of Magistrates and Collectors

The following officers are appointed to act, until further orders, in the First Grade of Joint-Magistrates and Deputy Collectors —

Mr A C Tute | Mr G Stevenson
Mr J Nugent

The following officers are appointed to act, until further orders, in the Second Grade of Joint-Magistrates and Deputy Collectors —

Mr F H Harding | Mr C M W Brett
Mr H Savage

Mr C. D Field, District and Sessions Judge, Burdwan, is appointed to act, until further orders, in the First Grade of District and Sessions Judges, with effect from the 9th instant, *vice* Mr E Grey

Police —*The 10th April* 1879 —Mr T G Charles, Officiating District Superintendent of Police, Furreedpore, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st proximo, or any subsequent date on which he may be relieved

Mr H V. H Roberts, Officiating District Superintendent of Police, Bankoora, is appointed to act as District Superintendent of Police, Furreedpore, during the absence, on leave, of Mr T G Charles, or until further orders

The 11th April 1879 —Captain H M Ramsay, District Superintendent of Police Patna, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 3rd May 1879

[*Government Gazette*, 22*nd April* 1879]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২৫৩১ A, নম্বর।

সাধারণ।—১৮৭৯ সাল ১০ আপ্রিল।—মানভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গঙ্গানন্দ মুখোপাধ্যায় ১৮৭৯ সালের ২৬ মার্চের পূর্ব্বাহ্নে কর্ম্মে প্রত্যাগমন করাতে গত ফেব্রুয়ারি মাসের ১৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, আর, লার্মিনি সাহেব সিবিল কার্য্যকারকের ছুটীর বিধির ১২ ধারামতে আগামি মাসের ৬ তারিখ অবধি ইউরোপ গমনের আঠার মাসের নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন উক্ত বিধির ২৪ (a) ধারামতে তিন দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

শ্রীযুত ডবলিউ, আর, লার্মিনি সাহেবের পরিবর্ত্তে বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ ওয়াইয়র সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয়, বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এফ, ওয়াইয়র সাহেবের পরিবর্ত্তে বগুড়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, সি, বিসে সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয়, বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত সেখ আবদুল্লার অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত মুনশী মজিবার রহমান দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন। তিনি পাটনার অন্তর্গত বিহারে অবস্থাপিত হইলেন।

পাটনার কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ ওয়াজিদ হুসেন, মজঃফরপুরের অন্তর্গত হাজিপুরে প্রেরিত হইলেন।

১৮৭৯ সাল ১৪ আপ্রিল।—বাকরগঞ্জের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ ডবলিউ, মেকাই সাহেব ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত এ, মাপ্সন সাহেব, সি, এস, নিয়মিত ছুটী লইয়া এই মাসের ৮ তারিখে ভারতবর্ষ হইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।

১৮৭৯ সাল ১৫ আপ্রিল।—ছুটীপ্রাপ্ত চাম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যাদবচন্দ্র ঘোষ বন্দোবস্তী কার্য্যে নিয়োগার্থে নওয়াখালীতে অবস্থাপিত হইলেন।

বালেশ্বরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, উইটমোর সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা যাবৎ অন্য আজ্ঞা না হয় জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এ, সি, টুট সাহেব। | শ্রীযুত জি, টাইমন সাহেব।

শ্রীযুত জে, ক্রেসেণ্ট সাহেব।

নিম্নলিখিত কার্য্যকারকেরা যাবৎ অন্য আজ্ঞা না হয় জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এফ, এচ, বার্ডিং সাহেব। | শ্রীযুত সি এম, ডবলিউ, ব্রেট সাহেব।

শ্রীযুত এচ, সাবজ সাহেব।

শ্রীযুত ই, গ্রে সাহেবের পরিবর্ত্তে বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত জাস, ডি, ফিল্ড সাহেব এই মাসের ৯ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় ডিষ্ট্রিক্ট ও সেশন জজদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পোলীস বিষয়ক।—১৮৭৯ সাল ১০ আপ্রিল।—ফরীদপুরের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত টি, জি চার্লস সাহেব আগামি মাসের ১ তারিখ অবধি অথবা তাঁহার পর যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত টি, জি, চার্লস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কাল অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় বাঁকুড়ার পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, বি, এচ, বরটন সাহেব ফরীদপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৪ আপ্রিল।—পাটনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তেন শ্রীযুত এচ এম, বামসে সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে ১৮৭৯ সালের ৩ মে অবধি তিন মাসের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২২ আপ্রিল।]

Mr W F Smith, Assistant Superintendent of Police, is appointed to act as District Superintendent of Police, Patna, during the absence, on leave, of Captain H M. Ramsay, or until further orders

The 15th April 1879 —The following Probationary Assistant Superintendents of Police are re-appointed to act, until further orders, as Assistant Superintendents of Police in the districts mentioned opposite their names, with effect from the 6th March last —

Mr H S Schurr, Burdwan | Mr E W Payne, Midnapore

Mr A R Wigram, Probationary Assistant Superintendent of Police, is appointed to act, until further orders, as an Assistant Superintendent of Police in Patna, with effect from the 19th ultimo

Registration —*The 3rd April* 1879 —Mr M. Little, Deputy Magistrate and Deputy Collector, Monghyr, is appointed to be *ex-officio* Sub-Registrar of Monghyr, *vice* Mr E B Harris

Education —*The 15th April* 1879 —Mr J. Eliot, Professor, Presidency College, is appointed to act, until further orders, in the Second Class of the Bengal Educational Service, with effect from the 20th January last, *vice* Dr C A Martin, on leave

Opium —*The 14th April* 1879 —Mr H Hastings, Assistant Sub-Deputy Opium Agent, Mynpoorie, is allowed leave on private affairs for six months, under Section 5, Supplement F to the Civil Leave Code, from the 1st May 1879, together with subsidiary leave for fourteen days, under Section 10 of that Supplement

Municipal —*The 7th April* 1879 —Mr A M Salmon, District Engineer, is appointed to be a Commissioner of the Patna Municipality

The following notifications are re-published from the *Assam Gazette* —

No 88 —*The* 31*st March* 1879 —Consequent on the return to duty from furlough of Major A N Phillips, Assistant Commissioner, First Grade, on the 14th March 1879, the following officers will revert to the Second and Third Grades of Assistant Commissioners, with effect from the 15th March 1879 —

Mr G Godfrey, Officiating First Grade Assistant Commissioner, to Second Grade

Mr R G McCabe, Officiating Second Grade Assistant Commissioner, to Third Grade

A Mackenzie,
Secy. to the Govt of Bengal

NOTIFICATION

The 10th April 1879 —In the exercise of the powers conferred on him by Section 234 of the Bengal Municipal Act, 18[illegible], the Lieutenant-Governor is pleased, on the recommendation of the Commissioners of the Municipality of Barrh, in the district of Patna, at a meeting, to order that all the provisions of Part VII of the Act shall be in force in the said Municipality

D Barbour,
Offg Secy to the Govt of Bengal.

The 14th April 1879 —The following notification is published for general information

A. Mackenzie,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

Under Section 5 of Act VI of 1878.

Notice is hereby given that on the 30th day of December 1878, four gold sovereigns and two rupees valued at Rs 42 were found in the Janmaniem tope attached to the Atcheesvaraswami Pagoda, in the village of Atcherawak, in the Madrantakum Taluq, Chingleput district, in the Presidency of Madras, and all persons claiming the above treasure or any part thereof are hereby required to appear personally or by agent before the undersigned at Saidapet on the 1st day of September next.

J. Frederick Price, *Collector.*

Chingleput District Collector's Office, Camp Chingleput, the 21st March 1879

[*Government Gazette*, 22*nd April* 1879]

কাপ্তান শ্রীযুত এচ, এন, রামসে সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, এফ, স্মিথ সাহেব পাটনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৫ আপ্রিল।—পোলীসের নিম্নলিখিত আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্টেরা যাবৎ অন্য আজ্ঞা না হয় আপনং নামের পার্শ্বলিখিত জিলায় গত মার্চ মাসের ৬ তারিখ অবধি পোলীসের আসিষ্টাণ্ট-সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত এচ, এম, শর সাহেব বৰ্দ্ধমানে।—শ্রীযুত ই, ডবলিউ, পেন সাহেব মেদিনীপুরে।

পোলীসের প্রবেশনরি আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, আর, উইগ্রাম সাহেব গত মাসের ১৯ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, পাটনার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৭৯ সাল ৩ আপ্রিল।—শ্রীযুত ই, বি, হারিস সাহেবের পরিবর্ত্তে মুঙ্গেরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এম, লিটল সাহেব স্বীয় পদোপলক্ষে মুঙ্গেরের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৭৯ সাল ১৫ আপ্রিল।—ডাক্তর শ্রীযুত সি, এ, মার্টিন সাহেব ছুটী লওয়াতে প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত জে, এলিয়ট সাহেব গত জানুয়ারি মাসের ২০ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

আফীম বিষয়ক।—১৮৭৯ সাল ১৪ আপ্রিল।—মাইনপুরির আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ, হেষ্টিংস সাহেব নিজ প্রয়োজনের নিমিত্তে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে ১৮৭৯ সালের ১ মে অবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন তাহার উক্ত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে চৌদ্দ দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৭৯ সাল ৭ আপ্রিল।—ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, এম, সালমন সাহেব পাটনা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

৮৮ নম্বর।—১৮৭৯ সাল ৩১ মার্চ।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর মেজর শ্রীযুত এ, এন, ফিলিপস সাহেব নিয়মিত ছুটীহইতে ১৮৭৯ সালের ১৪ মার্চে কর্ম্মে প্রত্যাগমন করাতে নিম্নলিখিত কর্ম্মকারকেরা ১৮৭৯ সালের ১৫ মার্চ অবধি দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনরের পদে প্রত্যাগমন করিবেন।

শ্রীযুত জি, গডফ্রি সাহেব, প্রথম শ্রেণীর একটিং আসিষ্টাণ্ট কমিশ্যনরের পদহইতে দ্বিতীয় শ্রেণীর পদে।

শ্রীযুত আর, জি, মেকেব সাহেব, দ্বিতীয় শ্রেণীর একটিং আসিষ্টাণ্ট কমিশ্যনরের পদহইতে তৃতীয় শ্রেণীর পদে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১০ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের আইনের ২৩৪ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি পাটনা জিলার অন্তর্গত বাঢ় মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ৭ পরিচ্ছেদের সমস্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রবল হইবার আদেশ করিলেন।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৪ আপ্রিল।—নিম্নলিখিত বিজ্ঞাপন সাধারণের জানিবার জন্যে প্রকাশ করা গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৭৮ সালের ৬ আইনের ৫ ধারামত
বিজ্ঞাপন।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে মান্দ্রাজ রাজধানীর অন্তর্গত চিঙ্গলপত্তার জিলাপথ মন্ত্রান তাকম তালুকের আহেরাওয়াক গ্রামে আচিনবর স্বামীর মন্দিরের লাগাও অরিমানিয়েম বাগানে ১৮৭৮ সালের ৩০ ডিসেম্বরে ৪২ টাকা মূল্যের ৪ টী স্বর্ণ সবরেন ও দুইটী টাকা পাওয়া গিয়াছে। উক্ত ধনে বা তাহার কোন অংশে যাঁহাদের দাওয়া থাকে তাঁহাদিগকে সৌদাপত্তে নিম্ন স্বাক্ষরকারির নিকট আগামি সেপ্টেম্বর মাসের ১ তরিখে স্বয়ং বা মোক্তার দ্বারা উপস্থিত হইবার আদেশ করা গেল।

জে, ফ্রেডিক প্রাইস, কালেক্টর।

চিঙ্গলিপৎ জিলার কালেক্টরের আফিস, চিঙ্গলিপৎ শিবির ১৮৭৯ সাল ২১ মার্চ্চ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২২ আপ্রিল।]

DECLARATION.

In either case the person who is bound to remove the carcass shall, in case he fails to remove it himself, be responsible for the expenses of removal by the tax darogah, which may be recovered as a debt due to the Commissioners

For the regulation and management of privies

6 No person shall construct or keep any well-privy or cesspool within municipal limits after due notice has been given by the Commissioners requiring that such privy or cesspool be closed

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 20 The penalty for continued infringement after notice shall be a fine not exceeding Re 1 daily

7 No person shall carry night-soil through the streets except between the hours of 3 A M and 8 A M, or otherwise than in a closely covered receptacle Such night-soil shall be deposited in such places as the Commissioners may set apart for that purpose

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

8. The Commissioners may direct the use of deodorants or disinfectants in any privy or on any premises whenever, and for such period as it may appear to them necessary for the preservation of the public health, or for the prevention of infection . provided that the Commissioners shall be bound to supply deodorants and disinfectants at cost price, the price to be recoverable as a debt due to the Commissioners

The penalty for refusal to use such deodorant or disinfectant shall be a fine not exceeding Re 1 daily

For regulating or prohibiting the use of fire balloons, fireworks, firearms, or missiles near public roads

9 No person shall let off any fire-balloons, fireworks, firearms, or other dangerous missiles in or near any public street without obtaining the written consent of the Chairman of the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

GENERAL BYE-LAWS

10 No person shall put, or cause to be put, on any house or building any spout or other thing intended for the conveyance or discharge of water, which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare, and all persons shall take such measures with regard to existing spouts, conduits, &c, as may be necessary to prevent injury to any public road or thoroughfare

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10 The penalty for continued infringement after notice shall be a fine not exceeding Re 1 daily

11 No person shall in any way obstruct any drain or watercourse, or place therein any substance whereby the discharge of water through such drain may be obstructed

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10 The penalty for continued infringement after notice shall be a daily fine not exceeding Re 1.

12 No person shall without the written orders and instructions of the Commissioners construct any building abutting on any public drain or road, or place any bridge or other structure over any public drain

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 20 The penalty for continued infringement after notice shall be a fine not exceeding Re 1 daily

13 No person shall cut any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in accordance with the written instructions of the Commissioners, who may fill up such channel when they consider it necessary to do so, and may recover the expenses of filling it up from the person by whom, or for whose benefit, the channel was cut

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 20

[*Government Gazette*, *20th May* 1879]

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

৫। কোন ব্যক্তির বাড়ির মধ্যে জন্তু মরিলে, কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের পর ছয় ঘণ্টার মধ্যে, কিম্বা রাত্রিতে মরিলে প্রত্যূষের পর চারি ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন, অথবা টাক্সের দারোগার নিকট ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

জন্তু যে বাড়িতে মরিল সেই বাড়ির দখীলকার সেই জন্তুর স্বামী না হইলেও যাহার জন্তু ছিল তাহাকে জানা থাকিলে তিনি তাহা ফেলাইতে বদ্ধ হইবেন।

উক্ত উভয় স্থলে মরা জন্তু ফেলাইতে যিনি বদ্ধ তিনি তাহা না ফেলাইলে তাহা ফেলাইবার খরচের নিমিত্ত টাক্সের দারোগার নিকট দায়ী হইবেন ও সেই খরচ কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় আদায় হইতে পারিবে।

পাইখানার বিধান ও কার্য্য নির্ব্বাহার্থ বিধি।

৬। কমিশ্যনরেরা পাতকুয়া পাইখানা বা ময়লার গর্ত্ত বন্দ করিবার আদেশ করিয়া উপযুক্ত নোটিস দিলে পর কোন ব্যক্তি মুনিসিপল সীমার মধ্যে তদ্রূপ পাইখানা কি ময়লার গর্ত্ত প্রস্তুত করিবেন না কি রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০ বিশ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ১৲ এক টাকার অনধিক দণ্ড।

৭। কোন ব্যক্তি রাত্রি ৩ টা ও বেলা ৮ টার মধ্য সময় ভিন্ন অন্য সময়ে ও বদ্ধ আধার ভিন্ন অন্য আধারে রাস্তা দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না। কমিশ্যনরেরা বিষ্ঠা জমা করিয়া রাখিবার যে স্থান নিরূপণ করেন সেই স্থানে বিষ্ঠা ফেলিতে হইবে।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৮। মুনিসিপল কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্যে কিম্বা সঞ্চারক রোগ কিম্বা রোগের ব্যাপকতা নিবারণার্থে আবশ্যক বোধ করিলে কোন পাইখানার কি বাটীর মধ্যে দুর্গন্ধনাশক কিম্বা রোগের সঞ্চার নিবারণার্থক অন্য দ্রব্যের ব্যবহার হইবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু এমন স্থলে মুনিসিপল কমিশনরেরা ঐ দুর্গন্ধনাশক কি রোগ সঞ্চার নিবারক দ্রব্য যে মূল্যে ক্রয় করেন সেই মূল্যে তাঁহাদের সেই২ দ্রব্য দিতে হইবে ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ২ দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবে।

সেই দুর্গন্ধনাশক বা রোগসঞ্চার নিবারণার্থক দ্রব্য ব্যবহার না করিলে দিনপ্রতি ১৲ এক টাকার অনধিক দণ্ড হইবে।

আগুনের বেলুন ও আতশবাজী ও আগ্নেয় অস্ত্র কি অন্য ক্ষেপণীয় দ্রব্য সরকারী রাস্তার নিকটে ছুড়িবার বিধান ও নিষেধ।

৯। কমিশ্যনরদের সভাপতির লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি রাস্তায় কি রাস্তার নিকটে অগ্নির বেলুন কি আতশবাজী কি আগ্নেয় অস্ত্র কি শব্দজনক কোন প্রকারের ক্ষেপণীয় দ্রব্য ছুড়িবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

সাধারণ উপবিধি।

১০। কোন ঘরের কি গাঁথনীর ছাদের জল যাহাতে কোন রাজপথে কিম্বা সাধারণের গমনাগমনের পথে পড়িতে পারে কোন ব্যক্তি ঐ ঘরে কি গাঁথনীতে এমত নল কি অন্য বিষয় বসাইবেন না কিম্বা অন্যকে বসাইতে দিবেন না। উল্লিখিত যে নল প্রভৃতি এইক্ষণে আছে তদ্দ্বারা জল পড়িয়া কোন রাজপথের কিম্বা সাধারণের গমনাগমনের পথের যাহাতে হানি না হয় সকল ব্যক্তিই এমত উপায় করিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ১৲ এক টাকার অনধিক দণ্ড।

১১। কোন ব্যক্তি কোন নর্দ্দমা বা জলস্রোত কোনরূপে অবরোধ করিবেন না, কিম্বা সেই নর্দ্দমা দিয়া জল যাইবার বাধা যাহাতে হয় এমত দ্রব্য তাহাতে রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ১৲ এক টাকার অনধিক দণ্ড।

১২। কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি ও আদেশ না পাইলে সরকারী কোন পথের কি নর্দ্দমার পার্শ্বে ঘর কিম্বা কোন প্রকারের গাঁথনী কিম্বা তাহার উপর সাঁকো কি রোয়াক নির্ম্মাণ করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ১৲ এক টাকার অনধিক দণ্ড।

১৩। কোন ব্যক্তি সাধারণের কোন গমনাগমনীয় পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালা দিয়া জল চালাইতে চাহিলে কমিশ্যনরদের লিখিত অনুমতি বিনা তাহা করিতে পারিবেন না। কমিশ্যনরেরা উক্ত কোন নালা ভরাট করা আবশ্যক বোধ করিলে তাহা ভরাট করিয়া দিয়া যে ব্যক্তি সেই নালা কাটিলেন তাঁহার স্থানে কিম্বা যাঁহার উপকারের জন্যে নালা কাটা গেল তাঁহার স্থানে ভরাট করিবার খরচ আদায় করিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২০ মে।]

14 No person shall, without the permission of the Commissioners, steep in any tank, ditch, or pit, or at any of the ghâts reserved by the Commissioners for drinking and bathing purposes within municipal limits, any jute, hemp, or other vegetable matter, or any hides or other animal matter.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

15 No person shall wash in any tank, well, or ditch the clothes or bedding of any person suffering from cholera or from any contagious disease

The penalty for disobedience shall be a fine not exceeding Rs 20

16 No person shall collect, or cause to be collected, on or by the side of any public road or place any manure or other offensive substance, except for the purpose of conveying it away without unreasonable delay

The penalty for infringement shall be a fine not exceeding Rs 3.

17 No person shall tether or graze cattle or other animals on any public highway

The penalty for infringement shall be a fine not exceeding Rs 3.

18 No person shall allow carts to remain standing on any highway unnecessarily long so as to obstruct the passage of passengers or vehicles

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5.

H L HARRISON,
Offg Secy to the Govt of Bengal.

NOTIFICATION

The 5th May 1979.—IN exercise of the powers conferred on him by section 314, Act V (B C) of 1876, the Lieutenant-Governor is pleased to confirm the following Bye-laws, which were made by the Commissioners of the Jessore Municipality at a meeting convened expressly for the purpose, and of which due notice had been given, and in exercise of the powers conferred by section 815 of the same Act, the Lieutenant-Governor is pleased to sanction the penalties for any breach of the said Bye-laws which have been declared by the Commissioners

BYE-LAWS OF THE JESSORE MUNICIPALITY

For regulating the time and mode of collecting taxes

1 Every collecting officer shall be provided with a certificate of his authority to collect and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman Every collecting officer, at the time of demanding payment, shall be bound to show this certificate if required, and no tax-payer shall be bound to pay unless such certificate is shown and a printed receipt tendered

2. For all sums paid on account of any tax mentioned in the Act, a printed receipt signed by the tax collector, showing the quarter for which the sum is paid, the amount of the tax, the number of the holding and of the ward in which it is situated, and the person from whom the tax is levied, shall be given to the person paying the same

3 Bills shall not be made over at one time to any collecting sircar or warrant clerk to a larger amount than that of the security given by him.

4 Every person when required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition in the manner prescribed under section 367 of the Act.

5 Payment of purchase-money for property sold and delivery of the property shall be made immediately after the sale, and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them

For regulating the conduct of persons employed by the Commissioners.

6 The Commissioners shall have power to inflict for neglect of duty a fine not exceeding one month's pay upon any person employed by them.

[*Government Gazette*, 20*th May* 1879.]

১৪। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি বিনা কোন পুষ্করিণীতে কি খানায় কি গর্ত্তে কিম্বা মুনিসিপল সীমার অন্তর্গত যে জলাশয়ের জল কমিশ্যনরেরা পানার্থ কি স্নানার্থ রাখেন তাহার কোন ঘাটে পাট কি শণ বা উদ্ভিজ্জ অন্য দ্রব্য কিম্বা চর্ম্ম বা দৈহিক অন্য পদার্থ ভিজাইয়া রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

১৫। কোন ব্যক্তি ওলাউঠা বা স্পর্শাক্রমক রোগ গ্রস্ত কোন ব্যক্তির কাপড় বা বিছানা কোন পুষ্করণীতে বা কূপে বা গর্ত্তে কাচিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

১৬। কোন ব্যক্তি সার কি দুর্গন্ধজনক অন্য দ্রব্য স্থানান্তরে লইয়া যাইবার নিমিত্ত যুক্তি সঙ্গত যে সময় লাগে তাহার অধিক কাল সরকারী কোন পথে বা স্থানে বা তৎপার্শ্বে জমা করিয়া রাখিবেন বা রাখাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ৩৲ তিন টাকার অনধিক দণ্ড।

১৭। কোন ব্যক্তি কোন রাজপথে গবাদি বা অন্য জন্তু নিগড়াইয়া দিবেন না বা চরাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ৩৲ তিন টাকার অনধিক দণ্ড।

১৮। লোকদের বা যানাদির গমনাগমনের বাধা যাহাতে হয় কোন ব্যক্তি এমত ভাবে সরকারী কোন পথে অনর্থক দীর্ঘকাল গাড়ী দাঁড় করাইয়া রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

এচ, এল, হারিসন্‌,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৫ মে।—যশোহর মুনসিপালিটীর কমিশ্যনরেরা উপযুক্তমত নোটিস দিয়া সভা করিয়া এই জ্ঞাপনপত্রের নিম্নভাগের লিখিত যে২ উপবিধি প্রণয়ন করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের আইনের ৩১৪ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তাহা দৃঢ় করিলেন। এবং উক্ত কমিশ্যনরেরা উক্ত উপবিধি লঙ্ঘন হইলে যে২ দণ্ড ধার্য্য করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত আইনের ৩১৫ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া সেই২ দণ্ডও অনুমোদন করিলেন।

যশোহর মুনিসিপালিটীর উপবিধি।

টাক্স আদায় করিবার সময়ের ও নিয়মের বিধান।

১। টাক্স আদায়কারী প্রত্যেক কর্ম্মকারক টাক্স আদায় করিবার ক্ষমতাসূচক সর্টিফিকট পাইবেন ও প্রত্যেক সর্টিফিকটে মুনিসিপালিটীর মোহর ও সভাপতির স্বাক্ষর থাকিবে। টাক্স আদায়কারি কার্য্যকারকের টাকা চাহিবার কি লইবার সময়ে কোন ব্যক্তি তাঁহার ঐ সর্টিফিকট দেখিতে চাহিলে তাহা তাঁহা দেখাইতে হইবে। উক্ত সর্টিফিকট দেখান না গেলে ও ছাপার রসীদ দেওয়া না গেলে টাক্সদাতা ব্যক্তি টাকা দিতে বদ্ধ হইবেন না।

২। আইনের উল্লিখিত টাক্সের টাকা দেওয়া গেলে, টাক্স আদায়কারির স্বাক্ষরযুক্ত ছাপার রসীদ দেওয়া যাইবে। সেই রসীদে, যে কাটরের টাকা দেওয়া গেল, যত টাকা টাক্স, ঘোড়ের নম্বর ও তাহা যে পল্লীতে আছে ও যে ব্যক্তির স্থানে টাক্স আদায় করা গেল, এই সকল কথা লেখা থাকিবে।

৩। টাক্স আদায়কারি সরকার বা ওরারন্ট ক্লার্ক যত টাকার জামিন দিয়াছেন তাহার অধিক টাকার বিল এক কালে তাঁহার হাতে দেওয়া যাইবে না।

৪। কমিশ্যনরেরা আইনমতে কোন ব্যক্তির প্রতি কোন তফসীল কি রিটর্ণ দিবার আদেশ করিতে সক্ষম হইলে ও তাঁহার নামে লিখিয়া তাহা দিতে আদেশ করিলে তিনি সেই আদেশপত্র পাইবার তারিখ অবধি এক সপ্তাহের মধ্যে আইনের ৩৬৭ ধারার নির্দ্দিষ্টমতে কমিশ্যনরদের আফিসে ঐ তফসীল কি রিটর্ণ পাঠাইবেন।

৫। সম্পত্তির নীলাম হইলে, নীলামের পরই ক্রয়ের টাকা দিতে হইবে ও সম্পত্তি ক্রেতাকে দেওয়া যাইবে। ক্রেতা যত টাকা ডাকিলেন সম্পূর্ণ তত টাকা না দিলে যে কার্য্যকারক ঐ সম্পত্তি ক্রোক করিলেন তিনি স্বীয় বিবেচনামতে সেই কি অন্য দিনে ঐ সম্পত্তি পুনরায় নীলাম করিতে পারিবেন। এমত স্থলে কিছু হানি হইলে প্রথম ক্রেতা কমিশ্যনরদের নিকট সেই হানির দায়ী হইবেন ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের নিযুক্ত ব্যক্তিদের আচরণ বিষয়ক বিধান।

৬। কমিশ্যনরদের নিযুক্ত কোন ব্যক্তি কর্ম্মে শৈথিল্য করিলে, তাঁহারা তাহার এক মাসের বেতন দণ্ড করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২০ মে।]

7 All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners, shall, when required to do so, furnish good security to such amount as the Commissioners may from time to time fix, and any person failing to furnish such security within such time as the Commissioners may appoint shall be held to have thereby forfeited his appointment, and may be removed from office

For the regulation and management of privies

8 No person shall perform any office of nature in any place outside private premises, other than such places as may have been appointed by the Commissioners.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

9 No person shall carry night-soil through the streets, except between the hours of 9 P M and 4 A M, or otherwise than in a closely-covered receptacle, or use any place other than those approved by the Commissioners for the purpose of depositing such night-soil

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 20

10 Within such limits as the Municipal Commissioners at a meeting may appoint, no person shall construct or keep, after prohibition by the Municipal Commissioners, any well-privy

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 20, the penalty for continued infringement shall be a daily fine not exceeding one rupee

For regulating traffic in the streets

11 Every carriage or cart plying in the streets later than one hour after sunset shall carry a light or lights.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

12 No owner of any carriage shall allow it to be driven by a driver under 14 years of age.

The penalty for disobedience on the owner's part shall be a fine not exceeding Rs 10.

13 No long or entire bamboos shall be carried through the streets after sunset either by men or on carts

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

For regulating or prohibiting the use of fire-balloons, fireworks, firearms, or missiles in the vicinity of public roads

14 No one shall let off any fire-balloons, fireworks, firearms, or any missiles in or near any public street without the consent of the Municipal Commissioners previously obtained

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

For regulating the disposal of offensive matter, rubbish, and dead bodies of animals

15 Every person within whose premises any animal may die shall, within four hours after its death, or if death occurs at night, within two hours after daylight, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcass, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated, and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine, and in cases where the said person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

16 No person shall deposit, or cause to be deposited, within the limits of the Municipality, any carcass, or any part of a carcass, in any place other than such places as may from time to time be appointed by the Commissioners for the reception of such carcass

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

Miscellaneous

17 No person shall put, or cause to be put, on any house or other building any spout or other thing intended for the conveyance and discharge of water which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare.

The penalty for infringement or neglect to comply with the Commissioners' order shall be a fine not exceeding Rs 5, the penalty for continued infringement shall be a fine not exceeding Re. 1 daily.

[*Government Gazette, 20th May 1879*]

৭। যাঁহারা এইরূপে কমিশ্যনরদের অধীন কোন পদে আছেন বা পশ্চাৎ নিযুক্ত হন কমিশ্যনরেরা সময়েং যত টাকার জামিন নির্দ্ধার্য্য করেন, আদেশ হইলেই তাঁহাদের তত টাকার উত্তম জামিন দিতে হইবে। কমিশ্যনরেরা যে সময় নির্দ্ধার্য্য করেন কোন ব্যক্তি সেই সময়ের মধ্যে জামিন না দিলে, তাঁহার সেই পদে থাকিবার আর অধিকার নাই জানিতে হইবে, ও তাঁহাকে অবসর করা যাইতে পারিবে।

পাইখানার বিধান ও কার্য্য নির্ব্বাহার্থ বিধি।

৮। কমিশ্যনরেরা যে স্থান নিরূপণ করিয়া দেন তদ্ভিন্ন কোন ব্যক্তি, ব্যক্তিবিশেষের বাটীর বাহিরের কোন স্থানে মল ত্যাগ করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৯। কোন ব্যক্তি রাত্রি ৯ টা ও ৪ টার মধ্য সময় ভিন্ন অন্য সময়ে ও বদ্ধ আধার ভিন্ন অন্য আধারে রাস্তা দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না, কিম্বা কমিশ্যনরেরা বিষ্ঠা জমা করিয়া রাখিবার যে স্থান অনুমোদন করেন তদ্ভিন্ন অন্য স্থানে কোন ব্যক্তি বিষ্ঠা ফেলিবে না।

এই বিধি লঙ্ঘনের ২০ বিশ টাকার অনধিক দণ্ড।

১০। মুনিসিপল কমিশ্যনরেরা সভাগত হইয়া যে সীমা নিরূপণ করেন তন্মধ্যে কোন ব্যক্তি কমিশ্যনরদের দ্বারা নিষিদ্ধ হইলে কোন পাতকুয়া পাইখানা প্রস্তুত করিবেন কি রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড। নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ১৲ এক টাকার অনধিক দণ্ড।

রাস্তায় গাড়ী প্রভৃতি চালাওনের বিধি।

১১। সূর্য্যাস্তের এক ঘণ্টা পরে ঘোড়ার কি গরুর গাড়ী লইয়া রাস্তা দিয়া গমনাগমন করিলে এক কি অধিক আলো জ্বালিয়া যাইবে।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

১২। ঘোড়গাড়ির কোন স্বামী ১৪ চৌদ্দ বৎসরের ন্যূন বয়সের কোন ব্যক্তিকে গাড়ী চালাইতে দিবেন না।

স্বামী এই বিধি অমান্য করিলে ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

১৩। সূর্য্যাস্তের পর মুটে কি গাড়ী করিয়া রাস্তা দিয়া লম্বা কি আস্ত বাঁশ লইয়া যাইতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

আগুনের বেলুন ও আতশবাজী ও অগ্নির অস্ত্র কি অন্য ক্ষেপণীয় দ্রব্য সরকারি রাস্তার নিকটে ছুড়িবার বিধান ও নিষেধ।

১৪। মুনিসিপল কমিশ্যনরদের অনুমতি না পাইলে কোন ব্যক্তি রাস্তায় কি রাস্তার নিকটে অগ্নির বেলুন কি আতশবাজী কি আগ্নেয় অস্ত্র কি কোন প্রকারের ক্ষেপণীয় দ্রব্য ছুড়িবে না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকার অনধিক দণ্ড।

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

১৫। কোন ব্যক্তির বাটীর মধ্যে জন্তু মরিলে, কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের পর চারি ঘণ্টার মধ্যে কিম্বা রাত্রিতে মরিলে প্রভাতের পর দুই ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন, অথবা বাড়ী যে পল্লীতে থাকে সেই পল্লী পরিষ্কার রাখিবার ওবরসিয়রের নিকট ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন। শেষোক্ত স্থলে কমিশ্যনরেরা যে হার ধরেন ঐ ব্যক্তি ওবরসিয়রকে সেই হারে ঐ মরা জন্তু স্থানান্তর করিবার খরচ দিবেন ও কমিশ্যনরদের প্রাপ্য খণের ন্যায় তাঁহার স্থানে ঐ খরচ আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। মরা জন্তু ঐ বাটীর স্বামিরই না হইলে ও যাঁহার জন্তু ছিল ইহা জানা থাকিলে, সেই ব্যক্তিই ঐ খরচের দায়ী হইবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকার অনধিক দণ্ড।

১৬। কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার নিমিত্ত সময়েং যে স্থান নিরূপণ করিয়া দেন, তদ্ভিন্ন অন্য স্থানে কোন ব্যক্তি মরা জন্তু বা জন্তুর অঙ্গ ফেলিবেন বা ফেলাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০ টাকার অনধিক দণ্ড।

সাধারণ উপবিধি।

১৭। কোন ঘরের কি অন্য গাঁথনীর ছাদ হইতে জল পড়িবার যে নল দিয়া সরকারী রাস্তায় কি লোকদের গমনাগমনের পথে জল পড়িতে পারে কোন ব্যক্তি এমত নল বসাইবেন না কি অন্যকে বসাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের কিম্বা কমিশ্যনরদের আজ্ঞা পালন করিতে শৈথিল্য করণের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড। ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ১৲ এক টাকার অনধিক দণ্ড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২০ মে।]

18. The Commissioners, by an order in writing, may direct the owner or occupier of any building to remove within a specified time any existing spout which is so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare

The penalty for infringement or neglect to comply with the Commissioners' order shall be a fine not exceeding Rs 5, the penalty for continued infringement shall be a fine not exceeding Re 1 daily

19. No person shall construct or place over or by the side of any public drain any bridge, platform, building or structure of any kind, except by and with the written permission of the Commissioners and in such manner as they shall direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10; the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs. 3 daily

20 If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection shall remove it after notice within the time prescribed by the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 5 daily

21 No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 2 daily

22 No person shall steep in any tank or ditch within municipal limits any jute, hemp, or other vegetable matter likely to render the water of such tank or ditch offensive or noxious to the neighbourhood. The Commissioners may, if they see fit, remove this prohibition from certain tanks, ditches, &c, within the limits of the Municipality

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 2 daily

23 No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any nullah or watercourse, and the Commissioners may order the removal of such obstruction

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 4 daily.

24 The owner or occupier of any part of the bank of any nullah or watercourse shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall after two hours' notice allow the Commissioners or any of their servants duly authorized to have access to such nullah or watercourse for any purpose of public conservancy

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 5 daily

25. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-out animal on any highway

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

26 No person shall picket any animal on any public road, or collect carts so as to impede general traffic on any public road

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

27 No person shall, without the written permission of the Commissioners, take an elephant along any of the public roads within the Municipality, except by such route as shall be fixed for the purpose by the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

28 No person shall allow any pigs to be at large, unless in charge of a herdsman

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5, the penalty for continued infringement after notice shall be a fine not exceeding Rs 2 daily.

29 No person shall cut grass from the banks or sides of any roads or from any public place within municipal limits, except with the permission of the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10.

[*Government Gazette*, *20th May* 1879.]

১৮। তদ্রূপ বসান যে নল দ্বারা সরকারী রাস্তার কি লোকদের গমনাগমনের পথে জল পড়ে কমিশ্যনরেরা উক্ত গৃহাদির স্বামীর বা দখিলকারকে লিখিত আজ্ঞা ক্রমে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই নলগুলিয়া ফেলিবার আজ্ঞা করিবেন।

এই বিধি লঙ্ঘনের কিম্বা কমিশ্যনরদের আজ্ঞা পালন করিতে বৈপরীত্য করণের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড। ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ১৲ টাকার অনধিক দণ্ড।

১৯। কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে সরকারী কোন নর্দ্দামার উপরে বা তৎপার্শ্বে কোন সাঁকো কি বোয়াক কি পাকা কি অন্য প্রকারে গাঁথনী নির্ম্মাণ করিবেন না ও রাখিবেন না। ঐ অনুমতি পাইলেও তাঁহারা যেরূপ আজ্ঞা করেন কেবল সেই রূপে তাহা গাঁথিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৩৲ টাকার অনধিক দণ্ড।

২০। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনি কি তাহার কোন ভাগ রাজপথে কিম্বা সরকারী কোন নর্দ্দামায় পড়িয়া গেলে কমিশ্যনরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনির স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড হইবে।

২১। কোন ব্যক্তি সাধারণের গমনাগমনীয় কোন পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালা দিয়া জল চালাইতে চাহিলে, কমিশ্যনরেরা যেরূপে অনুমোদন করেন কেবল সেই রূপে তাহা করিতে পারিবেন, নতুবা পারিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকার অনধিক দণ্ড। ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ২৲ দুই টাকার অনধিক দণ্ড হইবে।

২২। পাট, কি শণ কিম্বা উদ্ভিজ্জ অন্য যে দ্রব্য ভিজাইয়া রাখিলে নদীর কি পুষ্করিণীর গর্ত্তের জল দুর্গন্ধ হইয়া নিকট বাসিদের অনিষ্টজনক হইতে পারে কোন ব্যক্তি মুনিসিপাল সীমার অন্তর্গত কোন পুষ্করিণীতে কি গর্ত্তে তাহা ভিজাইয়া রাখিবেন না। ও কমিশ্যনরেরা উচিত বোধ করিলে মুনিসিপালিটীর সীমার অন্তর্গত কোন পুষ্করিণী সম্বন্ধে পাট প্রভৃতি এই নিষেধ শিথিল রহিত করিতে পারিবেন।

এই বিধিলঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড। ক্রমিক লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকার অনধিক দণ্ড।

২৩। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি কোন নালার কি জল প্রণালীতে বাধক কোন বিষয় রাখিবেন, না, রাখিলে কমিশ্যনরেরা সেই অবরোধক বিষয় স্থানান্তর করিবার আজ্ঞা দিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস দেওয়া গেলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিনপ্রতি ৪৲ চারি টাকার অনধিক দণ্ড।

২৪। কোন নালার কি জলপ্রণালীর তীরের কোন অংশের স্বামী কি দখীলকার সেই অংশটি সকল প্রকারের ময়লা দ্রব্য কি বন জঙ্গল কি অবরোধজনক অন্য দ্রব্য হইতে মুক্ত রাখিবেন ও দুই ঘণ্টা পূর্ব্বে নোটিস পাইলে সাধারণের পক্ষে পরিষ্কার করণের কোন কার্য্যহেতুক কমিশ্যনরদিগকে কি তাঁহাদের উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোনচাকর দিগকে সর্ব্বসময়ে ঐ নালার কি জল প্রণালীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

২৫। কোন ব্যক্তি কোন রাজপথে কোন রুগ্ন বা জীর্ণ জন্তু ছাড়িয়া দিবেন না দেওয়াইবেন না, কি আপনি কি অন্য দ্বারা ঐ জন্তুকে এলোভাবে যাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

২৬। সাধারণ বাণিয্য কার্য্যের বাধা যাহাতে হয় কোনব্যক্তিএমতভাবে সরকারী কোন পথে গবাদি বাঁধিবেন না কি গাড়ী জমাকরিয়া রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

২৭। কমিশ্যনরেরা হস্তী লইয়া যাইবার নিমিত্ত যে পথ নিরূপণ করেন তদ্ভিন্ন মুনিসিপালিটীর অন্তর্গত কোন পথ দিয়া কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি বিনা হস্তি লইয়া যাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকার অনধিক দণ্ড।

২৮। কোন ব্যক্তি রক্ষকের সঙ্গ ভিন্ন শূকর ছাড়িয়া দিবে না,

এই বিধি লঙ্ঘনের ৫৲ টাকার অনধিক দণ্ড, । নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে, দিনপ্রতি ২৲ দুই টাকার অনধিক দণ্ড।

২৯। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি বিনা মুনিসিপাল সীমার অন্তর্গত কোন পথের ধারের বা পার্শ্বের কিম্বা সরকারী কোন স্থানের ঘাস তুলিবে না।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ২০ মে।]

For regulating burning ghâts and burial grounds.

30. No person shall dispose, or cause to be disposed, of any corpse or any part of a corpse, otherwise than by burning or burying it at or in some burning or burial ground fixed by the Commissioners.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10.

31. No person shall bury, or cause to be buried, any corpse or part of a corpse in any burial ground in a grave constructed of masonry in such a manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than three feet from the surface ground.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10.

32 No person shall bury, or cause to be buried, in any burial ground any corpse or part of a corpse in a grave not constructed of masonry which shall be less than five feet deep.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10.

33 No person shall dig or build, or cause to be dug or built, any grave in any burial ground at a less distance than four feet from any other existing grave.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

34 No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20.

35 Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or part thereof, to any burning ground shall burn or cause the same to be burnt within four hours after its arrival at the said burning ground

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 20.

36. No person when burning, or causing to be burnt, any corpse or part of a corpse in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes, or shall permit the clothes or other articles connected with the burning of such corpse to remain at or near such burning ground, unless the same be completely reduced to ashes

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20.

37 No one shall carry a corpse through any highway unless it be decently covered and totally concealed from public view.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10.

38 No person while carrying any corpse or part of a corpse through any part of the Municipality shall deposit it on or near any public highway, except for the purpose of rest.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

39 Every corpse or part of a corpse that has been kept or used for purposes of dissection must be removed in a closed vehicle

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20.

H. L HARRISON,
Offg Secy. to the Govt of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No 2938A.

The 30th April 1879 —The Lieutenant Governor accepts the resignation tendered by Coomar Kanty Chunder Singh of his appointment of Presidency Magistrate.

The 6th May 1879 —Baboo Rajendro Nath Roy, Deputy Magistrate and Deputy Collector, Gya, is vested with the powers of a Magistrate of the Second Class.

The 7th May 1879 —Baboo Amirto Lall Chatterjee, Judge of the Courts of Small Causes of Dacca and Moonshegunge, is allowed leave for three months, under Rule 1, Section 43 of the Civil Leave Code, with effect from the afternoon of the 28th ultimo.

Baboo Amirto Lal Pal, B L, Moonsif of Burdwan, is appointed to act as Judge of the Courts of Small Causes of Dacca and Moonsheegunge, during the absence, on leave, of Baboo Amirto Lall Chatterjee, or until further orders.

[*Government Gazette*, *20th May* 1879.]

শবদাহ করিবার ঘাটের ও কবরস্থানের বিধান।

৩০। কমিশ্যনরেরা শবদাহ করিবার কি কবর দিবার নিমিত্ত যে স্থান নিরূপণ করেন তদ্ভিন্ন কোন স্থানে কোন ব্যক্তি শব কি শবের কোন অঙ্গ দাহ করিবেন কি করাইবেন না কিম্বা কবর দিবেন কি দেওয়াইবেন না।

এই বিধিলঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৩১। কোন ব্যক্তি গোরস্তানের পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে বাক্সের উপরিভাগ কিম্বা বাক্স না থাকিলে শবের উপরিভাগ যাহাতে মাটির নীচে তিন ফুটের কম না থাকে এমত করে পুতিবেন কি পোঁতাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড।

৩২। কোন ব্যক্তি গোরস্তানের কাঁচা কবরে কোন শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে কি পোঁতাইলে কবর পাঁচ ফুটের কম গভীর হইতে দিবে না।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড।

৩৩। কোন ব্যক্তি গোরস্তানে কোন কবর বাঁধিলে কি খুঁড়িলে কি বাঁধাইলে কি খনন করাইলে অন্য কবর হইতে চারি ফুটের কম দূরে তাহা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০ বিশ টাকার অনধিক দণ্ড।

৩৪। কবরে একটি শব দেওয়া গেলে পর কমিশ্যনরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের ২০ বিশ টাকার অনধিক দণ্ড।

৩৫। কোন ব্যক্তি শবদাহ করিবার স্থানে শব কি শবের কোন অংশ আনিলে কি বহন করিলে কি আনাইলে কি বহন করাইলে, সেই স্থানে আনিবার পর চারি ঘণ্টার মধ্যে তাহা দাহ করিবে কি করাইবে।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৩৬। কোন ব্যক্তি শবদাহ করিবার স্থানে শব কি শবের কোন অংশ দাহ করিলে কি করাইলে, যত ক্ষণ সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা যায় ততক্ষণ তাহা কি তাহার কোন অংশ ত্যাগ করিতে দিবে না কি সেই শব দাহ করণ সম্পর্কে যে কাষ্ঠ কি অন্য দ্রব্য ব্যবহার হইয়া থাকে, তাহা সম্পূর্ণরূপে ভস্মসাৎ না করা গেলে ঐ দাহ করিবার স্থানে কি তন্নিকটে পড়িয়া থাকিতে দিবে না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

৩৭। কোন ব্যক্তি কোন শব কি শবের অঙ্গ উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টি হইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন রাজ পথ দিয়া লইয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৩৮। কোন ব্যক্তি শব কি শবের অংশ মুনিসিপালিটীর কোন অংশ দিয়া লইয়া যাইতে বিশ্রামার্থ ভিন্ন অন্য কারণে সাধারণের গমনাগমনের পথে কি তাহার পার্শ্বে ঐ শব রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৩৯। যে শব বা শবের যে অংশ ছেদ কার্য্যের নিমিত্ত রাখা গেল বা তৎ কার্য্যের ব্যবহৃত হইল তাহা বদ্ধযানে লইয়া যাইতে হইবে।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

এচ, এল, হারিসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

২৯৩৮ A নম্বর।

১৮৭৯ সাল ৩০ আপ্রিল।—শ্রীযুক্ত কুমার কান্তিচন্দ্র সিংহ প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রহণ করিলেন।

১৮৭৯ সাল ৬ মে।—গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু রাজেন্দ্রনাথ রায় দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ৭ মে।—ঢাকা ও মুনশীগঞ্জের ছোট আদালতের জজ শ্রীযুক্ত বাবু অমৃত লাল চট্টোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪৩ ধারার ১ প্রকরণমতে গতমাসের ২৮ তারিখের অপরাহ্ন অবধি তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুক্ত বাবু অমৃতলাল চট্টোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় বর্দ্ধমানের মুনসেফ শ্রীযুক্ত বাবু অমৃতলাল পাল, বি, এল, ঢাকা ও মুনশীগঞ্জের ছোট আদালতের জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২০ মে।]

Mr. Avinasa Chundra Mittra, Barrister-at-Law, is appointed to act as a Moonsif in the district of Burdwan during the absence, on deputation, of Baboo Amirto Lal Pal, M.L., or until further orders.

Mr. Mittra will ordinarily be employed in the Sudder Moonsiffee of the Burdwan district

The 9th May 1879.—Mr. Rajkishen Sen, Barrister-at-Law, Third Moonsif of Berhampore, and Additional Moonsif of Azimgunge, in Moorshedabad, is appointed to be a Moonsif in the district of Moorshedabad.

Mr Sen will ordinarily be employed at the Sudder Station of the district.

The 12th May 1879 —Baboo Radha Madhub Bose, Officiating Deputy Magistrate and Deputy Collector, Lohardugga, is vested with the power to try cases under Act I of 1878 (the Opium Act) in that district.

The 13th May 1879 —Baboo Khettro Mohun Mookerjee, a Moonsiff of Bassirhat, is allowed leave for one month, under section 10, Supplement F to the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 10th April 1879.

HORACE A COCKERELL,
Secy to the Govt. of Bengal

DECLARATION

The 7th May 1879—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, viz for establishing an outpost at Parsurambaut under the jurisdiction of the Chagalnya Police Station in the district of Noakholly, it is hereby declared that for the above purpose a piece of land measuring three beeghas, ten kottas, and fifteen chuttacks (3bghs 10kh 15chs.), more or less, in mouzah Kolapara, is required. It is bounded on the north by Moraging, on the south by the paddy fields of Bodyanath's tank; on the east by a footpath, and on the west by Parsuram Bazar

This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT

The 9th May 1879

No 122 —*Notification* —Mr. P J Neuville, Executive Engineer, Third Grade, assumed charge of the Third Calcutta Division on the 1st May 1879, before noon

The 10th May 1879.

No 123 —*Leave of Absence* —Mr A. H Tyndall, Executive Engineer, Third Grade, attached to the Darjeeling Division, availed himself of the preparatory leave granted* to him from the 26th April 1879, afternoon, and furlough from the 4th May 1879

* Bengal Government (Public Works Department) Notification No 98, of the 10th April 1879

No. 124 —Mr F. Sills, Executive Engineer, Fourth Grade, attached to the First Calcutta Division, availed himself of the preparatory leave granted† to him from the 24th April 1879, afternoon, and furlough from the 4th May 1879

† Bengal Government (Public Works Department) Notification No 97, of the 17th April 1879

(LOCAL COMMUNICATIONS)

The 12th May 1879.

No 125 —*Declaration under section 6 of Act X of 1870 of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the construction of

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু অমৃতলাল পাল, বি, এল, অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় বারিষ্টার-আট-লা শ্রীযুত অবিনাশচন্দ্র মিত্র বর্দ্ধমান জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

উক্ত শ্রীযুত মিত্র সাধারণতঃ বর্দ্ধমান জিলার সদর মুনসেফীতে নিযুক্ত থাকিবেন।

১৮৭৯ সাল ৯ মে।—মুরশিদাবাদের অন্তর্গত বহরমপুরের তৃতীয় মুনসেফ ও আজীমগঞ্জের আডিশ্যানল মুনসেফ বারিষ্টার-আট-লা শ্রীযুত বালকৃষ্ণ সেন, মুরশিদাবাদ জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইলেন।

উক্ত শ্রীযুত সেন সাধারণতঃ উক্ত জিলার সদর মুনসেফীতে নিযুক্ত থাকিবেন।

১৮৭৯ সাল ১২ মে।—লোহারডগার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধামাধব বসু, উক্ত জিলার আফীমবিষয়ক ১৮৭৮ সালের ১ আইনমত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ১৩ মে।—বর্শীরহাটের অস্থায়ী মুনসেফ শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায় ১৮৭৯ সালের ১০ আপ্রিলের আরম্ভে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৭ মে।—নওয়াখালীজিলার অন্তর্গত ছাগলনয়া পোলীস থানার এলাকার পরশুরাম হাটে ফাঁড়ি স্থাপন করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কোলা পাড়া মৌজায় ন্যূনাধিক ৩৷৷০ (৮৬) ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা মোর গিজা, দক্ষিণ সীমা বৈদ্যনাথের পুষ্করিণীর ধান্যের ভূমি, পূর্ব্ব সীমা পদব্রজে গমনের পথ, ও পশ্চিম সীমা পরশুরাম বাজার।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারায় বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেন্ট।

সিবিল্ডিং বিষয়ক।

১৮৭৯ সাল ৯ মে।

১২২ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত পি, জে, মিউবিল সাহেব ১৮৭৯ সালের ১ মের পূর্ব্বাহ্নে কলিকাতার তৃতীয় খণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৮৭৯ সাল ১০ মে।

১২৩ নম্বর।—ছুটী।—নার্থসিঙ্গ খণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, এচ, টিওেল সাহেব প্রস্তুত হওনার্থে যে ছুটী পান* তাহা ১৮৭৯ সালের ২১ আপ্রিলের অপরাহ্ণ অবধি ও নিয়মিত ছুটী ১৮৭৯ সালের ৪ মে অবধি গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেন্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ১৮৭৯ সালের ১২ আপ্রিলের ১৮ নং বিজ্ঞাপন।

১২৪ নম্বর।—কলিকাতা প্রথম খণ্ডে নিযুক্ত চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এক সিলস সাহেব, প্রস্তুত হওনার্থে যে ছুটী পান † তাহা ১৮৭৯ সালের ২৪ আপ্রিলের অপরাহ্ণ অবধি ও নিয়মিত ছুটী ১৮৭৯ সালের ৪ মে অবধি গ্রহণ করিলেন।

† বঙ্গদেশের গবর্ণমেন্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ১৮৭৯ সালের ১৭ আপ্রিলের ২১ নং বিজ্ঞাপন।

(স্থানীয় বর্ত্মনি বিষয়ক)

১৮৭৯ সাল ১২ মে।

১২৫ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত দক্ষিণ সাহাজপুর দ্বীপে জয়নগর ও মোহনপুরা ও যানপুরা ও লক্ষ্মাপুরা ও বড় মানিকা ও পেটমানিকা গ্রামের মধ্য দিয়া তজুমদ্দীহাট অবধি কালীগঞ্জ

a road from Tarnirhat to Kaligunge running through the villages of Jaynagar, Mahanpura, Dhanpura, Lakhipura, Baramanika, and Petmanika, in the island of Dakhin Shabazpore, zillah Backergunge, it is hereby declared that for the above purpose a piece of land seven and a half miles in length and 80 feet in breadth, measuring more or less 220 bighas 11 cottahs and one chittack of standard measurement, is required within the aforesaid villages of Jaynagar, Mahanpura, Dhanpura, Lakhipura, Baramanika, and Petmanika

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

By order of the Lieutenant-Governor of Bengal,

T H WICKES,
Offg Asst Secy to the Govt. of Bengal,
in the P. W. Dept.

IRRIGATION.

The 13th May 1879

No 140 —*Notifications* —It is hereby notified, under Section 2 of the Canals' Act of 1864 [No V (B C)], that the provisions of the said Act shall apply to the following navigable channel from the 1st May 1879 —

Canal taking off from the 5th mile of the Midnapore canal in the Khurruckpore Pergunnah and terminating at Naraingbur, in Pergunnah Naraingbur, both in the district of Midnapore The length of the channel is 17 miles, and is commonly called the "Naraingbur Distributary"

H C LEVINGE,
Joint-Secy to the Govt of Bengal,
in the P. W Dept, Irrigation Branch

পর্য্যন্ত পথ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত জয়নগর ও মোহনপুরা ও খামপুরা ও লক্ষ্মীপুরা ও বড় মানিক ও পেটমানিকা গ্রামে ৭।। মাইল দীর্ঘ ও ৮০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ২২০।।১/ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

টি, এচ, উইল্স,

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়,

১৮৭৯ সাল ১৩ মে।

১৪০ নম্বর।—বিজ্ঞাপন।—খাল বিষয়ক ১৮৬৪ সালের বঙ্গীয় ৫ আইনের ২ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের বিধান ১৮৭৯ সালের ১ মে অবধি নিম্নলিখিত নৌকাগম্য খালে বর্ত্তিবে।

মেদিনীপুর জিলার অন্তর্গত খরকপুর পরগনায় মেদিনীপুর খালের ৫ মাইলে উল্লিত হইয়া নারায়ণগড় পরগনার অন্তর্গত নারায়ণগড়পর্য্যন্ত যে খাল যায় তাহা। এই খাল ১৭ মাইল দীর্ঘ ও সাধারণতঃ "নারায়ণগড় জল বিতরণের নালা" নামে খ্যাত।

এচ, সি, লেবিঞ্জ,

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

Numb. 2078 ২০৭৮ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 27, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৭ মে।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS

No 3005A

GENERAL.—*The* 10*th May* 1879.—Mr R H Wilson, Magistrate and Collector, Midnapore, is appointed to act as Secretary to the Board of Revenue during the absence, on deputation, of Mr H L Harrison, or until further orders

Baboo Lolit Mohun Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is allowed leave for seven days, under section 10, Supplement F to the Civil Leave Code

Mr C H Swinden, Officiating Deputy Magistrate and Deputy Collector, on settlement duty in the Sonthal Pergunnahs is allowed leave for two months, under rule 2, section 13, Supplement F to the Civil Leave Code, with effect from the 8th instant

Baboo Protab Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Perozepore, Backergunge, is allowed leave of absence for one month, under section 10, Supplement F to the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 31st March last

Baboo Nobin Krishna Banerjee, Sub-Deputy Collector, at present employed in the License Tax Department in the district of Jessore, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 16th instant

The 13*th May* 1879.—Baboo Issur Chunder Paul, Officiating Sub Deputy Collector, employed on survey work in Midnapore, is appointed to be also Assistant Superintendent of Survey, under section 4, Act V (B C) of 1875, in the districts of Midnapore, Hooghly, Burdwan, Bankoora, Balasore, Maunbhoom, and Singbhoom for the purposes of the Midnapore Survey

The orders of the 25th March last, granting one month's privilege leave to Baboo Nobin Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, Madaripore, Furreedpore, and appointing Baboo Shoshi Sikur Dutt, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, to have temporary charge of the Madaripore division, are cancelled

Baboo Mohini Mohun Chuckerbutty, Deputy Magistrate and Deputy Collector, Patuakhally, Backergunge, is allowed leave for one month and fifteen days under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it

Baboo Dino Nath Addy, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, is appointed to have charge of the Patuakhally division of that district during the absence, on leave, of Baboo Mohini Mohun Chuckerbutty, or until further orders

Moulvi Bazlul Karim, Officiating Deputy Magistrate and Deputy Collector, Manbhoom, is transferred temporarily to the Sudder Station of the Purneah district

Baboo Gopal Chunder Mitter, Deputy Magistrate and Deputy Collector, is posted to Manbhoom, on being relieved of his duties as 2nd Special Commissioner under the Chota Nagpore Tenures Act in Lohardugga

The orders of the 31st March last, granting three months' privilege leave to Mr W Heysham, Deputy Collector, employed in acquiring land for the East Indian Railway, are cancelled

Baboo Nobinkristo Sircar, Deputy Magistrate and Deputy Collector, Maldah, on leave, is posted to the Sudder Station of the Moorshedabad district

The orders of the 16th January last, transferring Baboo Soorja Coomar Sen, Deputy Magistrate and Deputy Collector, Perozepore, Backergunge, to Moorshedabad, are cancelled

The orders of the 17th ultimo, transferring Baboo Nobin Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, Madaripore, Furreedpore, to Perozepore, in the district of Backergunge, are cancelled

Mr A Burooah, Officiating Joint-Magistrate and Deputy Collector, Jehanabad, Burdwan is transferred to Dinagepore

Baboo Hurrokali Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, is transferred to Burdwan, and is appointed to have charge of the Jehanabad division of that district

[*Government Gazette*, 27*th May* 1879]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আদেশ।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

৩০০৫ A নম্বর।

সাধারণ।—১৮৭৯ সাল ১০ মে।—রাজশাহী বিভাগের কমিশনর শ্রীযুত এচ, এল, হারিসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর, এচ, উইলসন সাহেব রেবিনিউ বোর্ডের সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু ললিত মোহন চট্টোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে সাত দিনের ছুটী পাইলেন।

সাঁওতাল পরগণায় বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত সি, এচ, সুইণ্ডেল সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১৩ ধারার ২ প্রকরণমতে এই মাসের ৮ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইলেন।

